The first point made by Tagore in his speech was that anybody, in any country or in any age, who had glorified truth, beauty and goodness was a universal man who belonged to all countries and all ages. Those who had given shapes to any beauty or had given expression to any noble idea, in life or in literature or in any form of fine art, belonged to no particular age. That was the reason why the Indians had to welcome Shelley as someone who was their own. The distance of a century was no bar. Rather, it had brought Shelley closer to the people of the world. He was like one of those far-away stars whose light took a long time to reach the world. (Tagore's analogy once again brings to our mind the fact that one so often and so naturally thinks of light and luminaries when one thinks of the poet who was a 'sun-treader'.)

Next, Tagore reminded us how Shelley had no place in the country of his birth. He had to spend most of his life as an exile, away from his native land. That wretched exile then found a home in all the countries of the world. At one time England drove Shelley away by branding him an atheist and a rebel. It was all for the good. England's self-imposed loss turned out to be the world's gain. Shelley's poetry is extraordinarily musical and even foreigners with a working knowledge of English can appreciate that. Shelley had

Scanned with ACE Scanner

such a wonderful mastery of the English language that he could utilize the words in his poetry as if by magic. Here was a man who was a complete poet; that is, he transformed his entire life into poetry. His mind, nay, his entire life, was immersed in the atmosphere of imagination. That is why he had often been considered as eccentric. He had his own doctrines and those were of a mad poet. But the pure madness of a high order is divinely inspired. It is precisely because of this, says Tagore, why the message of the mad poet still retains its freshness. Tagore has here hit upon the eternal relevance of Shelley. Shelley, like Tagore himself, is a visionary, a dreamer of dreams. Like the heroes of another so-called atheist before him, Christopher Marlowe, he is always goaded by *l'amour de l'impossible*, love of the unattainable, the desire of the moth for the star, of the night for the morrow.

VIII

T. S. Eliot and F. R. Leavis were critically too myopic to appreciate this visionary aspect of Shelley's genius and so they curtly dismissed him as a poet for adolescents. It was fashionable to be anti-romantic and they just toed the line. They were blissfully unaware of the fact that it is by our dreams and visions that we live and Shelley and Tagore are romantic poets who inspire us to see visions and dream dreams. They are incorrigible idealists and invest poetry with new meaning only because they give new dignity to human life.

Tagore, no less than Shelley and Browning, was ever a fighter. They fought for the cause of humanity itself. Occasional and superficial didacticism of Shelley and Tagore (they in reality hated poetry that had a palpable design) should not be allowed to divert us from the profoundness of their vision. We need this vision as our own is fading fast, and where there is no vision, the people perish.

Scanned with ACE Scanner

THE POETIC PERSONA OF JIBANANANDA

ALOKERANJAN DASGUPTA

It would not be true to maintain that in spite of some surface resemblance in his earlier verses Jibanananda Das owed anything of substance too the English neo-Romanticism of the 19th Century. Although his name has been associated with that of Wordsworth as a poet of nature, he never asks his readers to be interested in him as an individual as Wordsworth does. He is, in fact, related not to Wordsworth, but to W. B. Yeats as a symbolic poet. That Yeats was inspired by Mallarmé during his stay in France is evident from such remarks about symbolism as 'the only movement that is saying new things.' It is interesting to note that Tagore termed Yeats a 'Poet of the World' in contrast to 'Poetical poet' and placed him in the same class as Wordsworth with this remark, 'his true adornment is his lack of dress'. In the essay that Tagore wrote about Yeats in 1912, he mentioned Yeats' 'The Wanderings of Oisin' which was published in 1889. The later Yeats, it may be said, was unfamiliar to Tagore. Perhaps Tagore did not study closely Yeats' initiation to Symbolism through Mallarmé. The post-Tagore Bengali poets, especially Jibanananda Das, felt drawn to the later Yeats in their inner urge to say 'new things' either through personal symbols or through mythology, oriental and occidental. In his book of verse 'Dhusar Pandulipi' Jibanananda created the symbol of the Wild Swan journeying through the moonlight night. It is furthermore in this book that we first come across numerous images distorting the senses, a distinct trait of symbolic poetry, such as 'misty scent of paddy' or 'odour of sleep'.

Ours has never been a symbolism exclusively modelled upon that of Mallarmé. True, Mallarmé has been beautifully rendered into Bengali, and French symbolism has, to an extent, reinforced its Bengali counterpart.

Our symbolist idiosyncrasies border on responsibilities that lend an element of impetuosity to the idiom. Our onomatopoetical and

Scanned with ACE Scanner

semasiological concerns are much more committed to some sort of purposiveness, and our identities are revealed through the vehicle of symbols. I quote a stanza from Sudhindranath Dutta's 'The Ostrich' :

"You hear me well : and yet you try
To hide within the desert's fold.
Her shadows shrink until they die,
While dead horizons cannot hold,
The quick mirage, and never near,
The cruel sky is mute and blue.
The hunter stalks to phantom deer ;
He loses all by losing you.
The sands are heedless. Why run on,
When tell-tale footprints point the way?
Your pre-historic friends are gone,
And, all alone, you stand at bay."

(translated by the poet)

The poet, despite his implicit faith in symbolic reticence, identifies himself with his ostrich and is relentlessly sincere. He makes the spirit of empathy glow with all its perfection. Sudhindranath here combines the courtly with the confessional, but the residue is an ethos that gnaws away the somewhat non-committal quality which marks a French symbolist poem.

In 1936 Tagore quotes, in 'The Religion of an Artist', a poem by Blake to support his view that a true poem transcends its material, its 'biographical bondage', and compares it to a dewdrop which is 'a perfect integrity that has no filial memory of the parentage'. Some nine years later, Heinrich Zimmer proclaims : "We of the West, on the other hand, regard world history as a biography of mankind, and in particular of occidental man ... Biography is that form of seeing and representing which concentrates on the unique, the induplicable, any portion of existence, and then brings out the sense-and-direction-giving existence. We think of egos, individuals, lives, not of life." Our modern poets, however, have largely drawn upon mythology to express their biographical concerns. One could, upon seeing the results, call this a sort of *mythomania*, because myth is here not used to vivify the antiquities, but only moulded in accordance with the volitional need of the poet.

While Sudhindranath adheres to the mythological episode to express his lust for life and ultimately his *Weltanschauung*, Bishnu

Scanned with ACE Scanner

Dey is not content, with mere 're-phrasing of the myth' but is intent upon confusing Yayati and Zeus in an enthymeme of concealed imagery to bring out his introverted attitude. Achieving this, he transubstantiates Occident into Orient. Whatever may be the differences between Sudhindranath and Bishnu Dey, they follow Eliot with his Gerontius in their conscious handling of the 'objective correlative'.

But this was not enough. Jibanananda Das, whose poetry assimilates all the literary movements beginning from the Pre-Raphaelites down to the Surrealists, was keenly aware of the Yeatsian *Anima Mundi*, and yet at the same time longed like Blake to create a system of his own. This is a fragment from his poem 'Twenty Years After' :

"It is dark perhaps,
And Autumn is upon us.
Some day, twenty years hence,
By change I may meet you in the cornfield again.
the homing rooks are on the way to their nests.
And the river like a deep throb of expectation
Lies pale at our feet.
Reeds, fields, fall of leaves and quiet of
Time holding us mute."

(translated by the poet)

Written after the earlier Yeats, the poem shuns the recent triumph of Art over Nature. But Jibanananda's chief concern has been to shape his nostalgia, autobiographical myth. That he succeeded is illustrated in his celebrated poem 'Banalata Sen' :

"Long I have been a wanderer of this world ;
Many a night,
My route lay across the sea of Ceylon somewhat winding to
The seas of Malaya.
I was in the dim world of Bimbisar and Asok, and further off,
In the mistiness of Vidarbha.
At moments when life was too much a sea of sounds,
I had Banalata Sen of Natore and her wisdom.

I remember her hair dark as night at Vidisha,
Her face an image of Sravasti as the pilot,
Undone in the blue milieu of the sea,
Never twice saw the earth of grass before him,

Scanned with ACE Scanner

I have seen her, Banalata Sen of Natore.
When day is done, no fall somewhere but of dews
Dips into the dusk; the smell of the sun is gone
Off the Kestrel's wings. Light is your wit now,
I am ready with my stock of tales
For Banalata Sen of Natore."

(translated by the poet)

This actually is the re-emergence of myth in a juxtaposition of images resulting in *coenesthesia.* Confronted with the world of shattered values, the poet marks his song 'a coat covered with embroideries out of old mythologies', and yet is intrinsically personal to the core. The sojourner travels down the highlighted passages of an imaginative history and returns to his moorings. 'The point of excursion is home' is an aphorism particularly tenable here and points to this basic idea of Indian modernity that it strives for a home amidst all its homelessness.[1]

The question is : Is this a deliberate mystification or is there a case of treating poetry as a spiritual act to set apart from the sceptic eyes of the critic? Brajendranath Seal (1864-1938), a Guru of the school of new criticism, advocated at the turn of the century the crowning transfiguration, or the birth of a new emotion as a tone of harmony, transfiguring, the *imaginative material.* One notices that here the critic avoids the term 'material'. Even today, one observes a kind of hide-and-seek on the part of the creator with the receptor who would like to spell out the causation of a poem.

Would it be, for the time being, wrong to say *that the creator lurking in the creation* fascinates the Indian mind, whereas the *creator outside the creation* distinguishes the occident? Would it be wrong to maintain that in Jibanananda we discern that both these orientations — Eastern and Western — coalesce so as to form a dynamic legacy in the context of contemporary Bengali Poetry?

[Edited by Debatosh Basu]

Notes :

1. see : Alokeranjan Dasgupta, 'Response to Modernism', in : Translations of the Indian Institute of Advanced Study, Simla, 1968.

Scanned with ACE Scanner

SECTION - II

JIBANANANDA DAS AND NEO-ROMANTICISM IN BENGALI POETRY

জীবনানন্দ দাশ : অনুভবের প্রকৃত কণ্ঠস্বর

Scanned with ACE Scanner

আমাদের হাড়ে এক নির্ধূম আনন্দ আছে জেনে
পঙ্কিল সময়স্রোতে চলিতেছি ভেসে ;
তা না হলে সকলই হারায়ে যেত ক্ষমাহীন রক্তে—নিরুদ্দেশে।
(জীবনানন্দ দাশ : 'কবিতা', 'সাতটি তারার তিমির')

Scanned with ACE Scanner

প্রাক্‌কথন

কবি জীবনানন্দ দাসের জন্মের শতবার্ষিক বর্ষাপন উপলক্ষে ১৯৯৯ সালের ২৩ ডিসেম্বর ঠাকুরপুকুর বিবেকানন্দ কলেজের একটি গভীরতাস্পর্শী আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছিল সারা দিনব্যাপী। সেই আলোচনাচক্রে দ্বিতীয়ার্ধের অধিবেশনে আমার উপর বর্তেছিল সভাপতিত্বের দায়িত্ব। এই দায়ভার গ্রহণের ব্যাপারে আমার ব্যক্তিগত যোগ্যতা সম্পর্কে আমি সেদিন এবং আজও ঘোরতর সন্দিহান, তবে সেই সানন্দ কৃত্যে যোগদান করে অনুগৃহীত ও কৃতজ্ঞ হয়েছিলাম তা স্বীকার করতে আপত্তি নেই।

এখানে, প্রসঙ্গত কয়েকটি কথা এসে যায়। প্রথমত, সারাদেশের নানা প্রান্তে জীবনানন্দের শতবর্ষ উদ্‌যাপন নানা ভাবে হয়ে থাকলেও এ ব্যাপারে বিবেকানন্দ কলেজের সকর্মক উদ্‌যোগ অন্যতর এক বিশেষ দ্যোতনাসম্পন্ন — কারণ জীবনানন্দ একদা এই শিক্ষাসত্রে অধ্যাপনা করে গেছেন। অবশ্য তাঁর কর্মক্ষেত্র যে বিবেকানন্দ কলেজে ছিল তার অবস্থান বড়িশা অঞ্চলে চৌরাস্তা সন্নিহিত। সেই কলেজের এখনকার পোষাকী নাম: বিবেকানন্দ কলেজ ফর উইমেন। ১৯৫৯ সালে ঐ শিক্ষাকেন্দ্রটি প্রাক্ স্নাতক নারী শিক্ষার জন্য স্বতন্ত্র হয়ে যায় এবং ঠাকুরপুকুরের নবনির্মিত বিশদ ও প্রশস্ত ভবনে বিবেকানন্দ কলেজের বৃহত্তর সত্রটি গড়ে ওঠে সহশিক্ষার ধাঁচে। ঠাকুরপুকুরের বিবেকানন্দ কলেজ ভবনে জীবনানন্দের পদপাত ঘটেনি একথা সত্য, তবু শেষ সত্য নয়। কেননা এখানেও রয়ে গেছে তাঁর জীবনানুষঙ্গ ও স্মৃতি — সহকর্মীদের কথালাপে, স্মরণ মালিকায় উজ্জীবনে। অন্তত আমি তা টের পেতাম, যেহেতু এই কলেজে ১৯৫৮–১৯৬০ সালে জীবনের প্রথম অধ্যাপনা পটে আমি দুটি ভবনেই কাজ করেছি এবং জীবনানন্দের সহকর্মীদের উষ্ণ সান্নিধ্যে তাঁর প্রসঙ্গ বহুভাবে শুনেছি। একে বলা যেতে পারে এক আশ্চর্য সমাপতন, তা যে, জীবনানন্দ প্রেমী আমার তখনকার চব্বিশ-পঁচিশ বছর বয়সী সত্তা শুশ্রূষা পাচ্ছিল নানা স্মৃতিকাতর বর্ণন ও অনুষঙ্গের। তার কয়েকবছর আগে কবির প্রয়াণ ঘটেছে। তবে তাঁর কোনো আলোকচিত্র বা আলেখ্য অধ্যাপক-কক্ষে শোভিত ছিল বলে মনে পড়ে না। তার কারণও খুব স্পষ্ট। প্রয়াণের অনেক পরে, প্রায় এক দশক পরে, জীবনানন্দ ব্যাপকভাবে পঠিত ও পুনঃপঠিত হতে থাকেন। তাঁর কবিতা ও নামের এখনকার প্রসারণ ও পরিচিতি তখন অকল্পনীয় ছিল। তাঁর কাব্য প্রত্যয় ও কবিভাষার অবগুণ্ঠিত মহিমা ও অন্তর্ভাষ্য — তাঁর মৌলিক উচ্চারণ ও অননুকরনীয় লজ তখনও কাব্যপ্রেমী গরিষ্ঠ বঙ্গবাসীর হৃদয়ঙ্গম হয়নি। জীবনানন্দের সামান্য কজন

Scanned with ACE Scanner

প্রাক্তন সহকর্মী হয়তো তাঁদের তৎকালীন চিন্তা ও চেতনায় সেই কবিপুরুষের ভবিষ্যৎ দেশব্যাপী সুদীর্ঘ প্রতিমার ধারণাও করতে পারেননি। যতদূর জানি, তাঁর সময়ের কলেজ কর্তৃপক্ষ তাঁর প্রতি খুব অনুকম্পায়ী ছিলেন না। ক্রান্তদর্শী সেই কবির আপন মুদ্রাদোষে ও লাজুক অন্তর্গুপ্ত স্বভাবের কারণে হয়তো ছাত্রপ্রিয়তাও ততটা ছিল না। এইসব নানা কারণে তাঁর অনুষঙ্গ সেই কলেজে কেবল স্মৃতিধার্য হয়ে ছিল হাতে-গোনা কজন সহকর্মীদের চকিত বিহ্বলতায়। মানুষটি কোনো অর্থেই তো গড়পড়তা ছিলেন না। তাই অধ্যাপক-কক্ষে অন্য দুয়েকজন সদ্যপ্রয়াত অধ্যাপকদের পাশে নিয়মরক্ষার মতো তাঁর আলেখ্য তেমন মানানসই হত কি? অজর অক্ষর অধ্যাপক হবার কোনো প্রিয়সাধ তাঁর ছিল না। সে সময়ে সেই কবির কবিতার অনুধ্যানের চেয়ে বেশি ভাবে রটিত ছিল তাঁর মৃত্যুর ভয়াবহতার করুণ বৃত্তান্ত এবং সেই প্রসঙ্গে তাঁর অন্যমনস্ক আত্মমগ্ন স্বভাব সম্পর্কে উল্লেখ।

তাঁর প্রয়াণের এতবছর পরে, সেই শিক্ষাসত্রেই তাঁর সম্পর্কে এক ভাবগম্ভীর আলোচনাচক্রের আয়োজন যেমন প্রাক্তন অচেতনতার ক্ষালন তেমনই সদুৎসুক ও শ্রদ্ধাপূর্ণ বর্তমানের প্রকৃত হৃদ্য অবলোকন। এ কাজে নানা অধিকারী ও বিদগ্ধ জনের সঙ্গে আমারও সংযোগ ভাগ্যের কথা। আলোচনা বৃত্তটির শিরোনাম ছিল 'Jibananda Das and Neo-Romanticism in Bengali Poetry: A Postscript'। ইংরিজির আবরণ সরালে বোঝা যাবে এ-প্রয়াস আসলে নামান্তরে জীবনানন্দের কবিসত্তার এক নব উন্মোচন — প্রবীণ ও নবীনের দৃষ্টিকোণ থেকে। সেদিনকার ভাষণ ও পঠনের এক লেখ্য রূপ বর্তমান সংকলনে গ্রথিত হয়েছ।

রচনাগুলির উপস্থাপনার সুযোগে দুয়েকটি কথা বলা চলে। যেমন রবীন্দ্রনাথের গানে বলা হয়েছে 'আপনাকে এই জানা আমার ফুরাবে না' তেমনই পঞ্চাশের দশক থেকে আমরা যারা জীবনানন্দের পাঠক, তারা তাঁর কবিতা পাঠ করে করে, অচেনাকে চিনে চিনে, কেবলই যেন আত্মাবলোকনের নব নব স্তর পেরোচ্ছি। তাতে যে অনুভব হচ্ছে তাকে বলা চলে, রবীন্দ্রনাট্য সংলাপের ঢঙে 'বারেবারেই নতুন, ফিরে ফিরেই নতুন'। প্রকৃতপক্ষে এটাই সৎ কাব্যের লক্ষণ এবং যেকোনো মহৎ আর্টের অন্তঃস্বভাব। চলতি হাওয়ায় তার সম্পূর্ণ বিচার ও পরিগ্রহণ হয় না — অপেক্ষা করতে হয়, অনেকক্ষেত্রে যুগযুগান্তের পরিসরেও। এ সব সার সত্য আমাদের অভিজ্ঞতাতেই ধরা পড়েছে। আমার সহপাঠি বন্ধু, কবি দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় আজ জীবনানন্দের প্রসঙ্গে সবচেয়ে প্রতিষ্ঠিত ভাষ্যকার ও সন্ধানী। অথচ ছাত্রকালে, অর্থাৎ পঞ্চাশের দশকে, নির্জনতম সেই মগ্ন কবির রচনা তাঁকে তেমন গ্রস্ত করেনি। তিনি বিবেকানন্দ কলেজের ঐ সভায়, আমাকে সাক্ষী মেনে বলেন, আমাদের কাছে সেকালে অনেক আকর্ষণীয় ছিলেন সুধীন্দ্রনাথ দত্ত। কথাটি তাঁর ও আমার পক্ষে সত্য। সেইসঙ্গে কবুল করা উচিত যে, 'কবিতা' পত্রিকার গোগ্রাসী পাঠক বলে আমাদের পক্ষপাত ছিল অমিয় চক্রবর্তী, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, নরেশ গুহ ও

Scanned with ACE Scanner

অরুণ কুমার সরকারের কবিতার প্রতি[illegible]। তবে সুধীন্দ্রনাথের শব্দ সম্ভার, তাঁর রাজসিক চেহারা, অসামান্য আবৃত্তি কুশলতা ও বংশগত কৌলীন্য আমাদের অনেকটাই আচ্ছন্ন করে রেখেছিল। তখনকার বাংলা কবিতার ক্ষেত্রে দুজনের বস্তুত নেতৃত্ব ছিল স্বতঃসিদ্ধ ও স্বাভাবিক। যদিও বুদ্ধিমার্গী বিষ্ণু দে-কে ঘিরে অনুরাগীদের বলয়টি ছিল শক্তপোক্ত, তবু, কবিতা ভবনের অমোঘ টানে সে সময় কে না মজেছে? আবু সয়ীদ আইয়ুব ও হীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় সংকলিত আধুনিক বাংলা কবিতার সম্ভারটি তখন দুষ্প্রাপ্য ও অমুদ্রিত। স্বতই নতুন একটি সংকলন প্রণয়নের ভার পড়ে বুদ্ধদেবের উপর এবং তাঁর সংকলিত 'আধুনিক বাংলা কবিতা' তখন থেকে এখনও সবচেয়ে মান্য ও বহুল প্রচারিত অ্যানথোলজি। কাজেই তাঁর মতামত ও মন্তব্য আমাদের মতো স্নাতকোত্তর শ্রেণীর ছাত্রদের অনেকটাই প্রভাবিত করত। জীবনানন্দ সম্পর্কে বুদ্ধদেব এক কালে ছিলেন অশ্রান্ত প্রচারক ও গভীর অনুরাগী। তাঁর বহু বিখ্যাত কবিতা প্রথম প্রকাশের মুখ দেখেছিল 'কবিতা'-র পৃষ্ঠায়, দুজনের বন্ধুতার সংবেদনও ছিল উদাহরণীয়। কিন্তু জীবনানন্দের উত্তরকাব্য ও কবিসত্তার উত্তরণে তাঁর তেমন সায় ছিল না। 'ধূসর পাণ্ডুলিপি' ও 'বনলতা সেন' পর্যন্ত তিনি বুদ্ধদেবের প্রশ্রয় পান। 'মহাপৃথিবী' এবং 'সাতটি তারার তিমির' পর্যায়ে জীবনানন্দের রচনা বুদ্ধদেবের খুব রোচক লাগেনি।

কিন্তু ততদিনে জীবনানন্দের পাঠকভাগ্য তৈরি হয়ে গেছে। তাঁকে নিয়ে এবং তাঁর কবিতার গূঢ় প্রাগ্রসরতা বিষয়ে আলাপ আলোচনা লেখালেখি ব্যাপক না হলেও, চলছে। সঞ্জয় ভট্টাচার্য এ ব্যাপারে খুব সকর্মক কাজ করছিলেন তাঁর 'পূর্বাশা'-র পৃষ্ঠায়। মোটকথা, পাঠকমনে অন্য জীবনানন্দের একটি অনতিস্পষ্ট কিন্তু মৌলিক বিগ্রহ জেগে উঠছিল। 'রূপসী বাংলা'-র চকিত উন্মোচন খানিকটা ঘোর জাগালেও, বহু সমাজ ইতিহাস সচেতন পাঠক এক নতুন জীবনানন্দকে আবিষ্কার করতে থাকলেন যিনি কল্পজগতের বাইরে কিংবা সুররিয়ালিজমের কুহেলি ছিন্ন করে দাঁড়াতে চাইছিলেন অধিবাস্তবতার স্পষ্টতায়। ইতিহাস ব্যাখ্যার এক অভিনব বয়ান যেন কালপুরুষের মতো তাঁর কণ্ঠে উচ্চারিত হচ্ছিল। 'মহাপৃথিবী'-তেই যার সূচনা বিন্দু লক্ষ করা যাচ্ছিল — 'সাতটি তারার তিমির' ও বেলা-অবেলা কালবেলা'য় তা স্পষ্টতর হল। এবারে পাঠকদের চৈতন্যে শুরু হল দ্বন্দ্বের বিন্যাস— নির্জনতম না মহাজীবনের ভাষ্যকার এই কবি? ইত্যবসরে 'অনুক্ত' পত্রিকার পৃষ্ঠায় হঠাৎ ঝলকিত হল তাঁর কয়েকটি গল্প যা এতদিন অপ্রকাশিত ও অজানা ছিল। অচিরে 'মাল্যবান' ও 'সুতীর্থ' নামে দুটি গদ্য আখ্যান প্রকাশিত হয়ে উপন্যাসের নতুন আততির সন্ধান এনে দিল।

লেখা বাহুল্য যে জীবনানন্দের মরণোত্তর কালে প্রকাশিত বহুতর গদ্য পদ্য উচ্চারণ আমাদের কেবলই বিহ্বল ও হতচকিত করে দেয়। তাঁর সেই নির্জনতম বিশেষণটি টলমল করে, জলাভূমিতে জেগে উঠতে থাকে বিস্তৃত রৌদ্রোজ্জ্বল, চর। কিন্তু ইতিমধ্যে তরুণতম বাঙালি কবিদের মধ্যে কখন অলক্ষ্যে এসে গেছে

Scanned with ACE Scanner

জীবনানন্দের অমোঘ সংক্রাম। তিরিশের কবিদের সবরকম প্রাচী-প্রতীচির সচেতন সম্মোহন ভেঙে ক্রমশ পরাক্রান্ত হয়ে উঠছে জীবনানন্দের দেশজ অভিজ্ঞান, তাঁকে আবিষ্কার করছেন শুধু নতুন কাব্যপ্রেমিকরাই নয়, পুরানোরাও। যেমন দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় বহুদিনের প্রযত্নে তাঁর জীবনানন্দের পুনঃপাঠের ভিত্তিতে এবং পত্রপত্রিকা ঘেঁটে রচনা করে ফেলেন জীবনানন্দের বিকাশ ও প্রতিষ্ঠার বৃত্তান্ত, এক চাউস বই লিখে। কেবলই স্পষ্ট হতে থাকে এই সত্য যে, রবীন্দ্রোত্তর কালের সবচেয়ে কালে-কালোত্তরে প্রসারিত প্রাতিস্বিক এই কবি তাঁর ভাবনায়, ভাষায়, উপমায়, প্রতিমায় ও স্বভাবে একেবারে ভিন্ন পথের পদাতিক। বঙ্গভারতীর তন্ত্রীতে তিনি প্রকৃতই এক নতুন তার যোজনা করতে এসেছিলেন, শুরু করেছিলেন পাঠকদের দীক্ষিত মনের সঙ্গে অনির্বচনীয় সংলাপ। সেই সংলাপস্বভাবত গোপ্য এবং কবি-পাঠকের আত্মআস্বাদনে অনবদ্য।

ষাটের দশকের সূচনা থেকেই বাংলা কাব্যে জীবনানন্দ যুগের প্রারম্ভ, এবং তার প্রবহমানতা নতুন শতাব্দীতে কিছুমাত্র ম্লান হয়নি। বরং শতবার্ষিক চর্চার সূত্রে উন্মোচিত হয়ে চলেছে তাঁর অপূর্বকল্পিত নানা রচনার পরিচয়। প্রধানত দেবেশ রায়ের আগ্রহে ও সম্পাদনায় প্রকাশিত হয়েছে 'জীবনানন্দ রচনা সমগ্র' কয়েক খণ্ডে। তবুও তা সামগ্রিক জীবনানন্দের সম্পূর্ণ রচনাবলিতে উদ্ভাসিত করতে পারেনি কারণ ভূমেন্দ্র গুহ-র প্রয়াস ও সম্পাদনায় বেরিয়ে চলেছে জীবনানন্দের বহু ধরনের গদ্য রচনা, পত্রাবলি ও ডায়েরি। তার ফলে আধুনিক কালের সবচেয়ে মৌলিক কবিভাষার অধিকারী মানুষটির অনন্য বিগ্রহ ভেঙে তৈরি হচ্ছে অন্যতর এক জীবনানন্দ—গদ্য রচনার কারুবাসনা নিয়ে নিভৃতে অন্তহীন অধ্যবসায়ে যিনি নতুনতর বাংলা গদ্যের পরিশীলনে ব্রতী ছিলেন।

এখানে সুযোগ পেয়ে একটু আত্মগরিমার কথা বলে রাখি। জীবনানন্দ তাঁর প্রয়াণের আগে শ্রেষ্ঠ কবিতার যে সংকলনটি চমৎকার ভূমিকা নিয়ে প্রকাশ করেছিলেন (প্রকাশক : নাভনা) ১৯৫৪ সালে, ইন্দ্র দুগারের আঁকা সবুজ পাতার অনবদ্য প্রচ্ছদে, তা আমাদের বিশ্ববিদ্যালয় জীবনে সদাসঙ্গী হয়ে উঠছিল। ক্রমে ক্রমে তাঁর বিকাশ ও প্রতিষ্ঠা, বলতে গেলে, আমাদের সমসময়ের ব্যাপার। আমাদের দেশে মরণোত্তর কালে এমন স্তরে স্তরে একজন কবির উজ্জীবন এবং পাঠক পরিধির এত বিস্ময়কর বিস্ফার কখনও ঘটেনি। সচকিত হয়ে পাঠকরা জানতে থাকেন, জীবনানন্দের অপ্রকাশিত উচ্চাভিলাষী রচনার সমারোহ বার্তা—যার অনেকটাই গদ্য। সেসব আখ্যান যেন অন্যরকমের, অন্যতর বিন্যাসে সুদূর অথচ আকর্ষনীয়। তাকে সম্পূর্ণ অধিগত করার মতো মন এখনও আমাদের গড়ে ওঠেনি (তাঁর কবিতার জন্যও কি আমরা তৈরি ছিলাম?), কিন্তু তাকে উপেক্ষা করাও কঠিন। এমন এক বিচিত্র অনুভূতি আমাকে গ্রাস করে আশির দশকের গোড়ায়, যখন সহসা তাঁর অনামা পাণ্ডুলিপি (পরে নামকরণ করা হয় 'জলপাইহাটি') হাতে আসে।

Scanned with ACE Scanner

কাহিনীটি একটু জমিয়ে বলবার মতো। তখন 'ঝিলমিলি' পত্রিকার প্রকাশনার তোড়জোড় উদ্যোগ চলছে। (ত্রৈমাসিক ছিল পত্রিকাটি বা 'ঝিলমিলি' পত্রিকা ১৩৬০) সালের জুলাই মাস থেকে ধারাবাহিক ভাবে পর পর ১৭ কিস্তিতে প্রকাশিত হয়। আমার ওপরে ছিল মূল দায়িত্ব। সহায়ক ছিলেন বন্ধু কবি নিখিলকুমার নন্দী। (এখন প্রয়াত)। তিনি একদা জীবনানন্দের পুত্রকন্যার গৃহশিক্ষক ছিলেন। তাঁর কাছেই আমরা জেনে জীবনানন্দের অপ্রকাশিত রচনার হদিশ। পরিবারের একটি পাণ্ডুলিপি তিনি আনলেন। পরবর্তীতে 'ঝিলমিলি'-র প্রথম সংখ্যা থেকে সেটি ধারাবাহিক প্রকাশিত হয় এ-জন্য কবির পুত্রকন্যাকে যথাযোগ্য সম্মান মূল্য দিই আমরা। উপন্যাসটির নাম দেওয়া হয় 'জলপাইহাটি'। এখানে প্রকাশ থাক, নিখিলকুমার নন্দী তাঁদের 'অনুক্ত' পত্রিকায় সর্বপ্রথম জীবনানন্দের গল্প ছাপেন। অশোকানন্দ, সুচরিতা ইত্যাদি অনেকের সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা ছিল। সুধীন্দ্র মজুমদার নামে তমলুকবাসী একজনের 'ত্রিভুজ' উপন্যাস আদিযুগের 'অনুক্ত' পত্রে (১৯৫৮-৫৯) নাগাদ ধারাবাহিক প্রকাশিত হয় ও পরে 'নিউস্ক্রিপ্ট' থেকে বই হয়ে বেরোয়। এই বই ও তার অনন্য শৈলীর লেখক সম্পর্কে আর খোঁজ পাইনি। জীবনানন্দ পঠনের এত চমৎকৃতি সম্পন্ন জটিল রূপ বাংলা গদ্যে আর দেখা যায় না। 'নিউস্ক্রিপ্ট' ছিল অশোকানন্দের প্রকাশন সংস্থা। যতদূর মনে পড়ে সুধীন্দ্র-র উপন্যাস এনে দিয়েছিলেন তমলুকে চাকরিরত জীবনানন্দের সহোদরা সুচরিতা। এসব কথা এত বিস্তারে লেখার কারণ হল, এ দেশের জীবনানন্দ চর্চার ইতিহাসে নিখিলকুমার নন্দীর নাম ও কার্যকর ভূমিকার স্বীকৃতি দেখা যায় না। তাঁর এ-জাতীয় কাজে আমার যে যৎসামান্য সহযোগ ছিল তা ভেবে একটু গৌরববোধ করতে পারি।

পাঠক ভাবতে পারেন জীবনানন্দ প্রসঙ্গে এ সব কথা কেন উঠছে। হয়তো একেবারে অবান্তর নয়, কেননা এ জাতীয় তথ্য থেকে বোঝা যায় বাংলা সাহিত্যে আধুনিক কালে জীবনানন্দই একমাত্র লেখক যাঁর প্রতিদিন পুনর্জাগরণ ঘটছে। এখনও ভূমেন্দ্র গুহ-র প্রয়াসে প্রকাশ পাচ্ছে জীবনানন্দ বিষয়ে নতুন নতুন তথ্য এবং অজানা রচনার পরিচয়। ভাবলে অবাক লাগে, কী ব্যাপক পরিমাণ অপ্রকাশিত কবিতা ও গদ্য (যার অনেকগুলি বিচিত্র আখ্যান) তাঁর মরণোত্তর কালে বেরিয়ে চলেছে। সেগুলির মান ও ভবিষ্যৎ সম্পর্কে এখনও বলার সময় আসেনি, কিন্তু চমকিত ও চমৎকৃত হবার আছে। এত লেখা যে এতদিন অজানার অন্তঃপুরে মুখ লুকিয়ে ছিল তার কারণ কি? কেউ কেউ মনে করছেন এগুলি অপরিমার্জিত ও অপাঠ্য। কেউ ভাবছেন স্বভাবজ লজ্জাবশত এগুলির কথা লেখক কাউকে বলেননি। কেউ কেউ মনে করছেন অতিসংশোধনপরায়ণ এই লেখক লেখাগুলির খসড়া করে গেছেন মাত্র।

এ ধরনের নানাতর অনুমানের কথা বাদ দিলেও দুটি কথা স্পষ্ট। এক, জীবনানন্দ অবিরল ধারে লেখনী চালনা করতে পারতেন অর্থাৎ তাঁর জীবনে লেখার

টান ছিল অমোঘ। দুই, তাঁর লেখক জীবনটি ছিল একান্তভাবে নিজস্ব ও সংবৃত — যেন গুপ্তধনের মতো তিনি তা আগলে রেখেছিলেন। বন্ধু স্থানীয় এমন কেউ ছিল না যার সঙ্গে এ ব্যাপারে কোনোরকম ভাববিনিময় হতে পারত। জীবনানন্দ বিষয়ে সবচেয়ে তথ্যপূর্ণ ও নির্ভরযোগ্য বই পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি প্রকাশিত প্রভাতকুমার দাসের লেখা 'জীবনানন্দ দাশ' বইটি ভালো করে পড়লে হতবাক হয়ে যেতে হয় তাঁর সম্পর্কে রচিত অজস্র গ্রন্থের সমারোহ দেখে এবং তাঁকে নিয়ে লেখা অগণিত আলোচনার তালিকা জেনে। ত্রয়োদশ খণ্ডে প্রকাশিত 'জীবনানন্দ সমগ্র' যে সামগ্রিক নয়, সেতো বোঝাই যাচ্ছে। তাই সবশেষে বিস্ময় বিশুদ্ধ চিত্তে বলতেই হয়, জীবনানন্দকে জানা বোঝার ব্যাপারটি যেন 'শেষ নাহি যার শেষ কথা কে বলবে' জাতীয় এবং তাঁকে সম্পূর্ণ হৃদয়ঙ্গম করা, তাঁর ভাষাতেই বুঝি 'অনেক শতাব্দীর মনীষীর কাজ'। তবু, আমাদের কিছু কৃত্য থেকে যায়—যেমন এই সংকলন। জীবনানন্দের মতো অনন্ত খনির সামনে আমরা সাহিত্য শ্রমিকরা যুগে যুগে উৎখননের কাজ করে যেতে পারি। সে কাজ আমাদের সত্তারই অংশ, কারণ জীবনানন্দ সর্বাধুনিক সময়ের কবি।

সুধীর চক্রবর্তী

Scanned with ACE Scanner

জীবনানন্দ : রোম্যান্টিক, নিয়ো-রোম্যান্টিক

দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়

প্রথম থেকেই জীবনানন্দের কবিতা নির্ণীত হয়েছিল সর্বৈব রোম্যান্টিক লক্ষণে, প্রবীণ নবীন দু তরফেই। তাঁর কবিতায় অসংযত উচ্ছ্বাস, তারুণ্যের উল্লাস, বেগের আতিশয্য, অবারিত স্বতঃস্ফূর্তি নবত্ব-অভিনবত্ব-মৌলিকতা, প্রবল আমিত্ববাদ, স্বপ্ন-marvel-এর রহস্য এবং রূপকথা রোমাঞ্চের অপার বিস্তার বারে বারে লক্ষ্য করেছেন আলোচয়িতারা; তাঁর সবচাইতে ঘনিষ্ঠ পাঠক বুদ্ধদেব বসু তাঁকে দেখেছেন একজন 'sworn Romanticist'—'এই সংসারের অস্তিত্ব আগাগোড়া অস্বীকার করে যিনি একটা 'typical romantic atmosphere' গড়ে তোলেন যাতে স্বতই মনে হয় যে তাঁর কবিতায় 'renascence of wonder' ঘটেছে।' অজানা-অচেনার এই 'বিস্ময়ে'র আরো ব্যাখ্যা করে লেখেন 'এদের আবহতে আছে একটি সুদূরতা ও নির্জনতা'; তারপর লেখেন 'প্রকৃতির নির্জন ও প্রচ্ছন্ন রূপের মধ্যে জীবনানন্দ তাঁর রূপকথা রচনা করেছেন।' এই বাক্য থেকেই 'প্রকৃতির কবি' ও 'নির্জনতম কবি' জীবনানন্দের অনপনেয় দুটি আখ্যা প্রস্তুত হয়ে ওঠে তাঁর হাতে, এবং দেশকালজাতিগোত্রহীন এক কবিমূর্তি, নানা সময়ের তর্কে ঘাতে চেষ্টাতেও কবি আয়ুষ্কালে যা অতিক্রম করতে পারেন নি।

প্রকৃতি নির্জনতা চিরকালীনতা তিনটিই অবশ্য প্রকটতর রবীন্দ্রলক্ষণ, জীবনপ্রান্তেও হালের কাদা-ঘাঁটা খেলো উদ্ধত আধুনিকতার কালাপাহাড়ির মুখে নিজের সেকেলে মিড়-ভিক্টোরীয় রোম্যান্টিকতার বর্ম ধারণ করে তাঁকে একান্ত ভরসা করতে দেখি চিরকালীনেরই উপরে। বিশ্বস্ত আধুনিক কবিকে লেখা চিঠিতেও দেখি, গিরিশিখরের নীলিমার আভাস থেকে যেখানে দেখা যাচ্ছে শুভ্র রেখায় নির্ঝরের বিশ্বযাত্রা সেই দূর নির্জন প্রকৃতিনিকেতন থেকে প্রশংসা লিখে পাঠচ্ছেন : 'তুমি যে ভূতলচারিণী স্রোতস্বিনীর পরিচয় দিয়েছ তার সঙ্গে আমার দূরবিহারী নির্ঝরের কোথাও একটা মিল আছে' জানিয়ে। জীবনানন্দকেও তিনি লিখেছিলেন, মিলের বদলে লিখেছিলেন জবরদস্তি আর শান্তির অভাবের কথা। সেও অলক্ষণ নয় রোম্যান্টিকের। রবীন্দ্রনাথ নিজেও তাঁর প্রথম প্রবর্তনার স্মৃতি বর্ণনা করতে গিয়ে তলার পাঁক ঘুলিয়ে তোলা প্রবল অতিশয্যময় সব রোম্যান্টিক কাব্যের অস্থিরতা-অশান্তির মাদকের কথা লিখেছেন। জীবনানন্দের 'নির্লজ্জ উদ্দাম কবিত্বকে'ও শ্রদ্ধা

Scanned with ACE Scanner

জানিয়েছেন বুদ্ধদেব। কিন্তু তার আগে 'সুদূর নিঃসঙ্গ স্বপ্নাবিষ্ট' কবির 'নিজস্ব জগতে'র পরিচয় দিতে লিখেছেন সে যেন 'আমাদের পরিচিত পরিবেশ ছাড়িয়ে, এই আকাশ আর পৃথিবী ছাড়িয়ে অন্য কোনো আকাশে অন্য কোনো জগতে এক সম্পূর্ণ রূপকথার রচনা।' প্রকৃতির নির্জনে প্রচ্ছন্নে কবির নিজ সৃষ্ট এই অন্য-এক জগতের কথাই মুখ্য তাঁর আলোচনাতে।

'ধূসর পাণ্ডুলিপি' প্রকাশিত হলে 'প্রকৃতির কবি' বলে তাঁর অভিষেক করেন বুদ্ধদেব। প্রকৃতির কবি বলে রবীন্দ্রনাথই অবশ্য এদেশে প্রসিদ্ধ কিন্তু বুদ্ধদেব লেখেন, 'এটা উল্লেখযোগ্য যে জীবনানন্দ একেবারেই রবীন্দ্রপ্রভাবমুক্ত।' ওয়ার্ড-সোয়র্থের বহুব্যবহৃত ছাত্রবোধ 'প্রকৃতির কবি' লেবেলটিও সরিয়ে দিয়ে লেখেন, 'শেক্সপীয়রও কি প্রকৃতির কবি নন? শেলি? কীট্‌স? যদি বলা হয় যে ওয়ার্ডসোয়র্থ জড়প্রকৃতির মধ্যে এক জীবন্ত ও সর্বব্যাপক সত্তা খুঁজে পেয়েছিলেন...এ উপলব্ধি শেলির মতো তীব্র অন্য কোন কবিতে তা জানি নে।' জীবনানন্দকে তিনি সবার থেকেই তফাত করে নেন 'আধুনিক কবিদের মধ্যে বিশেষ অর্থে প্রকৃতির কবি' এই অনতিনির্দিষ্ট বিশিষ্টতা দিয়ে। আধুনিক কালে তো প্রকৃতিই কুণ্ঠিত কোণঠাসা হয়ে গেছে। কিন্তু সেই পারিভাষিক আধুনিকতার প্রসঙ্গ না করে বলেন, 'উনবিংশ শতাব্দীর ইংরেজি কাব্যস্রোতে প্রচুর পান করেছেন তিনি।' রবীন্দ্রনাথও তো 'ইংরেজি সাহিত্যের প্রভাবে গড়ে উঠেছেন' এবং 'তিনিই বাংলায় রোম্যান্টিসিজমের প্রবর্তক।' বিশ্বপ্রকৃতির আনন্দময় সত্তার উপলব্ধি', প্ল্যাটোনিক ভাবুকতা', 'রূপসৌন্দর্যের ধ্যান ও সৃষ্টি' এবং 'বাহিরকে নিজের অন্তরের যোগে' ব্যক্তিগত করে তোলার পাঠ তো তিনি পেয়েছিলেন ওয়ার্ডসোয়র্থ শেলি কীট্‌সেরই কাব্যে। নিজের, বা রবীন্দ্রনাথের এই স্বীকৃতিরও কোনো প্রসঙ্গ না ক'রে বুদ্ধদেব লেখেন, জীবনানন্দের কবিতায় 'শেলি কীট্‌স উভয়েরই প্রভাব স্পষ্ট।...শেলির চাইতে বরঞ্চ কীট্‌সের প্রভাব বেশি, কীট্‌সের চাইতে বরঞ্চ সুইনবর্ন ও প্রিরাফেলাইটদের।' আর প্রকৃতির কবি ওয়ার্ডসোয়র্থ? রবীন্দ্রনাথের ছাপ-মারা শোভিতসুচ্ছন্দ কাব্যভাষা থেকে বেরিয়ে আসা প্রথম স্বাতন্ত্র্য বলে জীবনানন্দের সরল ঘরোয়া নিরলঙ্কার মুখের ভাষার নিরপেক্ষ (বা উভচর) রীতির স্বাগত করেন বুদ্ধদেব যেখানে 'prose is verse and verse is merely prose' (নীতি দৃষ্টান্ত উভয়ত্রই 'simple' ওয়ার্ডসোয়র্থের এই ঐক্যের উল্লেখ করেছেন কবি বায়রন, দ্র. *English Bards and Scotch Reviewers*), এবং আশা করেন অলঙ্কারভারমুক্ত এই সজীব স্বাভাবিক ভাষাতেই ভবিষ্যৎ বাংলা কবিতা লেখা হবে।

প্রিরাফেলীয়তা বুদ্ধদেব লক্ষ্য করেছেন জীবনানন্দের ইন্দ্রিয়প্রাণিত রচনা আর শব্দ দিয়ে ছবি ফোটাবার কুশলতার মধ্যে। 'তাকিয়ে দেখার আনন্দ' আর চিত্র রচনার প্রবণতার কথা লিখে রবীন্দ্রনাথও এই ইঙ্গিত করেছিলেন। পরে 'নিরুক্তে'র পৃষ্ঠায় জীবনানন্দ-পাঠ লিখতে সঞ্জয় ভট্টাচার্য সবিস্তারে নিয়াসেন টেনিসন আর ইয়েট্‌সের

Scanned with ACE Scanner

তুলনা (নিজের প্রথম 'সাগর' কাব্যটিকে সঞ্জয় স্বয়ং প্রিরাফেলাইট লক্ষণযুক্ত গণ্য করতেন), দুই কবিতেই দীপ্ত হয়ে আছে ভিক্টোরিয়া যুগের রোম্যান্টিক পরাম্বরাগ। ভিক্টোরীয় রোম্যান্টিকতার আরক্ষা নিয়েও টেনিসনের কবিত্ব ক'রে সুন্দর ক'রে লেখা রবীন্দ্রনাথের স্বতঃস্ফূর্ত মনে হয় নি, ইয়েটসের সঙ্গে অবশ্য তাঁর ব্যক্তিগত ও ঐতিহাসিক সম্বন্ধ (জীবনানন্দ এঁদের সমান্তরাল ও অনন্যতুলনীয় কবিভূমিকার কথা লিখেছেন, দ্র. 'কাব্যসাহিত্য, সত্যেন্দ্রনাথ', 'জীবনানন্দ দাশ : উত্তরপর্ব' ২০০০ পৃ. ২৭৫-২৭৭ বইয়ে সংকলিত), যে ইয়েটস্ নিজেই তাঁর আরম্ভদিনের হদিশ দিয়েছিলেন প্রিরাফেলাইট পরিমণ্ডলে। বয়োজ্যেষ্ঠ উইলিয়ম মরিসের সঙ্গে ব্যক্তিগত পরিচয়-বিনিময়ও ছিল তাঁর, রাজকবির পদে ওয়ার্ডসোয়র্থের যোগ্য উত্তরাধিকারী বলে তিনি নাম করেন মরিস আর সুইনবর্নের, মরিস যোগ্যতর কেননা সুইনবর্ন 'too careful of the sound, too careless of the sense'। মনে করতে হয় রবীন্দ্রানুসারী সত্যেন্দ্রনাথ প্রমুখদের নিয়ে বুদ্ধদেবের মনোভাব : 'সত্যেন্দ্রনাথ ও তাঁর school-এর শব্দঝঙ্কৃত inanity যদি আরো কিছুদিন চলত তাহলে কবিতা কাকে বলে সে কথা আমরা ভুলে যেতাম।' জীবনানন্দের অভ্যুদয়ে তাঁর মনে হয়েছে আশঙ্কার প্রয়োজন নেই, হাওয়া বদলে আসছে...' যদিও জীবনানন্দের কবিতায় শব্দের বদলে পেয়েছেন 'কেবল একটি সুর, আর কিছু না।' তাঁর রচনায় তত্ত্ব নেই, চিন্তাশীলতা নেই, বোধ করি কোনো অন্তর্বস্তুই নেই, থাকলে আছে শুধু দৃশ্যবিলাসী স্পর্শপিপাসু একটি মনের বিস্তার, হয়তো বিষয়রহিত চিত্ররচনারও ঈষদ্দৃষ্টান্ত। কেবল পূর্বপ্রণীত আখ্যাদুটিকে স্থায়িত্ব দেওয়া যেন তাঁর দায়। জীবনানন্দের উত্তরকাব্যে বিরাগ হবার পরেও লেখেন, 'প্রকৃতির কবি তিনি, তা ছাড়া কিছুই নন', আর মরণান্তিক শোক নিবন্ধেও বড়ো করে তোলেন, 'তিনি যে আমাদের নির্জনতম কবি এই কথাটা অত্যধিক পুনরুক্তিবশত ধার ক্ষয়ে গেলেও এর যাথার্থ্যে আমি এখনও সন্দেহ করি না।'

২

অপার্থিব পলাতক স্বপ্নগ্রস্ত, আত্মকেন্দ্রিক বা আত্মগ্রস্ত কবিরূপে বুদ্ধদেবের পৌনঃপুনিক জীবনানন্দ-পরিচায়িকাই পুরিয়ে বাড়িয়ে জীবনানন্দ-পাঠ লেখা হয়েছে আরো অনেকখানি। কেউ বলেছেন তিনি 'একান্তরূপেই রোমান্তিক' কিন্তু প্রতীকবাদীও বটেন, কেউ বলেছেন রোম্যান্টিক তাদাত্ম্যের পরেও সিম্বলিস্ট ইমেজিস্ট সুররিয়ালিস্ট ধারায় তাঁর ক্রমান্বিত আত্মবিকাশ, 'সুররিয়ালিস্ট রীতিতে স্বপ্নাভাস বা বিভীষিকা রচনাও তাঁর মধ্যে আছে'। রোম্যান্টিকেরই এ বিস্তার। বিস্তারের চাইতে তবু সংলগ্নতার অবলোকনই দেখতে পাই বেশি। কবির একাকিচর্যার, স্বপ্নজগতের, ইন্দ্রিয়ানুরতির, বা চিত্ররূপকের সাত্ত্বিক *transferentia*-র উল্লেখ আগাগোড়া আলোচনাতে, সুররিয়ালিস্ট স্বপ্নরীতির মীমাংসা নেই কোথাও। বুদ্ধদেব যখন লেখেন 'স্বপ্নের আত্মচালনায় অত্যন্ত বেশি মসৃণ তাঁর নিজস্ব জগৎ', আর সঞ্জয় ভট্টাচার্য লেখেন, তিনি 'স্বপ্নের বস্তুতে

Scanned with ACE Scanner

সৌন্দর্য খুঁজে পেয়েছেন...যেখানে কল্পনার উল্লাস তৃপ্তি পেতে পারে'—নিশ্চয় মগ্নতা আর উল্লাসের আলোচনে অন্তর রয়েছে বটে যদিও সিম্বলিস্টের স্বপ্নানুরাগের বাইরে সন্ধানের নিশানা নেই, প্রতীকবাদীর যে তাৎপর্য অন্ত এলিটিজমের ছোপ মুছে তবে সুররিয়ালিস্টের মুক্তির সাধনা। সে ক্ষেত্রে রবীন্দ্রনাথ অবচেতনের লীলা বলে যে সব অদ্ভুত খাপছাড়া স্বপ্নের কথা বলেন অমিয় চক্রবর্তীর কাব্যালোচনা সূত্রে, বলেন, 'ফ্রয়েডের মনস্তত্ত্ব প্রচার হওয়ার পর পাশ্চাত্য জগতে অবচেতনের যেন একটা খনি আবিষ্কৃত হয়েছে, সাহিত্যে এর বেগ আর রোধ করা যায় না', জীবনানন্দের কাব্যে তার ক্রিয়াবিক্রিয়ার অবধান প্রায় চোখেই পড়ে না।

অবধানই বা কতদূর? জীবনানন্দের প্রথম কাব্য-কখানির 'স্বপ্ন' নামে বা স্বপ্ন বিষয়ে কবিতায় তার খোঁজ নিলে পরে 'ধূসর পাণ্ডুলিপি'তে দেখা যায় পৃথিবীর বা দেহের ব্যাথাতে-বেদনায় দিনের উজ্জ্বল পথ ছেড়ে ধূসর স্বপ্নের দেশে আশ্রয় নিতে চাইছেন কবি; 'বনলতা সেনে'র কবিতায় পৃথিবীর সব ধ্বনি আর রঙ মুছে হৃদয়ের শব্দহীন পৌষজ্যোৎস্নার মধ্যে উড়ে যায় কল্পনার হাঁস, আর প্রদীপ নিবিয়ে বিছানার অন্ধকারে ঠেস দিয়ে স্বপ্নের অপেক্ষায় জেগে বসে আছেন যেন পৃথিবীর উদ্যমে-কর্মকাণ্ডে আর না ফিরে যেতে হয়, আপন হৃৎস্পন্দের মতো মন্ত্রণা শুনছেন সে স্বপ্নের : স্থবির, স্থবির হও, 'স্থবিরতা সব চেয়ে ভালো' ব'লে; আর 'মহাপৃথিবী'তে পৃথিবীর সব আলো নেবার, সব গল্প ফুরোবার পরে মানুষের বদলে যখন আত্মনির্যাসোপম তার স্বপ্ন খালি বিস্তার হয়ে আছে—তারই মধ্যে কবি ও তাঁর ঈপ্সিতার মুখোমুখি অবস্থান। মনে পড়ে যায় 'অন্ধকার' কবিতায় সূর্যের রৌদ্রে আক্রান্ত পৃথিবীর পুঞ্জিত আর্তনাদের উৎসব থেকে পালাতে অবিরল অন্ধকারের ভিতর সূর্যকে ডুবিয়ে ফেলে আবার ঘুমোতে চেয়েছিলেন একবার; পৃথিবীর সব রঙ নিবে যাবার পর, জীবনের সব লেনদেন চুকে যাবার পর অতিক্রান্ত দিনোচ্ছ্বাস যখন পাণ্ডুলিপিতে শমিত হয়ে এসেছে কেবল তখনই তাঁর 'থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার বনলতা সেন।' কিন্তু এর কোনখানটা রোম্যান্টিক প্রেক্ষার বাইরে? জীবনানন্দের 'dream-cult' প্রথমাবধি স্বতঃসিদ্ধ, সমর সেন লিখেছেন, গত শতাব্দীর রোম্যান্টিক কবিতা আর ১৮৯০এর দশকের aesthetic melancholyর নিরবধি প্রভাবিত তিনি। ব্রেতঁ যে 'dream-state'-এর কথা বলেন অবচেতনের দীর্ঘদমিত স্বপ্নকামনার irrational গূঢ় রহস্যের সে প্রবল শক্তি, চেপে রাখা ধ্বংস-ভ্রংশ সে মনোকণিকার নির্মুক্তি করে কুশল পদবন্ধনে কবি তা বেঁধে তোলেন যদি না সোজাসুজি স্টেনোগ্রাফিতেই ক্ষান্তি করে দিতে চান অসংবদ্ধ বিবরণমালা—যেমন তিনি, তাঁর বন্ধুরা ছেপেছিলেন সব স্বপ্নের বই। এই মনোবীজ-মনোকণিকা নিয়ে ঈষৎ রঙ্গ নথিবদ্ধ করেছিলেন সজনীকান্ত দাস, মনোবিদদের চিকিৎসা নিউরটিক কল্পনাপ্রলাপ বলে ডাক্তার গিরীন্দ্রশেখরের শরণ নেবার কথাও লিখেছিলেন, যদিও স্বপ্নের বদলে শ্লেষের দ্বিতীয় আরেকটা ধারার পত্তন করে নিয়েছে তা জীবনানন্দের কবিতায়, তাঁর

গুণগ্রাহীরা যাকে উদ্‌ভ্রান্ত আত্মচ্যুতি (বা কেন্দ্রচ্যুতি) বলেই চিহ্নিত করতে চেয়েছেন।

প্রসঙ্গত 'মহাপৃথিবী'র অন্ত্য ভাগের এই লেখাতে জীবনানন্দের সমাজচেতনারও একটা গোচর সূত্রপাত, এবং সঞ্জয় ভট্টাচার্যের ভাষায় তা 'মন নয়, মননের পথে' ('মন' বুদ্ধদেবের ব্যবহারে 'হৃদয়'), সঞ্জয় অতঃপর লিখেছেন, 'এখন আর তাঁর চোখ স্বপ্নমেদুর নয়,...তাঁর ভাষা থেকেও স্বপ্নের সেই প্রাক্তন কোমল-ঋজুতা ঝরে পড়েছে...'। প্রথম দিকের লেখা সম্বন্ধে জীবনানন্দের অসহিষ্ণুতাও দেখতে পাই এই সময় থেকে, *Modern Bengali Verse*এর সম্পাদকদের লিখছেন, তাঁদের পছন্দমতো তাঁর আধুনিকতর 'সমাজচেতন' কয়েকটি কবিতা অনুবাদ করে নিলে তিনি আনন্দিত হবেন, বই বেরোবার পরে ক্ষুব্ধ হয়ে লেখেন, 'আমার "বনলতা সেন"-এর পরের কাব্যপ্রকৃতির কোনোই পরিচয় নেই এই সংকলনের ভিতর।' স্মরণ করতে হয়, এর আগে 'আধুনিক বাংলা কবিতা' সংকলনেও জীবনানন্দের প্রথম পর্বের পেলব রচনাই গৃহীত হয়েছিল, এবং রোম্যান্টিক থেকে উত্তরণের সে ব্যক্ত আধুনিকের মধ্যে তিনি না ভূমিকাকার, না আলোচক—কারোরই দৃষ্টি আকর্ষণ করতে পারেন নি (নতুন ইংরেজি সংকলনের ক্ষেত্রেও তিনি উল্লিখিত হন নি কোনো পক্ষেই)। আর এরই দ্বারা বোঝা যায় 'সমাজচেতন' লেখা পাঠকের সামনে আনার কেন তাঁর উৎকণ্ঠা, যে লেখা তাঁর 'কাব্যজীবনের বিলুপ্ত পর্যায়ের' বলে মনে করেন তার দ্বারা পরিচিত হতেই বা কেন দ্বিধা।

জীবনানন্দ সমাজচেতনার যে নবপর্যায়ের কথা লিখেছেন সঞ্জয় ভট্টাচার্য তাকেও দেখেছেন 'সংশয়বিদ্ধ চেতনা'র লেখা ব'লে, তাঁর মতে 'এ সংশয়বিদ্ধ চেতনা এসেছে তাঁর স্বপ্নভঙ্গের পরেও স্বপ্নলগ্ন হয়ে থাকার ফলে।' অনুভূতির জগৎ ভেঙে দিয়ে বাস্তব জগতে তিনি প্রবেশ করছেন ('তাঁকে প্রবেশ করতে হয়েছে', যে দুঃসহ বাস্তব থেকে পালিয়ে থাকার কারণেই আরক্ষা-দেয়া তাঁর স্বপ্নের ঘুমঘর), কিন্তু এই 'দ্বিতীয় জগতের স্থিরতা (কাব্যের ক্ষেত্রে অনিবার্যতা?) সম্বন্ধে মনে তিনি আশ্বাস পাচ্ছেন না', আর এই সংকটের ফলে আরো জটিল হয়ে পড়ছে তাঁর কবিতা। একই কালে প্রগতি আন্দোলনের বইয়ের জন্য আত্মপরিচয় লেখা-তে জীবনানন্দ লেখেন 'সচেতন জীবনদর্শী মন ও সেই মনোভাব ভাষায় প্রকাশ করবার মতো লিপিকুশলতা' —এই দুইয়ের 'উৎকৃষ্ট সামঞ্জস্যে যে সুলিপি প্রবর্তিত হয়', কবিতা তাই; বড়ো জোর জীবনদর্শী মনের ভাবনাকে সে একটা সর্বমানবীয় পরিসর দেয়, এইটুকুই সমাজসংযুক্তি মানতে পারে সে। কিন্তু জীবনদর্শী মন সমাজদর্শী কি না বলা যায় না, সমাজের আর্থ-রাজনীতি-বন্ধন, পরিবারকল্যাণ ও শিক্ষাপ্রকল্পে বিধিবদ্ধ সমাজপরিচালন ব্যবস্থার বদলে সে বৃহৎভাবে জীবনদর্শী যেখানে কেবল ব্যক্তি ও বিশ্বের সম্বন্ধ, এবং সে ব্যক্তিও রুশোর সংজ্ঞাত অন্তর্গত অধ্যাত্মে বলীয়ান, অথবা কাণ্টীয় সমাজমতাদর্শ-নিরপেক্ষ স্বয়ংসিদ্ধ ব্যক্তি, নিজেই নীতিমাঙ্গল্যময় সুজীবন বুঝে নিতে পারে। তথাকথিত সমাজচেতনার পর্বেও, সমাজচেতনার সে সময়কার নির্বিকল্প দায়বদ্ধতা

জেনেও, সমাজবাদী বাস্তবকে নিতান্ত গৌণ জ্ঞান ক'রে জীবনানন্দ অন্বেষা এবং সূর্যাশ্রয়িতার কসমিক জীবনবোধকে (বা বিশ্ববোধকে) অনন্য করে তুলেছেন। 'সৎ কবিতা...নিজের স্বচ্ছন্দ সমগ্রতার উৎকর্ষে শোধিত মানবজীবনের কবিতা', জীবনানন্দ লিখেছেন, তখনকার সমাজচেতনা প্রার্থিত সোশিয়ালিস্ট কবিতা সে নয়।

৩

সজনীকান্তের 'নব সাহিত্যের' বা 'প্রগতির হুইটম্যান' বলে তাঁকে নিয়ে পরিহাস প্রত্যক্ষত কবির বুদ্ধদেব-কথিত রতিকেন্দ্রিত আত্মোচ্ছ্বাস বা 'rugged verse'--জনিত বটে, কিন্তু তরজার বাইরে তথ্যও আছে যখন লক্ষ্য করি ক্লান্তিহীন মুক্তচ্ছন্দে লেখা তাঁর *Song of Myself*এ songএর ভাসমান রচনায় কবিসমুচিতের স্থানে unpoetic গদ্যের ক্রিয়া, আর self-এর একৈব প্রেমনিয়তি : 'সূর্যের চেয়ে, আকাশের নক্ষত্রের চেয়ে [যে] প্রেমের প্রাণের শক্তি বেশি।' পুরোহিত বা shaman-এর মতো কবি সে প্রেম জ্বালিয়ে তোলেন মানুষের বুকের উপরে, বারে বারে যার মরে যেতে হয়। রক্তমাংসের স্পর্শসুখে ভরা দেহের তালাস, শরীর ছেনে পিপাসা মেটাবার সাধ, সমস্ত পৃথিবী ভরা হেমন্তের সন্ধ্যার বাতাসের মধ্য দিয়ে উদয়াস্ত, আর 'রাতে রাতে নক্ষত্রের সনে' বিরামহীন পথ হাঁটা, রাত্রি ঘুম আর মৃত্যুবোধে ভারাক্রান্ত পঙক্তির পর পঙক্তি, সর্বোপরি ফসলের মাঠের বীজ আর শস্যের আবর্তনময় মৃত্যুর ও জন্মচক্রের ধারাবাহিক বিবরণ পুনর্বিবরণ অনেক স্থানেই হুইটম্যানের কাছের দূরের অনুরবে ভরা। মাঝখানে 'বনলতা সেন'-'মহাপৃথিবী'র কয়েক পৃষ্ঠার প্রমিতি রচনা আবারও যে মুক্তচ্ছন্দে বহুল ও অবারিত হয়ে উঠল তাঁর উত্তরকাব্যে, মনে হয় সে ভেতরকার ধাতের তাড়নাতে এবং হুইটম্যানীয় ধাতুরই হয়তো সে সগোত্র। জাতীয় কাব্যে মার্কিন কবির canonical ভূমিকা অবশ্য জীবনানন্দের নয়, কিন্তু দেখা যায় জীবনপ্রান্তে, জীবনান্তের পরেও উচ্ছ্বসিত অনুকারকের দল মুখ্যতরভাবে তাঁর এই উচ্ছ্বসিত মুক্তচ্ছন্দের ধারাই যেন অব্যাহত রাখতে প্রবৃত্ত হয়েছেন।

উচ্ছ্বসিত আন্দোলিত অপরিমাণ রোম্যান্টিকতা 'সন্ধ্যাসংগীত -'প্রভাতসংগীতে'র পরেই রবীন্দ্রনাথ শমিত করে নিয়েছিলেন, তাঁর 'রচি শুধু অসীমের সীমা' অপরিমাণের প্রমিতি রচনাও বটে; জীবনানন্দের সে সীমাসাধনার পর্ব 'সাতটি তারার তিমিরে'র মধ্যপথেই ফের স্খলিত হয়ে গেছে মনে হয় অনর্গল আশুরচনার তীব্র তাড়নায় (আজকের কাগজে-পত্রে পরিকীর্ণ তাঁর মুদ্রণের প্লাবন দেখে তা আরো মনে হয়), কিংবা হয়তো বক্তব্যের প্রাবল্যে। বিষ্ণু দে যে লিখেছিলেন, 'জীবনানন্দ প্রেরণাবশত কবিতাটি লিখেই বিরত হতেন না,...লৌহতন্ত্রীর মতো তাকে মেলাতে মেলাতে ক্লান্তিহীনভাবে স্বকীয়তায়, আধুনিকতায় পুনর্লিখিত করতেন', কিংবা জীবনানন্দ স্বয়ং যে বলেছিলেন, শুদ্ধ প্রতর্কের তৌলনে, ভাবনাপ্রতিভার সাহায্যে একটি কবিতাকে প্রকৃতিস্থ করে তুলতে হয় এবং তাতে সময় লাগে, আর তারপর

Scanned with ACE Scanner

স্বীকৃতি করেছিলেন, 'এ রকম ঐকান্তিক কবিতা আমি বেশি লিখতে পারি নি, তাতে বুঝতে পারি তাঁর সাধ আর সাধ্যের তারতম্য ঘটেছে বহু ক্ষেত্রেই এবং মধ্য-পর্বের ঐকান্তিক এক গুচ্ছ কবিতার দ্বারা পূর্বাপর শিথিলতাকে তিনি নিজেই উজ্জ্বল করে রেখে গেছেন। তবু উত্তরাধ্যায়ের লেখাতে বিশ্রব্ধ বাচ্যের এমনই একটি মহিমা তিনি গড়ে তুলেছেন যে তার মধ্যে রোমান্টিক-সুররিয়ালিস্ট, অথবা কাব্যসিদ্ধিরই গৌজ হয়তো ততটা আর জরুরি বলে মনে হয় না। কেননা তার একাংশ কথা সূক্তিপ্রবাদের মতো, শিল্প তার বাহুল্য, আরো অনেকাংশ কথা সনাতনী বা প্রাগতিকের মনোমতো, তার দ্বারা তাঁর সামাজিক প্রতিষ্ঠা অসংশয়িত হয়ে উঠেছে। সে লেখাতে একজন লেখেছেন তিনি 'অন্যান্য কবির অনুকরণে জীবননিষ্ঠার দিকে অগ্রসর হয়েছিলেন', অথবা 'সীমিত আবেষ্টনীর মধ্যে আন্তর্জাতিক মৈত্রী ও বিশ্বমানবের সুস্থ আনন্দময় জীবনযাপনের স্বপ্ন দর্শন' করেছিলেন; অপরজনে সিদ্ধান্ত করেছেন 'রবীন্দ্রনাথের কাব্য-অভিব্যক্তিতে নিয়ত বহমান যে অপরিমেয়তল প্রশান্তির ধারা সে ধারা নিজ অভিব্যক্তিতে আয়ত্ত' করেছিলেন তিনি, এবং 'বাঙালি মানসের ও কাব্যের যে নিঃসংশয় ঐতিহ্য রবীন্দ্রনাথে বর্তেছিল তারই ধারক জীবনানন্দ।' আর, 'জীবনের শুভ অর্থ ভালো ক'রে জীবনধারণ', 'মানুষের মৃত্যু হলে তবুও মানব/থেকে যায়', 'দীনতা : অন্তিম গুণ', 'জীবনকে সকলের তরে ভলো ক'রে/পেতে হলে এই অবসন্ন ম্লান পৃথিবীর মতো/অম্লান, অক্লান্ত হয়ে বেঁচে থাকা চাই'—এই সব হিতবাক্যে কবিতার কতটা প্রয়োজন প্রশ্ন তুলেছেন কেউ কেউ, ভারতচন্দ্র-রবীন্দ্রনাথের কাব্যেও অবশ্য বহুতর প্রবাদ বাক্যের অসদ্ভাব নেই।

সমাজবাদী লেখার উদ্যোগপর্বেও (বা সমাজসিদ্ধ লেখার আগাগোড়াই) নানা ধারা সুভাষিত লেখাকে জীবনানন্দ উপকবির কাজ বলেই জ্ঞান করেছেন, 'সমাজ জাতি বা মানুষের সমস্যাখচিত' চিন্তা ধারণা মতবাদ যিনি পদ্যাকারে লিখে তোলেন, কিন্তু তাঁর মতে 'প্রতিভা যাকে কবি বানিয়েছে, বুদ্ধির সমীচীনতা নয়, শিল্পের দেশেই সে সিদ্ধ শুধু, আর কোথাও নয়।' দর্শন রাজনীতি সমাজনীতি ধর্মের maxim বা 'ব্যবহারিক প্রচারে'র লেখা তার কাজ নয়, কেবল 'যেখানে তার প্রতিভার স্বকীয় বিকাশ হবার সম্পূর্ণ সম্ভাবনা সেই শিল্পের রাজ্যেই তাকে খুঁজতে হবে', কেননা 'কাব্যের স্বকীয় সিদ্ধি, নিজের integrety'র স্বতন্ত্র ক্ষেত্র রয়েছে। হয়তো রোমান্টিকতর শুদ্ধ শিল্পেরই (l'art pour l'art) এ সব কথা, যদিও আঙ্গিকের করণক্রিয়া বা চরিতার্থতার চাইতে আত্মরক্ষা-আত্মস্ফূর্তির আকৃতিই তাঁর মধ্যে গোচরতর। আত্মরক্ষা—মেশিন-মুনাফার (বা অনন্যোপায় চাকুরিবৃত্তির) নব বাস্তবের হাত থেকে, মনে রাখতে হয় ইণ্ডাস্ট্রিহীন পূর্ববঙ্গীয় যে 'জল আর ফসলের দেশে' তাঁর বাল্যযৌবন এবং অধিকাংশ জীবন কেটেছে, 'পৃথিবীর ক্ষেতে এক সবুজ ফসল', শস্যের প্রতিম তাঁর শরীর, হেমন্তবৈকালের উড়ো পাখপাখালির পালে ঘেরা গাঢ় মুহূর্তের বোধ সে স্থায়ী করে দিয়েছে তাঁর চেতনায়, এবং সেই তাঁর ধ্রুব *state of nature*, তথাকথিত

সভ্যতা-প্রগতির কোনো অবদানই তাঁর অভ্যস্ত হয় নি তার পাশে, তার পেষ সইতে না পেরে পরের দিনেও তাঁর মনে হয়েছে 'ইচ্ছা হয় কোনো দূর প্রান্তরের কোলে গিয়ে শ্যামাপোকাদের ভিড়ে—কাশ মাখা সবুজ শরতে বসে থাকি', এমন কি এতদূরও ভেবেছেন, উদ্যমী বহুকর্মকৃৎ মানুষ যাক, 'এ সুন্দর পৃথিবীতে বেঁচে থাক কাঁচপোকা মাছরাঙা পানকৌড়ি দয়েল চড়াই।'

জীবনপ্রান্তে মার্কসিস্ট লেখক তাঁর জীবনবিদ্বেষ ও শূন্যসাধনার গর্হণা করে লিখেছেন, মানুষের প্রতি নিদারুণ বিদ্বেষে, পৃথিবীর প্রতি উদ্ধত অবজ্ঞায় তিনি পালিয়ে আশ্রয় নিয়েছেন 'প্রকৃতির বানপ্রস্থে।' তাঁদের নতুন মতাদর্শ চলন হবার প্রাক্কালেই জীবনানন্দ লিখেছিলেন 'আমাদের দেশের সাহিত্যকর্মীদের সহানুভূতি যাঁর জন্য একটুও নেই তিনি কী করবেন? তিনি *প্রকৃতির সান্ত্বনার* ভিতর চলে যাবেন...'। সভ্যতার সমাজকল্যাণের যাবতীয় প্রতিশ্রুতি অগ্রাহ্য করে? 'প্রকৃতির কবি' বলে চিহ্নিত করার আগেই বুদ্ধদেব তাঁর selfএর আত্যন্তিকতা লক্ষ্য করেছিলেন এবং গোড়ার সে লেখা পড়ে সজনীকান্তেরও মনে পড়েছে স্ট্রিণ্ডবার্গের *Confessions*এর কথা—হয়তো রুশোর আত্মবিবরণের কথা বললেই যথার্থ সঙ্গত হয়, কেননা অন্তর্গত তাড়নায় প্যারিসের নাগরিক, ফ্যাশনেবল্ সমাজমণ্ডলী ছেড়ে যে তিনি পালিয়েছিলেন পীড়িত তাঁর আত্মাকে বহন করে— সে *state of nature* ছাড়া সভ্যসমাজে তাঁর সুখ নেই ব'লে 'এমিল'এ লিখেছেন 'প্রকৃতি মানুষকে সুখী সৃজন করেই সৃজন করেছিল, সমাজ তাকে নষ্ট করে তার জীবন দুর্বহ করে তুলেছ...', এমিলকে তাই নগরের সাজানো কৃত্রিমতা থেকে তিনি নিয়ে যাবেন গ্রামপ্রকৃতির স্নেহচ্ছায়ায়, স্বভাববিবেকের দিব্য ঘেরার ভেতরে সে শিখবে অনুভব বোধ আর হৃদয়ের ভাষা (যুক্তি বা বুদ্ধি নয়), একখানাই বই সে পড়ুক 'রবিনসন ক্রুশো', আর গ্রাম্য নিষ্কর্মা না হয়ে সে সততক্রিয় থাকবে চাষির শ্রম আর ভাবুকের চিন্তা নিয়ে। এমনই একটা অনুভূতি থেকে কি শান্তিনিকেতন বিদ্যালয়ের জন্ম নয়? কিংবা চাষার লাঙল আর কাস্তে হাতে মাঠে ঘুরে, তারপর প্রাণের কছে ফিরে এসে নক্ষত্রের তলে শুয়ে ঘুমোবার সাধ যে 'বোধ' কবিতার? (প্রসঙ্গত, আঁদ্রে ব্রেতঁ-এলুয়ারের মতো প্যারিসীয় সুররিয়ালিস্টরাও তাঁদের lycéeর যান্ত্রিক পঠনপাঠন প্রক্রিয়া নিয়ে শ্লেষ করেছেন, ব্রেতঁ বলেছেন এই শিক্ষার ক্ষেত্রে রুশো আয়ত্ত করেছেন 'the height of man—that poetry has been able to flower!) সারা দেশে রুশো স্বজন পান নি সে সময়ে। 'ধূসর পাণ্ডুলিপি'তে অন্তত দু জায়গায় দেখতে পাই : 'কোনো এক নতুন-কিছুর/আছে প্রয়োজন,/ তাই আমি আসিয়াছি, আমার মতন/ কেউ নাই আর', আর 'সকল লোকের মাঝে ব'সে/ আমার নিজের মুদ্রাদোষে/আমি একা হতেছি আলাদা'— শেষ উদ্ধৃতিটি প্রশ্ন-চিহ্নিত, যাতে মনে হতে পারে : আলাদা হওয়ার কারণ কি খালি আমারই মধ্যে? 'সকল লোকের' কোনো দায় নেই?—এমন একটা যেন অভিযোগ সমাজের উপরে। কিন্তু অভিযোগ ছাপিয়ে 'আমার মতন কেউ নাই আর' এই তথ্যই

Scanned with ACE Scanner

শেষ অবধি হয়ে উঠেছে মুখ্যতর। রুশোর বইয়েও গোড়াতেই দেখি এই confession : 'I am unlike anyone I have ever met; I will even venture to say that I am like no one in the whole world' (জে.এম. কোহেন অনূদিত *Confessions*. পেঙ্গুয়িন ১৯৫৪ পৃ. ১৭)।

বোধ করি অনন্য এই অন্তশ্চিত্তের ক্ষুভিত তাড়নায় সমস্ত প্রথম কাব্যখানি ভরে জীবনানন্দ লিখেছেন, মরীচিকা-বিভ্রান্ত বেদুয়িন মুসাফেরের বালিভাঙা কারোয়ার একের পর এক ব্যর্থ অভিযান অথবা টাইফুন ডঙ্কার হর্ষে অতীত-আগের বিস্মৃত জলধি-পাখির তুল্য খ্যাপা সিন্দাবাদ বা হালভাঙা অনামা নাবিকের রোমাঞ্চ বালাদিকা। তারও সামনে দারুচিনি-লবঙ্গের লক্ষ্য দ্বীপ ('কোন্ দূর দারুচিনি লবঙ্গের সুবাসিত দ্বীপ/ করিতেছে বিভ্রান্ত তোমারে'), পরে 'বনলতা সেনে' যা আয়ত হয়ে উঠেছে দারুচিনি দ্বীপের ভেতরকার সবুজ ঘাসের দেশে, যার তটপ্রান্তে বের হয়ে আসা ইঙ্গিতা আশ্রয়োপমার স্বাগতকণ্ঠ পর্যন্ত শোনা যায়। এর পরে তাকে দেখা যায় সময়ের শতকের মৃত্যু হলে তবু শ্রেয়োতর বেলাভূমির মতো মণিকা আলো হাতে নিয়ে দাঁড়িয়ে, পরমা ধ্রুবার মতো। আর তারপর মানুষের সমস্ত ইতিহাস ক্লান্ত ক্লান্তিহীন নাবিকের মতো তাকে খুঁজছে, একবার দেখা দিয়েই অদর্শন হয়ে গেছে যে, আর তারপর 'সূর্যের সমস্ত গোল সোনার ভিতরে' চিরায়ুষ্মতীর মতো তার অধিষ্ঠান, আর প্রতিটি বিফলতার পরে নতুন যাত্রার উদামে প্রাণিত নব যাত্রী নতুন নাবিক এবং মাইলের পর আরো অন্ধকার নতুন মরণসিন্ধুর অভিভূত অন্তহীন ঢেউ এবং কয়েক পৃষ্ঠার মিতবন্ধের পর ফের প্রস্তচ্ছন্দিত পঙক্তিমালা—যখন মিত বা অমিতবন্ধের চাইতেও প্রাণিত বক্তব্যের গুরু অধিকার গাঢ় হয়ে বসেছে কাব্যের লক্ষ্যে। বদল হয়ে গেছে নৌযাত্রার লক্ষ্যও। কিন্তু খ্যাপা সিন্দাবাদের রত্নদ্বীপ যে পরমুহূর্তে হয়ে উঠেছে স্বপ্ন দ্বীপ, সে আর সামনে নয় যাত্রিকের, পিছনে—প্রগতি সভ্যতার বিপরীতে ('একা/বিপরীত দ্বীপে দূরে মায়াবীর আরশিতে হয় শুধু দেখা/রূপসীর সাথে এক'), রূপসীও 'আদিস্মৃতিশরীরিনী'র বারংবার পুনরাবির্ভাবে গ্রথিত (স্ম. নীটশের eternal recurrence). তাঁর পরের কাব্যধারায় স্থায়ী এই আলম্বন-সূত্রের চতুষ্পার্শ্বে কবি শুধু পর পর ইতিহাসতথ্যের পরম্পরা সঞ্চিত করে তুলেছেন বোধ করি শুদ্ধ সময়ব্রহ্মের চাইতেও কালজ্ঞানের সাক্ষ্য স্বরূপে।

৪

জীবনানন্দের আলম্বন প্রতিমানের প্রসিদ্ধ পূর্বসূত্র দু-একটা অপরোক্ষেই চেনা যায়। যেমন, নৌডুবি মাল্লা-যাত্রিকের অতিদূর সমুদ্রের পর সন্ধ্যাতারা ঘেঁষা সবুজ নির্জন দারুচিনি দ্বীপটি। 'আহা, সে কোন্ সাগরের তীর...', 'পৌলবর্জিনী'র 'সমুদ্রসমীর কম্পিত' 'সেই নির্জন দ্বীপের শ্যামল বনপথে' বিদেশিনী বালিকার গল্প প'ড়ে, ছোটোবেলায়, রবীন্দ্রনাথ স্মরণ করেছেন, 'কত চোখের জল ফেলিয়াছি তাহার

ঠিকানা নাই। রুশো-প্রণোদিত ওই মধুর আদিমতাময় গল্পের স্বপ্নদ্বীপটি তার লেখক রচনা করেছিলেন তখনকার ক্ষুব্ধ ইতিহাসের ঢের দূরে তাঁর প্রত্যক্ষলব্ধ মরিশাস দ্বীপে, বিপ্লব-প্রান্তিক উদ্যত গিলোটিনের মুখে ত্রাণ বলেই সে গল্পের আশ্রয় নিয়েছিলেন অনুবাদিকা। 'অবোধবন্ধু', কৃষ্ণকমল ভট্টাচার্য বা রবীন্দ্রনাথের আকর্ষণ অবশ্য কথা-প্রতিবেশের দৃষ্টান্তজনক রোম্যান্টিকতায়। বহু বহুবার মুদ্রিত ইংরেজিতেও জীবনানন্দ জেনেছিলেন দ্বীপটি, মনে হয় ; হয়তো ম্যাথু আর্নল্ডের হাত-ফেরতা সাধু ব্রেণ্ডানের স্বর্গদ্বীপের তুলনায় গম্য বলেও মনে হয়েছিল। আর-একটা লাগোয়া প্রসঙ্গ পুনরাবর্তনময় তাঁর আদ্যা প্রাপণীয়া (জীবনানন্দের কাব্যে তিনি দ্বীপবাসিনী), তাঁকেও পাই সদ্য-প্রত্যক্ষের 'কল্পনা' কাব্যে। 'দূরে বহুদূরে স্বপ্নলোকে' কবি গেছেন তাঁর 'পূর্বজনমের প্রথমা প্রিয়ার' সন্নিধানে, তিনিও 'আদিস্মৃতিশরীরিণীর'ই প্রতিমা, কিন্তু কবি স্বপ্নলোক স্থির করে নিয়েছেন শিপ্রাপারের উজ্জয়িনীপুরীতে, আগের কাব্যে সে উজ্জয়িনীকে নির্ণয় করেছিলেন অলকাপুরী, বা মানসকৈলাসপুরী ব'লে, কালিদাস তার চিরকবি (কবির বিশ্বাস : সে-বংশলতারই সদ্য মুখে তাঁর স্থান), অতএব প্রিয়ার সজ্জা সেই পুরাণী প্রতিবেশ-প্রসাধনে। দূরে বহুদূরে পথ চিনে পৌঁছবার পরে ধূপকুঙ্কুমের গন্ধ নিশ্বসিত প্রতিমার মতো প্রিয়া এসে হাতে হাত রেখে সকরুণ চোখে নীরবে শুধায় : 'হে বন্ধু, আছো তো ভালো?' কুলায় প্রত্যাশী সন্ধ্যার পাখির মতো বহুদূরাগতের বুকে মুখ রাখে সে, আর তখনই দুরন্ত হাওয়ায় দীপ নিবে রজনীর অন্ধকারে লুপ্ত হয়ে যায় স্থানসংজ্ঞা। শ্রাবস্তী-বিদিশার অঙ্গরাগে সাজা নব্যা নায়িকা, তারও চোখের ভাষা (সেও দিব্যাননা, আগে-কবিতায় জীবনানন্দ লিখেছেন সে মুখও 'কুমারের গড়া'), পাখির নীড়ের মতো চোখ তুলে সে বলছে, 'এতদিন কোথায় ছিলেন?' আর এই সম্ভাষটুকুর সঙ্গে-সঙ্গেই সব পাখি সব নদী ফিরেছে তাদের আপন ঘরে, দিনাবসান হয়ে যাবার পর তখন 'থাকে শুধু অন্ধকার, মুখোমুখি বসিবার বনলতা সেন।' পৃথিবীর সব তরঙ্গিত চঞ্চলিত পথ ফুরোবার পর, গল্পের পাত্রপাত্রীরও অয়ন শেষ হবার পর কবি জানেন, অবশেষে 'সেই মুখ আর আমি রব সেই স্বপ্নের ভিতরে।' প্রসঙ্গে-বাচনে কোথাও দোলাচল ঘটে নি, পর্বান্তর শুধু উন্মুখী প্রতীক্ষিতার স্থানে নৌড়ুবি ত্রাণার্থীর স্থানবদলে।

গল্পের এমন মিলনান্ত—ভাবসম্মিলনই বটে, পরমেপ্সিতার দিব্যানুভবের ক্ষণমুহূর্তটি জ্যোতিষ্কবলয়ে অনন্ত ক'রে তোলার কল্পনা তাঁর, আগাগোড়া কল্পনা অবশ্য সেই অপ্রাপণীয়ার উদ্দেশে দ্বীপাতীত লক্ষ্যে অবিরাম চলে যাওয়ার অপার কালস্রোতের বিস্তার। দিব্য, মহান, অনন্ত, জ্যোতির্বলয়—এইসব নিরতিশয় ধর্মবোধের স্বানুমত বিকিরণ হয়েছে ক্রমাগত, তবু প্রচল পূর্বসূত্র থেকেই তার সূচনা। যেমন, আদি কাব্যে পিরামিডের sublime থেকে (উল্লেখযোগ্য, সমুচ্চ পর্বতের মহিমা নেই তাঁর লেখায়, রবীন্দ্রনাথে 'কবিকাহিনী' থেকেই যা দেখতে পাই) উত্তর পর্বে জীবন ও বিশ্বরহস্যের ঐশী বিরাটত্বের নিশানাও বাঁধা তারই অন্বয়ে। রবীন্দ্রশোকাঞ্জলিতে যে লিখেছিলেন 'অনন্ত আকাশবোধে ভরে গেলে দু ফুট কালের মরুভূমি' (দ্র. পরিচয়,

অগ্রহায়ণ ১৩৪৮), তার চেয়ে চাক্ষুষ অসীমতা ছিল তাঁর গ্রামদৃশ্যে : 'প্রান্তরের অমরতা জেগে ওঠে একরাশ ঘাসের উন্মেষে', *Prelude* কাব্যগত অনন্ত জীবনের বোধ হয়তো আরো কাছ থেকে জেনেছিলেন রবীন্দ্রকাব্যে, 'বলাকা'র 'অস্পষ্ট অতীত হতে অস্ফুট সুদূর যুগান্তরে' অচ্ছিন্নবহতা মানুষের কলকণ্ঠে, আবহমান রোমাঞ্চের কূল থেকে কূলে নিয়ত উজানী নাবিকীর অপরিমেয় জীবনবিশ্বাস শেষ কাব্যে তাঁকে লিপিবদ্ধ করতে দেখি মৃত্যু থেকে জীবনের কালোয়-সাদায় জড়িয়ে অন্ধ দুর্দশা থেকে নবীন উৎসবের পানে মানুষের অনন্তযাত্রার রূপকে, বা প্রজ্ঞায়।

বুঝতে পারি রুশো থেকে রাবীন্দ্রিক সম্মার্গেই জীবনানন্দের কবিযাত্রা, হয়তো সময়ের সমবয়সী বলে মুহূর্তের আরো চাপ তাঁর উপরে ('সাহিত্যধর্ম' থেকে 'আধুনিক কাব্য', তারও পর শেষ দিন পর্যন্ত রবীন্দ্রনাথকেও কম আলোড়িত হতে হয় নি বারে বারে), 'ধূসর পাণ্ডুলিপি'র পর্বান্ত হওয়া মাত্রে সোচ্ছ্বাস মুক্তক ছেড়ে সূমিত প্রতীকবাদের ভরসাও বিচলিত হয়ে যায় নতুন ধ্রুপদবাদ সমাজবাদের উত্তাপে। প্রসঙ্গত, পর্বান্তরের এই দুই নব্যনীতিরই আরম্ভ 'পরিচয়' পত্রিকার সুবাদে, ১৩৩৮এ, আর 'ধূসর পাণ্ডুলিপি'র রচনাকাল ১৩৩৫-১৩৩৬। ১৩৩৫এ রবীন্দ্রনাথকে লেখা চিঠিতে বায়বা কল্পনা আর গীতিপ্রাণতা থেকে চিন্তা বা মননের ভূমিতে কাব্যকে অধিষ্ঠান দেয়ার কথা লিখেছিলেন সুধীন্দ্রনাথ দত্ত, আর ১৩৩৮ এর প্রসিদ্ধ প্রবন্ধে লেখেন অসংলগ্ন রোম্যান্টিক ব্যক্তিবাদ এবং প্রতীকীদের অস্বাস্থ্যকর ভাবালুতা ছেড়ে আবেগের (হৃদগত নয়) বুদ্ধিগত তন্ময় অভিব্যক্তির সন্ধানে নিযুক্ত হওয়ার প্রস্তাব। কিছু কালের মধ্যে জীবনানন্দের প্রবন্ধেও দেখতে পেলুম 'কল্পনা' আর সমন্বয়বিধায়িনীও (esemplastic বা ineinbildung) নয় সে হল 'কল্পনাপ্রতিভা' বা 'কল্পনামনীষা', যে কল্পনার ভিতরে অভিজ্ঞতা ও চিন্তার সারবত্তা রয়েছে। 'মহাপৃথিবী' বইয়ে এসে দেখি তার পৌষ ১৩৪৩এ ছাপা 'স্বপ্ন' কবিতা আষাঢ় ১৩৪৪এ ছাপা 'আদিম দেবতারা' কবিতার পাশে কতদূর কালাত্যয়িত 'স্বপ্ন' কবিতায় অন্ধকার হাতড়ে দেশলাই খুঁজছেন কবি—

যখন জ্বালিব আলো কার মুখ দেখা যাবে বলিতে কি পারো?

এই সহজ বিশ্বাস পরের কবিতায় খসে পড়ছে পরিস্থিতিতে, আর সে কথা কবি যেন সক্ষোভে জানাতে চান : 'পৃথিবীর সেই মানুষীর রূপ?' সে কি 'স্থূল হাতে ব্যবহৃত হয়ে—ব্যবহৃত—ব্যবহৃত—ব্যবহৃত—ব্যবহৃত হয়ে...ব্যবহৃত—ব্যবহৃত হয়ে শুয়ারের মাংস হয়ে যায়?' আর বক্রিম সিদ্ধান্ত করছেন, সেইটেই 'কেমন স্বাভাবিক, কী স্বাভাবিক!' 'মনোবীজ', যে কবিতা নিয়ে সময়োপযোগী ছাপ পাওয়ার এত আশা ছিল, তাতেও স্ফুটিত শুধু একটা তিক্ত দ্বৈত :

জামিরের ঘন বন অইখানে রচেছিল কারা?

আর যারই হোক, মানুষের হাত লাগে নি তাতে। সে স্বভাবপ্রকৃতির রচনা। কেননা, তিনি দেখতে পান, মানুষের সমারূঢ় চিন্তার আঘাত শুধু ইস্পাতেরই আশা গড়ে

—আর ভাবে 'যেন আর নেই কিছু পৃথিবীতে।' এই ইস্পাতই পরিণামে 'অন্তবিহীন ক্যাস্টরি ক্রেন ট্রাকের শব্দে ট্র্যাফিক কোলাহলে' ঘিরে পড়েছে 'মেশিনকণ্ঠে', কিন্তু কবি বলছেন, আজকেও, 'যদিও পৃথিবী আজ সৌন্দর্য্যেরে ফেলিতেছে ছিঁড়ে'—তাও 'সৌন্দর্যের ভূত' হৃদয়ের 'কল্পনার অবিনাশ মহনীয় উদ্গীরণ থেকে উঠে আসে।' আর এ কল্পনা হয়তো স্বপ্নাদ্য কল্পনা, এবং অসম্ভবেরই প্রত্যয়ী—কল্পনামনীষা তত নয়।

এর পরে বারেবারেই বিপরীতের মুখোমুখি দেখি তাঁর আদ্য প্রবণতাকে, একদা যাকে নিত্য বলে মেনেছিলেন। শ্বেতাশ্বতর থেকে দীপঙ্কর শ্রীজ্ঞান, বুদ্ধ থেকে মহীয়সী নারী তার শিশু এখনও অনপনেয় তাঁর চিত্তে, তবু দেখতে পান নক্ষত্রস্পর্শী অমেয় সিঁড়ি ভেঙে গেছে, 'যারা বড়ো, মহীয়ান—কোনো-এক উৎকণ্ঠার পথে/তবু স্থির হয়ে চলে গেছে', এবং 'কোথাও মহান কিছু নেই আর'। তা সত্ত্বেও বোঝাপড়া করে নেন এইভাবে

আমাদের হাড়ে এক নির্ধূম আনন্দ আছে জেনে
পঙ্কিল সময়স্রোতে চলিতেছি ভেসে ;
তা না হলে সকলই হারায়ে যেত ক্ষমাহীন রক্তে—নিরুদ্দেশে।

হারায় নি। তা সত্ত্বেও প্রতিপক্ষের কালিমা যত কিংবা কির্কেগার্ডের romantic ironist হিসেবে, ঘন হয়ে উঠেছে ক্রমাগত উদ্বাস্তু হয়েছে যাকে বলে আলিয়েনেশন—সনাতন হেগেলীয় অর্থে, এবং ব্যক্তি-সদিচ্ছার অসহায় বিনিপাতে শ্লেষ-বক্রতারই শরণ নিয়েছেন তিনি ক্রমাগত, সে সব লেখা একত্র করে যান নি গ্রন্থাকারে—কাজেই রোম্যান্টিক থেকে নিয়ো-রোম্যান্টিকের অন্তর্বর্তী প্রতিক্রিয়াতুর কাব্যধায় হঠাতে চোখে না পড়তে পারে পাঠকের।

৫

১৯১৮ থেকে ১৯৩৮-এর নতুন কবিতা নিয়ে রোম্যান্টিক-উত্তর রবীন্দ্রপরপর্বের 'আধুনিক বাংলা কবিতা' সংকলন বেরোয় ১৯৪০-এ, মননজীবী ও সাম্যবাদী কবিতার প্রথম গণনীয় উপস্থাপনা সে বইয়ে। আগেই বলেছি, জীবনানন্দ সে বইয়ে গোচর গুরুত্ব পান নি। পরে তাঁর মনীষার পর্যালোচনা হয়েছে, সমাজচেতনারও স্বীকৃতি হয়েছে, কিন্তু ধ্রুপদাচার বা মার্কসায়নে কোথাওই তিনি সুগণ্য হয়েছেন বলা যাবে না। হয়তো তাঁর ভাবাতুর বা রোম্যান্টিক চিত্ত তিরিশ-চল্লিশ দশকের সুপ্রচারিত অস্তিত্ববাদের বলয়ে ঘোরাফেরা করেছে, কিন্তু শেষ দিকের লেখাতেও হৃদ্গত প্ররোচনায় আবেগের অমিত পুনরুক্তি সহকারেই তিনি সমাজ আর স্বভাবের বিষম সহাবস্থানের তিক্ততা, কখনও ট্র্যাজেডি সঞ্চার করে দিয়েছেন নব প্রজন্মের পাঠকচিত্তে, এবং দেখতে পাই সতীর্থ কবিদের অতিক্রম করে জনপ্রিয় হয়ে উঠেছেন ক্রমাগত। তাঁর সতীর্থ মননবাদীদের সম্বন্ধে জীবনানন্দ লিখেছিলেন, 'বাংলার মাটিতে রবীন্দ্রনাথের যুগে এসে যারা ভাবাবেগ ও রোম্যান্টিসিজমকে সংহত ক'রে কবিতার ভিতরে তীর্থিকের মতো তপঃশক্তি অথবা হোরেসের রীতি অথবা নিজেদের হৃদয়ের

Scanned with ACE Scanner

স্বপ্নস্থরিত অন্য এক সংহতি আনতে চায়, তারা তাকিয়ে দেখে উপরে-নীচে-সম্মুখে রবীন্দ্রকাব্যের অনপনেয় ছায়ায় তাদের স্বাবলম্বনের বিবর্তন চলেছে।' আর সাম্যবাদীদের সূত্রে তাঁর সদা অনুজকল্প অরুণকুমার সরকার লিখেছেন, 'চল্লিশের সব কবিই একদা প্রচুর রাজনৈতিক কবিতা লিখেছেন, সাময়িকপত্রের ধুলো ঝেড়ে সে-সব রচনাগুলোকে আবিষ্কার করার প্রয়োজন নেই। শুধু মনে করিয়ে দিতে চাই যে চল্লিশের কবিদের অনেকটা শক্তি রাজনীতির সেবায় ক্ষতপ্রাপ্ত হয়েছিল।' আর এই মনন ও রাজনীতি দুটিকেই অপসারণ করে আমাদের নতুনতর কবিতার যে যাত্রা, যেখানে জীবনানন্দের উপস্থিতি পুঞ্জিত হয়ে আছে অনেকটাই, তার পরিচয়, ব্যাখ্যাপর ভাষায় : 'কবিতায় নিয়ো-রোমান্টিক আবহাওয়া এখন আর অনেক কবির কাব্যেই আত্মগোপন করে নেই।'

কী সে লক্ষণ নিয়ো-রোমান্টিক আবহাওয়ার? যে আকর থেকে পরিভাষা-শব্দটি নেওয়া সেখানে দেখি দ্বিতীয় মহাযুদ্ধের প্রাক্কালে গড়ে উঠেছে নিউ অ্যাপক্যালিপসের একটা গোষ্ঠী, আর ক্রমে তারা সামিল হয়েছে নিউ-রোমান্টিক ভাবনাতে (বা আন্দোলনে)—তার শুরুতে রাজনীতি-পরাবাস্তব, অবচেতন-মার্কসীয়তা যাই থাক ক্রমে তার লেখকেরা বিরুদ্ধ হয়ে দাঁড়িয়েছেন অবচেতন স্বপ্নোদ্ধারের, মেশিন দুনিয়ার, তথাকথিত সমাজচেতনার, মুখ্য হয়ে উঠেছে তাঁদের ব্যক্তিবাদ পরাদৃষ্টি রোম্যান্টিক চিৎবৃত্তি। দ্বিতীয় যুদ্ধে লণ্ডনের বিমানহানায় ঝলসে মরা শিশুবালিকাটিকে নিয়ে তার আরম্ভ-পরিচ্ছেদের কবি ডিলান টমাস যখন লিখলেন তাঁর *Refusal to Mourn*.... ব্যাখ্যাতা জানালেন, সে হল যুদ্ধকালীন প্রোপাগাণ্ডা লেখার refusal, বা অস্বীকৃতি। তাঁরা সর্বোপরি চান যন্ত্র, যান্ত্রিক চিন্তানুবর্তন, ডান-বাম উভয় রাজনীতি-নির্বন্ধ থেকে স্বাধীনতা, কেননা ব্যক্তিবিকাশের তারা প্রতিবন্ধ। তাঁরা চান ঐতিহ্যে গ্রথিত একটা পূর্ণাঙ্গ ব্যক্তিত্বের সামগ্রিকতা যা না হলে শিল্পীর চলে না। তাঁদের সংযুক্ত এক তাত্ত্বিক জি. এস. ফ্রেজার লিখেছেন '...be yourself, you matter more than wars and politics, more than creeds, systems, and ideas...' (*The White Horseman* (1941) সংকলনের 'Apocalypse in Poetry' নামে ভূমিকানিবন্ধ)। এঁদের মুখ্য তিনখানি সংকলনেরই (অবলম্বন কিছু পত্রপত্রিকারও) চলাচল হয়েছে এখানে পঞ্চাশের দশকে (প্রবীণদের 'কবিতা' পত্রিকারও কিছু প্রশ্রয় ছিল তখন এই ধারা লেখায়)। আর আমাদের এখানেও তখনই দেখি একটা দীর্ঘ উপচিত দশকের রচনাকূট এবং প্রগতিনির্দেশ দুইই শিথিল হয়ে ফের ফিরে এসেছে সহজ দৃষ্টিতে দেখা জীবন আর পরিপার্শ্ব, কখনও কিছু মাত্রাধিক আত্মবাদ, আর সোচ্ছ্বাস ভাঙাচোরা পয়ারবন্ধের পাশাপাশি সচ্ছন্দ গীতপ্রাণ লিরিক। জীবনানন্দের নিজের দৃষ্টি, বা সৃষ্টিও তা নয় ; কিন্তু তিনি যে বিশেষভাবে প্রণোদনা করেছেন এমন একটা নতুন পর্বারম্ভের, পঞ্চাশ দশকের কবিতাচর্চার খোঁজ নিলে তা চোখ এড়ায় না।

জীবনানন্দ দাশ : শতাব্দীর শেষে

শুভরঞ্জন দাশগুপ্ত

আমরা নতুন শতাব্দীর দ্বারপ্রান্তে দাঁড়িয়ে আছি, বিদায়ী শতাব্দীর রত্নসম্পদ অটুট রাখতে আমরা দায়বদ্ধ। কালের এই সন্ধিক্ষণে কোনও আগ্রহী সংকলক বা সম্পাদক ভাবতেই পারেন—"বিংশ শতাব্দীর শ্রেষ্ঠ কবিদের নির্বাচিত কবিতার একটি সংকলন করা যাক।" যদি এই সম্ভাব্য সংকলনে, সঙ্গত-অসঙ্গত নানান কারণের ভারে, মাত্র দুজন বাঙালি কবির রচনাই স্থান পায়, সেই দুজন ভাগ্যবান কে হবেন? উত্তর সহজ —রবীন্দ্রনাথ এবং জীবনানন্দ। আরও এক ধাপ এগিয়ে বলি, যদি সম্পাদক বা নির্বাচক বিংশ শতাব্দীর আধুনিক কবিতার একটি সংকলন করতে প্রয়াসী হন এবং জোর দেন 'আধুনিক' শব্দটির উপর; তদোপরি তাঁকে বলা হয় বাংলাভাষী মাত্র একজন কবিরই অন্তর্ভুক্তি সম্ভব, সেক্ষেত্রে তিনি কাকে বেছে নেবেন—রবীন্দ্রনাথ না জীবনানন্দ? এ প্রশ্নের উত্তর অতটা সহজ নয় কারণ তাঁর একটি চোখ নিবদ্ধ হবে 'পুনশ্চ' থেকে শুরু করে 'শেষ লেখা' পর্যন্ত প্রসারিত এক শাশ্বত আধুনিক কবির অক্ষয় কাব্য পরিক্রমার উপর, অন্যদিকে আর একটি চোখ 'সাতটি তারার তিমির' আর 'ধূসর পাণ্ডুলিপি'-র পাতাগুলির উপর স্থির রয়ে যাবে। কাকে বাছবো? যিনি, শেষ পর্বে রোমান্টিক অনুভূতিকে আদ্যন্ত আধুনিক আবিশ্ব বিযুক্তির সঙ্গে গ্রথিত করে লিখেছিলেন, "তারপর জানি যবে।/ তুমি চলে যাবে,/ আতঙ্ক জাগায় অকস্মাৎ / উদাসীন জগতের ভীষণ স্তব্ধতা" (গহন রজনী মাঝে, রোগশয্যায়), না, তাঁকে যিনি বিযুক্তিকে অতিক্রম করার উদ্দেশ্যই মানুষ আর মানুষীর মনকে গেঁথে দিতে চেয়েছিলেন চিরস্থায়ী বন্ধনে, "যে-জিনিস বেঁচে থাকে হৃদয়ের গভীর গহ্বরে!—/ নক্ষত্রের চেয়ে আরো নিঃশব্দ আসনে/ কোনো এক মানুষের তরে এক মানুষীর মনে।" (নির্জন স্বাক্ষর, ধূসর পাণ্ডুলিপি)

হয়তো বা এই অনিশ্চয়তা থেকে নিক্রমনের ইঙ্গিতটুকু দিয়েছিলেন শঙ্খ ঘোষ তাঁর 'জীবনানন্দ : উত্তরাধিকার' শিরোনামের প্রবন্ধে। শঙ্খ ঘোষ লিখেছিলেন, "রবীন্দ্রনাথের কবিতায় নয়, আধুনিক পাঠক তাঁর জীবন খুঁজে পান জীবনানন্দেরই রচনায়—'কবিতা' পত্রিকার শেষ পর্যায়ে প্রত্যক্ষ তুলনা দিয়ে একথা বলতে শুরু করলেন নিরুপম চট্টোপাধ্যায় বা জ্যোর্তিময় দত্তের মতো সেদিনকার তরুণেরা। 'চিনেবাদামের মতো বিশুষ্ক বাতাস', বা 'হাইড্র্যান্ট খুলে দিয়ে কুষ্ঠরোগী চেটে নেয়

Scanned with ACE Scanner

জল' বা 'একটি মোটরকার গাড়লের মতো গেল কেশে': এধরণের ছোট ছোট একটি উচ্চারণ কীভাবে রবীন্দ্রনাথের কবিতার অনেক দীর্ঘ বর্ণনার তুলনায় অনেক সহজে তুলে আনে শহরের আত্মা, এঁরা তো দেখালেন সেদিন।"[১] লক্ষণীয়, অনেক আগে থেকেই তাহলে জীবনানন্দকে আধুনিক কবিচরিত্র ও শৈলীর আদর্শ দৃষ্টান্ত হিসেবে উপস্থাপিত করা হয়েছে; যে আধুনিকতার অভ্রান্ত লক্ষণ বর্ণনার সংহতি, উপমার নির্ভীক নবত্ব, শৈলীর ধারালো ব্যঞ্জনা। কিন্তু, ভুললে চলবে না, 'কবিতা' পত্রিকার সম্পাদক বুদ্ধদেব বসু স্বয়ং এই সংহত চিত্রকল্পের স্রষ্টা জীবনানন্দের বিরুদ্ধেই অতিকথন ও পুনরুক্তির অভিযোগ উত্থাপন করেছিলেন। বুদ্ধদেব বসুর ভাষায়, "রবীন্দ্রনাথ পুনরুক্তির সম্রাট, কিন্তু তাঁর প্রতিটি পুনরুক্তি একটি নতুন সৃষ্টি হয়েছে, সেজন্য সেগুলি পুনরুক্তি বলে মনেই হয় না। জীবনানন্দের ক্ষেত্রে তা হয়নি। 'মহাপৃথিবী'র শেষের দিকে যেসব কবিতা আছে, সেগুলি যেন কতগুলি বাঁধাধরা বাক্যের বিচিত্র ও অদ্ভুত সংস্থাপন মাত্র...একে পুনরুক্তি না বলে নিজের অনুকৃতি বলতে হয় এবং কবি যখন নিজের অনুকরণ করেন তখন দেবতারা দীর্ঘশ্বাস ফেলেন।"[২] উচ্ছ্বাস ও দীর্ঘশ্বাসের এই দোটানার মধ্যে পড়ে আমরা নিজেদেরই অবশেষে প্রশ্ন করি শ্রেষ্ঠত্ব নির্ধারণ করব কি করে, উৎকর্ষ এবং অপকর্ষর সহাবস্থান যেখানে অনিবার্য।

অলোকরঞ্জন দাশগুপ্ত যে বোদ্ধার সঙ্গে সুদূর প্রবাসে জীবনানন্দের কবিতা বিষয়ে আলোচনা করেছিলেন, সেই সুপণ্ডিত দার্শনিক ও নন্দনতত্ত্ববিদ হান্স গেয়র্গ গাদামার একবার একটি সেমিনারে শ্রেষ্ঠত্বের অন্যতম পূর্বশর্ত হিসেবে স্মৃতির বিধানের উল্লেখ করেছিলেন। হাইডেলবার্গে অনুষ্ঠিত সেই আলোচনায় ছাত্রছাত্রীরা প্রশ্ন করেছিলেন, গোয়েটের পর কোন জার্মান কবিকে নিঃসংকোচে আমরা শ্রেষ্ঠ শিরোপা দেব-সেই সৃজনপর্বটিকে স্মরণে রেখে যার সূচনা ফ্রীডরিশ হোল্ডারলীন দিয়ে এবং শেষ হাইনরিখ হাইনের কবিতায়। বলাবাহুল্য, দুই প্রান্তের দুই স্তম্ভের ভিতরই একজনকে সেদিন বেছে নেওয়া হয়েছিল; এমনকী অন্তর্বর্তী ক্লেমেনস মারিয়া ব্রেনটানো এবং য়োসেফ ফন আইশেনডর্ফ-কেও সেদিন অবহেলা করা হয়। হোল্ডারলীন আর হাইনের বিবিধ গুনাগুন নিয়ে তুলনামূলক বিশ্লেষণ যখন প্রায় উত্তপ্ত বিতর্কে পর্যবসিত, সঙ্গে সঙ্গে প্রতিযোগিতামূলক উদ্ধৃতি একদিকে হোল্ডারলীন-এর 'সূর্যাস্ত' অন্যদিকে হাইনে-র 'লোরেলাই' থেকে—তখনই প্রাজ্ঞ অধ্যাপক জিজ্ঞাসা করেছিলেন, কার কবিতার পঙক্তি স্মৃতির সম্ভারে পরিণত? কেননা, তাঁর মতে, "Memory's verdict is the faultless touchstone of poetry." প্রশ্নের উত্তরে, সচেতন নয়, স্বতস্ফূর্ত স্মৃতিভার থেকে উচ্চারিত হতে থাকে হাইনের কবিতার পঙক্তি। অবশেষে হোল্ডারলীন ভক্তরাও গলা মেলান হাইনের দুটি অম্লান কবিতার সঙ্গে 'লোরেলাই' আর 'তুমি যেন ফুলের মতন'। প্রসঙ্গত, যাঁরা সেদিন হাইনের পক্ষে সরব হয়েছিলেন, তাঁরা ম্যাথু আর্ণল্ড-এর

সুপরিচিত বিচার সম্পর্কে অবহিত ছিলেন না "...in the European poetry of that quarter of a century which follows the death of Goethe, (Heine is) incomparably the most important figure." হাইনের পঙক্তিগুলি ঘুরেফিরে এসেছিল বারংবার, তাই এগুলিকে আমরা মগ্ন প্রবচন বলে অভিহিত করতে পারি। পরের প্রশ্ন হল, কটি মগ্ন প্রবচন বা কবিতা সামগ্রিক শ্রেষ্ঠত্বের নির্ধারক। গটফ্রিড বেন বলেছিলেন "শ্রেষ্ঠ কবির কাছে সবশুদ্ধ পাঁচটি শুদ্ধ কবিতা আমরা আশা করব", কিন্তু অলোকরঞ্জন দাশগুপ্ত পাঁচটির ভিতর সীমিত না থেকে দাবি করেছেন উত্তীর্ণ পঞ্চাশটি কবিতায় জীবনানন্দ তাঁর আরব্ধ শিল্পযোগ উৎকীর্ণ করে রেখে গিয়েছেন। এই পঞ্চাশটি কবিতা, রবীন্দ্রনাথের জনপ্রিয়তাকে পার হয়েও, বাংলা যাদের মাতৃভাষা তাদের হৃদয়ে চিরদিনের জন্য মুদ্রিত হয়ে গিয়েছে।" [৪] এই সাফল্যের নিরিখেই অলোকরঞ্জন নির্জনতম জীবনানন্দকে বাংলাভাষার জনপ্রিয়তম কবি বলেছেন।

অত্যাশ্চর্য এই বিরোধাভাস, অর্থাৎ নির্জন জনপ্রিয়তা বা জনপ্রিয় নির্জনতা। মঞ্চে দাঁড়িয়ে সবাইকে শুনিয়ে আমরা মগ্ন প্রবচনগুলি উল্লেখ করিনা, পক্ষান্তরে নিবিড় প্রেমের মুহূর্তে বলি, "তুমি তা জাননা কিছু, না জানিলে, আমার সকল গান তবুও তোমারে লক্ষ্য করে।" (নির্জন স্বাক্ষর, ধূসর পাণ্ডুলিপি) এবং তুমুল কোনও রিক্ততার অভ্যন্তরে দাঁড়িয়ে আমরা বিড়বিড় করি, "অর্থ নয়, কীর্তি নয়, সচ্ছলতা নয়/ আরো এক বিপন্ন বিস্ময়/ আমাদের অন্তর্গত রক্তের ভিতরে খেলা করে; আমাদের ক্লান্ত করে।" (আট বছর আগে একদিন) এই উদ্ধৃতিগুলি প্রমাণ করে যে স্মৃতিই এক্ষেত্রে কঠিন বিচারক, সেই কবিতাগুলি সে বেছে নিয়েছে যেগুলি ভাষা ও চেতনার উৎকর্ষে উজ্জ্বল, যেগুলি আমাদের cathartic language বা পরিশুদ্ধভাষার অঙ্গ। এই কবিতাগুলিতেই, নর্বটি ফিউগেন-এর মতো নন্দনতত্ত্ববিদ নিরীক্ষণ করেছেন, "A superior constellation of creative elements, that is the deciding factor." [৫] অবশ্যই, তিরিশের অন্য দুই স্তম্ভ সুধীন্দ্রনাথ দত্ত এবং বিষ্ণু দে-র একাধিক কাব্যগ্রন্থে এই superior constellation-এর সন্ধান আমরা পাই; 'অঙ্গে আমার দেবে না অঙ্গীকার' এবং 'কৃষ্ণচূড়া নিষেধে মাথা নাড়ে' আমাদের পরিশুদ্ধ ভাষারই অঙ্গ নিঃসন্দেহে; তা সত্ত্বেও এগুলি কি জীবনানন্দের জনপ্রিয় নির্জনতার উচ্চতম পর্যায়ে উন্নীত? মাঝেমধ্যে উন্নীত যেমন সুধীন্দ্রনাথ যখন লেখেন "একটি কথার দ্বিধাথরথর চূড়ে" বা বিষ্ণু দে "কৃষ্ণচূড়া রাঙে সেও-তো হাহাকার"। কিন্তু আজ হয়তো নব্বই দশকের অন্তিমক্ষণে স্বীকার করতে হবে যে এঁদের সমগ্র কাব্যভুবন থেকে আমাদের চয়ন ও আহরণের সংখ্যা বা পরিমাণ জীবনানন্দের একটি কাব্যগ্রন্থ থেকে অনায়াসে উঠে আসে। অন্যভাবে বললে, জীবনানন্দ, রবীন্দ্রনাথের পরে, আমাদের অন্তরের কবিতে পরিণত। এবং সেই কারণেই অনেক পাঠক 'সাতটি তারার তিমির' খুলে একের পর এক প্রবচন উচ্চারণ করতে সক্ষম, স্মৃতির নির্দেশে আর সত্তার সহমর্মিতায় :

Scanned with ACE Scanner

এক : সুরঞ্জনা ওইখানে যেয়োনাকো তুমি,
বোলোনাকো কথা ওই যুবকের সাথে
ফিরে এসো সুরঞ্জনা
নক্ষত্রের রুপালি আগুন ভরা রাতে ; (আকাশলীনা)

দুই : যদিও সে-সব কবি ক্ষুধা প্রেম আগুনের সেঁক
চেয়েছিলো—হাঙরের ঢেউয়ে খেয়েছিল লুটোপুটি (সমারূঢ়)

তিন : কয়েকটি নারী যেন ঈশ্বরীর মতো:
পুরুষ তাদের : কৃতকর্ম নবীন ;
খোঁপার ভিতরে চুলে : নরকের নবজাত মেঘ,
পায়ের ভঙ্গির নিচে হঙকঙের তৃণ। (গোধূলিসন্ধির নৃত্য)

চার : পৃথিবী প্রবীণ আরো হয়ে যায় মিরুজিন নদীটির তীরে;
বিবর্ণ প্রাসাদ তার ছায়া ফেলে জলে। (একটি কবিতা)

পাঁচ : হাইড্র্যান্ট খুলে দিয়ে কুষ্ঠরোগী চেটে নেয় জল ;
অথবা সে-হাইড্র্যান্ট হয়তো বা গিয়েছিলো ফেঁসে।
এখন দুপুর রাত নগরীতে দল বেঁধে নামে।
একটি মোটরকার গাড়লের মতো গেল কেশে। (রাত্রি)

ছয় : সহসা নদীর মতো প্রতিভাত হয়ে যায় সব ;
নয়টি অমল হাঁস নদীতে রয়েছে মনে পড়ে। (হাঁস)

সাত : দেখা দিতে এলো তারা কামিনীর কাছে;
মানবের মরণের পরে তার মমির গহ্বর
এক মাইল রৌদ্র পড়ে আছে। (শ্বেতে প্রান্তরে)

আট : তৃতীয় চতুর্থ—আরো সব
আন্তর্জাতিক গড়ে ভেঙে গড়ে দীপ্তিমান কৃষিজাত জাতক মানব।
(সৌরকরোজ্জ্বল)

নয় : সেই মহাশ্মশানের গর্ভাঙ্কে ধূপের মতো জ্বলে
জাগে না কি হে জীবন—হে সাগর—
শকুন ক্রান্তির কলরোলে। (সূর্যতামসী)

দশ : মানবের সমাজের মতন একাকী
নিবিড় নাবিক হলে ভালো হয়;
হে নাবিক, হে নাবিক, জীবন অপরিমেয় নাকি। (নাবিকী)

'সাতটি তারার তিমির'-এর অভূতপূর্ব আলোআঁধারি এখনও আমাদের পুরোপুরি ঘিরে ধরেনি, বেশ কয়েকটি কবিতা আমরা উপেক্ষা করেছি, তা সত্ত্বেও পরিক্রমা শেষ হবার আগেই এতগুলি প্রবচন উঠে এসেছে। এই কীটসীও fine excess বা সুচারু আধিক্যের অভিজ্ঞতা ছড়িয়ে যায় অন্যান্য গ্রন্থেও—'বনলতা সেন'-এ 'মহাপৃথিবী'তে

'রূপসী বাংলা'য়। বিষ্ণু দে আর সুধীন্দ্রনাথ আমাদের প্রিয় কবি অবশ্যই, তাদের কবিতার পাঠ কোনওদিন সাঙ্গ হবে না, তবু অবিকল একই সুচারু আধিকা তাদের সম্ভারে আছে বলে মনে হয় না। কারণ, জীবনানন্দ আমাদের যেভাবে যতবার অন্তর্দীপ্ত করেছেন ও করে চলেছেন সেভাবে রবীন্দ্র পরবর্তী অন্য কোনও কবি করেননি। তাঁরই ভাষা হরণ করে বলা যায়, মানবস্বভাব তাঁর কবিতার স্পর্শে আরো ঋত অন্তর্দীপ্ত হয়।

জীবনানন্দের এই অপ্রতিরোধ্য উত্থান 'ধূসর পাণ্ডুলিপি' প্রকাশের পর থেকে শুরু হয়। এই গ্রন্থেই, তিনি দুঃখ ও আনন্দের প্রবল যুগপৎ তাড়নায়, রেমণ্ড উইলিয়ামস-এর ভাষায়, এমন একটি structure of feeling* উপহার দিয়েছিলেন যেটির অর্ন্তনিহিত বিপ্রতীপতা এর আগে সেভাবে পরিলক্ষিত হয়নি। বড় সাধ জাগে 'ধূসর পাণ্ডুলিপি'র প্রথম অনবদ্য কবিতা 'নির্জন স্বাক্ষর'-এর অনুভবের সঙ্গে রবীন্দ্রনাথের 'শেষ লেখা'-র 'তোমার সৃষ্টি'র পথ-এর চেতনা মিলিয়ে পাঠ করতে। সূচনা এবং অন্তিমের এই দুটি উচ্চারণই দারুণ আধুনিক কিন্তু কি বিপুল দূরত্ব দুটির ভিতর!! রবীন্দ্রনাথ যেখানে ১৯৪১ সালের তিরিশে জুলাই সকাল সাড়ে নটায় 'মিথ্যা প্রবঞ্চনা ছলনার' নিপুণ, সর্বব্যাপী বেড়াজাল ছিন্ন করে বলছেন সুনিশ্চিত "শান্তির অক্ষয় অধিকার"-এর কথা, জীবনানন্দ সেখানে অন্তত পাঁচবছর আগে—ধূসর পাণ্ডুলিপির প্রকাশসন ১৯৩৬—এক কম্পমান অনিশ্চয়তার রেশ ছড়িয়ে দিয়েছেন 'নির্জন স্বাক্ষর'-এ। কবিতাটির রন্ধ্রেরন্ধ্রে আমরা যে dialectical tension বা দ্বান্দ্বিক আততির নান্দনিক বিন্যাস দেখি, তা প্রকৃত অর্থেই নতুন। একদিকে কবি দেখে চলেছেন এই সৃষ্টির অবধারিত ক্ষয়, শীতার্ত বিলুপ্তির দিকে যাত্রা: "বাহিরের আকাশের শীতে /নক্ষত্রের হইতেছে ক্ষয়, /নক্ষত্রের মতন হৃদয়/ পড়িতেছে ঝরে —/ ক্লান্ত হয়ে—শিশিরের মতো শব্দ করে" অন্যদিকে জীবনের স্পর্ধিত সাহস তাঁকে প্ররোচিত করেছে লিখতে, "তোমারে নিতেছে ডেকে জীবন অবাধ! জীবন অগাধ।" সৃষ্টি ও বিলুপ্তির এই আবর্তে মধ্যবিন্দুর মতো দাঁড়িয়ে আছেন কবি স্বয়ং, "আমি সেই পুরোহিত— সেই পুরোহিত। যে-নক্ষত্র মরে যায়, তাহার বুকের শীত/ লাগিতেছে আমার শরীরে,"। চরম অনির্দিষ্টতার বৃত্তে ঘূর্ণায়মান কবি শুধু প্রশ্ন করে গেছেন ভালোবাসার বিশুদ্ধ প্রাবল্যে, "হেমন্তের ঝড়ে আমি ঝরিব যখন—/ পথের পাতার মতো তুমিও তখন।। আমার বুকের পরে শুয়ে রবে?" এ ভালোবাসা ব্যক্তি সীমানার প্রান্ত ছাড়িয়ে, ঋতুচক্র আকাশ নক্ষত্র, মাঠ ঘাস পাতা সব কিছুকে আলিঙ্গন করে মানুষ আর মানুষীকে একাত্ম করতে চায়, "কোনো এক মানুষের তরে এক মানুষীর মনে"। যতবার এই অমোঘ পঙক্তিটি পড়ি ততবারই Economic and Philosophic Manuscripts-এর লেখক কার্ল মার্কস-এর চিন্তাসূত্রটি মনে পড়ে "the relation of man to woman is the most natural relation of human being to human being"। নির্দ্বিধায় দাবি করা যেতে পারে যে, নির্জন স্বাক্ষর-এর প্রশ্নাকীর্ণ

Scanned with ACE Scanner

অবয়বেই জীবনানন্দের সমগ্র কাব্য-অন্বেষণের নির্যাসটি রক্ষিত। শুধু তাই নয়, মানুষীর প্রতি তার সকল গান নিবেদিত করে কবি সেই চিরন্তন দ্বন্দ্বময়ী সংঘাতেরই অবসান চেয়েছেন যা মার্কসেরও অভীষ্ট ছিল। দৃঢ় প্রত্যয়ী, দার্শনিক মার্কস লিখেছিলেন, it is the genuine resolution of the conflict between man and nature and between man and man—the true resolution of the strife between existence and essence, between objectification and self confirmation, between freedom and necessity, between the individual and the species"[৭] আর দ্বিধাদ্বন্দ্বে বিদীর্ণ কবি resolution-এর সাধক হয়েও কবিতাটিকে ভরিয়ে তুলেছেন প্রশ্নসংকুল বিস্ময়চিহ্নে। অলোকরঞ্জন দাশগুপ্তর অনবদ্য মন্তব্য ধার করে বলি, "এখানে সেই রক্তাক্ত বোধনেরই বিসর্জনময় প্রতিষ্ঠা।"

ভাবতে অবাক লাগে, যার সূচনাই এতটা মহাজাগতিক, তাঁকে কেন এত গঞ্জনা সহ্য করতে হয়েছে। বুদ্ধদেব বসু কবিতার সঙ্গত—সমালোচনা করেছিলেন এই পর্যন্ত, কিন্তু সজনীকান্ত দাস—তিনি কি করেছিলেন ? "আকাশ ছড়ায়ে আছে নীল হয়ে আকাশে আকাশে"-র মতো চিরায়ত পঙক্তি পড়ে তাঁর মনে হয়েছিল "অনেকটা হরির উপরে হরি হরি শোভা পায়। হরিকে দেখিলে হরি হরিতে লুকায়।" তকমাহীন, নিরাশ্রিত এই কবির বিরুদ্ধে অবক্ষয় আর অশ্লীলতার উটকো অভিযোগও উত্থাপন করা হয়। আর আজ উচ্ছ্বসিত প্রতিক্রিয়ার ব্যাপ্তি ও বৈচিত্র দেখে সন্দেহ জাগে —সত্যি কি অতীতে এতসব ঘটেছিল? প্রতিক্রিয়ার কয়েকটি মূল স্বরক্ষেপ তালিকাভুক্ত করা যাক:—

এক: যাঁরা অতীতে পুষ্ট শ্যামল ছায়াসুনিবিড় বাঙালি সত্তার প্রবক্তা, 'রূপসী বাংলা' তাঁদের কাছে গীতা বা কোরাণের মতো। দ্বিতীয় কোনও 'রূপসী বাংলা' লেখা হয়নি, লেখা হবেও না। ভালটার বেঞ্জামিন যাকে hymnic memory[৮] বলেছেন, এবং যে স্মৃতির কীর্তনকে আশ্রয় করে কবিতায় দুর্মর আবহ বা মায়াময়তা জেগে ওঠে, সেই memory 'রূপসী বাংলাকে' সময়ের শৃঙ্খল থেকে মুক্ত করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণের দেয়ালে লেখা ছিল "তোমার যেখানে সাধ চলে যাও—আমি এই বাংলার পারে রয়ে যাব," গল্প লেখক হারুণ হবিব তাঁর পত্রিকার নাম "জীবনানন্দ" রেখে মেলাতে চাইছেন বাংলাভাষীদের এবং, সর্বোপরি, মুক্তিযোদ্ধারা 'রূপসী বাংলা' পাঠ করতেন অনুপ্রেরণা লাভের জন্য। নির্জনতম কবি কি কোনওদিন ভেবেছিলেন যে শঙ্খমালা, চন্দ্রমালা, মানিকমালার কাঁকনের স্মৃতি মুক্তিযোদ্ধার শ্লোগানকে আরও উত্তাল করে তুলবে?

দুই : যাঁরা মার্কসীয় প্রগতির জয়যাত্রায় বিশ্বাসী, তাঁরা 'তিমিরবিনাশী' জীবনানন্দের প্রতি অঙ্গীকারবদ্ধ।

তিন : যে বিধ্বস্ত ব্যক্তিমানুষ সান্ত্বনার খোঁজে হয়রাণ, সে আঁকড়ে ধরে তাঁর বিপন্ন বিস্ময়কে।

Scanned with ACE Scanner

চার : এবং যারা কবিতার বিশুদ্ধ অস্তিত্বে এখনও বিশ্বাসী, সেই pure poetry-র সাধকেরাও তাঁরই কবিতায় সৃজনের অবিমিশ্র পূর্ণতার সন্ধান পায়।

বেশ কয়েক দশক ধরে সমান্তরালভাবে বয়ে চলেছে গ্রহণের এই এক একটি কৃতজ্ঞ ধারা, এবং জন্মশতবর্ষে ধারাগুলি সম্মিলিত হয়ে বহুমাত্রিক, অকৃপণ সংবর্ধনার একটি তরঙ্গের সৃষ্টি করেছে। অন্য কোনও মাপকাঠির প্রয়োজন নেই, এই তরঙ্গই তাঁর শ্রেষ্ঠত্বের প্রমাণ।

পশ্চিমের নন্দনতত্ত্ববিদেরা যাকে Aesthetics of Reception বলেছেন, সেই নান্দনিক গ্রহণই এই এক একটি অনুভব-প্রতিক্রিয়াকে কেন্দ্র করে নির্মিত। পাঠকের নির্দিষ্ট ভাবনা কবিতারই নির্দিষ্ট ভাবের সঙ্গে যুক্ত হয়ে যায় এবং ক্রমে এই পথে এগোলেই, কবিতার সমগ্র ভাবমণ্ডল ভাস্বর হয়ে ওঠে। ভাবমণ্ডল যত সমৃদ্ধ, যত বহুমুখী যত ব্যঞ্জনাময়, কবিতা ততই উৎকৃষ্ট। ঠিক এই নিরিখেই 'নির্জন স্বাক্ষর' একটি উত্তীর্ণ কবিতা কারণ এর অক্ষরে অক্ষরে সেই বর্ণাঢ্য surfeit of meaning বা অর্থময়তার প্রার্থিত প্রাচুর্য নিহিত যা কালজয়ী কবিতার বৈশিষ্ট। কিন্তু গালভানো ডেলা ভোলপে-র মতো বিশ্লেষক দাম্ভে থেকে ইউজেনিও মন্তালে-র কবিতা বিশ্লেষণ করে দেখিয়েছেন, এই ভাবপ্রাচুর্য তখনই পাঠককে উদ্দীপিত করে, যখন কবিতার ভাষা বোধগম্য।[১০] জীবনানন্দ প্রকাশের অপরিহার্য স্বাতন্ত্রের উপর জোর দিলেও, স্বকীয়তাকে দুর্বোধ্য করে তোলেননি। এমনকী, সূক্ষ্মতম অনুভূতি এবং গভীরতম অনুভবপ্রকাশ করার পর্বেও তিনি দৈনন্দিন ভাষার প্রচলিত বিন্যাস আর বাকস্পন্দকে মূল্য দিয়েছেন, অবশ্যই স্বাক্ষরের নিজস্বতাকে অটুট রেখে। আজ যদি আমরা প্রশ্ন করি, জীবনানন্দের কোন পঙক্তিগুলি আমাদের ভিতরকে একেবারে তছনছ করে দেয়, মানবঅস্তিত্বের আলোআঁধারিকে বাঙ্ময় করে তোলে, তখন অধিকাংশ পাঠকই সম্ভবত ফিরে যাবেন 'আট বছর আগে একদিন' কবিতাটিতে এবং তারপর সেই অসম্ভব শব্দগুলি উচ্চারণ করবেন যার পুনরাবৃত্তির কোনও প্রয়োজন নেই। এই ঘোর, আত্মিক সংকটের ভাষাবরণ কি সরল, হৃদয়গ্রাহী। সারল্যের এই ঈপ্সিত শিখরে আরোহণ করতে পেরেছেন মাত্র কয়েকজন কবি, যাঁদের কাব্যের সম্মানে মার্টিন হাইডেগার লিখেছিলেন: The splendour of the simple/ Only image formed keeps the vision/ Yet image formed rests in the poem"[১১] Vision বা স্বপ্নদর্শন এবং image বা বাকপ্রতিমাকে জীবনানন্দ যেভাবে বারংবার অক্লান্ত অভ্রান্তির সঙ্গে কবিতায় গ্রথিত করেছেন, সেভাবে আর কেউ করেছেন কি এতবার আধুনিক বাংলাকাব্যে? রাবীন্দ্রিক বিশ্বদর্শনকে অতিক্রম করে একমাত্র জীবনানন্দই তাঁর ভাব ও ভাষার সম্মিলিত সম্পদ নিয়ে পৌঁছে যান সেই পরিশুদ্ধ প্রান্তরে যেখানে কবিতা আর দর্শন, ছন্দ ও চিন্তা, চেতনা আর অলংকার সৃজনমুদ্রার এপিঠ আর ওপিঠ। তাঁর কবিতায় (''গর্ভাঙ্কে ধূপের মতো জ্বলে'') চিত্রনির্ভর ছন্দময়তার আশ্রয়ে অস্তিত্বের এক একটি

নিবিড় বিরোধাভাস, উদ্ভাসিত হয়ে ওঠে। জীবনের উত্থান আর পতন-ক্লান্তির কলরোল-এর নিবিড় সংঘাতের অঙ্গ হয়ে আমরা হাইডেগার-এর সিদ্ধান্তের সততা অস্তিত্বের কণায় কণায় অনুভব করি— But poetry that thinks is in truth the topology of Being"[১২].

১৯৫৫ সালে লেখা 'জীবনানন্দ দাশ-এর স্মরণে' শিরোনামের প্রবন্ধে, অতীব সশ্রদ্ধ মূল্যায়নের পর বুদ্ধদেব বসু উপসংহারে লিখেছিলেন, "বাংলা কাব্যের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতে তাঁর আসনটি ঠিক কোথায় সে-বিষয়ে এখনই মনস্থির করা সম্ভব নয়, তার কোনো প্রয়োজনও নেই এই মুহূর্তে, এই কাজের দায়িত্ব আমরা তুলে দিতে পারি আমাদের ঈর্ষাভাজন সেই সব নাবালকদের হাতে, যারা আজ প্রথমবার জীবনানন্দর স্বাদুতাময় আলো অন্ধকারে অবগাহন করেছে। আপাতত, আমাদের পক্ষে, এই কথাই কৃতজ্ঞ চিত্তে স্মর্তব্য যে 'যুগের সঞ্চিত পণ্যে'-র 'অগ্নিপরিধি'র মধ্যে দাঁড়িয়ে যিনি 'দেবদারু গাছে' 'কিন্নরকণ্ঠ' শুনেছিলেন, তিনি এই উদভ্রান্ত, বিশৃঙ্খল যুগে ধ্যানী কবির উদাহরণ স্বরূপ।" এই বিশ্লেষণটি বিগঠন করলেই সবকিছু স্পষ্ট হয়ে যায়। অতীতে লেখা সেই কঠিন বিচার "দেবতারা দীর্ঘশ্বাস ফেলেন" এখানে অন্তর্হিত। এমনকী, সময়োচিত সতর্কতার প্রভাবে লেখা এই কয়েকটি শব্দ "এখনই মনস্থির করা সম্ভব নয়" পরবর্তী প্রশস্তির নিরিখে অতিসতর্ক মনে হয়, যেহেতু সমসাময়িক কবিদের ভিতর একমাত্র জীবনানন্দের কবিতায় বুদ্ধদেব বসু প্রত্যক্ষ করেছিলেন সেই চূড়ান্ত সিদ্ধি— জীবনানন্দই ধ্যানীকবির উদাহরণ স্বরূপ। বিষ্ণু দে-র কবিতার মর্মরিত কলরোল, অর্থাৎ ধ্বনিসম্পদ, তাঁকে মুগ্ধ করেছিল; সুধীন্দ্রনাথের কাব্যসংগ্রহ সম্পর্কে বলেছেন "যে-কটি গ্রন্থ আমার নিত্যসঙ্গী হবে" এটি তার অন্যতম; অমিয় চক্রবর্তী তাঁর মতে, "সমকালীন বাংলা দেশের সবচেয়ে আধ্যাত্মিক কবি" কিন্তু সবাইকে অতিক্রম করে জীবনানন্দই একমাত্র "অগ্নিপরিধির মধ্যে দাঁড়িয়ে কিন্নর কণ্ঠ শুনেছিলেন"।

এই ধ্যানীকবিই, টমাস কার্লাইল-এর বিধানে, "Vates, first of all, in virtue of being sincere". So far, Poet and Prophet, participates in the 'open secret' are one". উপরন্তু, sincere এই open secret বা উন্মুক্ত গোপনীয়তা আর কিছু নয়, যে কবি এর অধিকারী, সেই শুধু বাস করে "in the very fact of things, in earnest with the universe."[১৩] সম্ভবত, Carlyle-এর এই মূল্যায়ন স্মরণ করে এবং জীবনানন্দের fact of things-বা essence বা নির্যাসকে উন্মোচিত করার বিস্ময়কর ক্ষমতা নিরীক্ষণ করেই শঙ্খ ঘোষ বলেছেন "...জল নয় তার জলত্ব, দীপ নয়, তার দীপতা। অর্থাৎ বস্তু নয়, এক বস্তুসংগতি। এইখান থেকেই জীবনানন্দের কবিতার শুরু।"[১৪] একমাত্র ধ্যানীকবিই তাঁর প্রখর অন্তর্দৃষ্টির মাধ্যমে সবকিছু এভাবে পুনরাবিষ্কার করে। যেভাবে আবিষ্কার করেছিলেন বুদ্ধদেব বসুর আরাধ্য শার্ল

Scanned with ACE Scanner

বোদলেয়ার। সত্যি বলতে, জীবনানন্দকে উদ্দেশ্য করে রচিত বুদ্ধদেবের শেষ প্রশস্তি, অগ্নিবলয়ের মধ্যে দাঁড়িয়েও কবির উত্তরণের আকাঙ্ক্ষা, অবধারিত ভাবে মনে আনে বুদ্ধদেবের বোদলেয়র বন্দনা—তাঁর ভাষায়, "মানুষ মুমূর্ষু, এবং সে জানুক সে মুমূর্ষু মানুষ অমৃতাকাঙ্ক্ষী, এবং সে জানুক সে অমৃতাকাঙ্ক্ষী।"

এই পরম দ্বৈরথ বা দ্বান্দ্বিকতাকে যে কয়েকজন কবি রূপের অরূপ দিতে সক্ষম তাঁরাই শ্রেষ্ঠ। সার্থকতম কবিতায় এই সংঘাতই সযত্নে লালিত। শুধু সংঘাত আর বিরোধ নয়, একই নিঃশ্বাসে প্রার্থিত পরম ঐকতান কবিতার অক্ষরে ধ্বনিত। গোয়েটের অবিস্মরণীয় লিরিক Wanderer's Nachtlied বা পথিকের রাত্রিগানে থিয়েডর এ্যাডর্নো সংঘাত-সমন্বয়ের এই দ্বৈতাদ্বৈত স্পন্দনটি শুনেছিলেন, "Indeed their harmony is actually nothing but the accord between such suffering and such love...its abysmal beauty cannot be separated from that which keeps silent, the image of a world which refuses peace". 'abysmal beauty' এই দুটি শব্দ যেন এক লহমায় উদ্ভাসিত করে তাঁরা কাব্যের স্বরূপ। আমরা তাঁর কবিতা পড়ি আর অতল গহ্বরের শেষ প্রান্তে দাঁড়িয়ে দেখি দেবদারু, শুনি কিন্নরকণ্ঠ। শুধু বিদায়ী শতাব্দী নয়, শুধু আগত শতাব্দী নয়, যে কোনও শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ কবি জীবনানন্দ তাই একা অবিরাম নক্ষত্রের পানে চলমান, অন্যেরা স্থায়ী নির্ধারিত স্থানে।

উৎসনির্দেশ :

১। শঙ্খ ঘোষ : 'জীবনানন্দ : উত্তরাধিকার' (তাপস বসু সম্পাদিত 'জীবনানন্দ দাশ ও সমকালীন ভাবনাক্রম' গ্রন্থে অন্তর্ভুক্ত। পুস্তক বিপনি, কলকাতা, ১৯৮৭) পৃষ্ঠা ৭৭।

২। বুদ্ধদেব বসুর এই সুপরিচিত বিচার অলোকরঞ্জন দাশগুপ্ত উদ্ধৃত করেছেন তাঁর 'জীবনানন্দ' গ্রন্থে (জীবনানন্দ, অলোকরঞ্জন দাশগুপ্ত, প্রমা, কলকাতা, ১৯৯২) পৃষ্ঠা ৪৯।

৩। ম্যাথু আর্নল্ড : 'হাইনরিখ হাইনে' ('এস্যেজ ইন ক্রিটিসিসম' গ্রন্থে অন্তর্ভুক্ত। জে এম ডেন্ট এ্যাণ্ড সনস, লণ্ডন, ১৯৬৬) পৃষ্ঠা ১৩৪।

৪। অলোকরঞ্জন দাশগুপ্ত : জীবনানন্দ দাশ, পৃষ্ঠা ২।

৫। কবিতার নন্দন বিষয়ে হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সেমিনারের স্মৃতি।

৬। রেমণ্ড উইলিয়ামস - মার্কসিজম এ্যাণ্ড লিটারেচার (অক্সফোর্ড ইউনিভার্সিটি প্রেস, অক্সফোর্ড, ১৯৭৭) পৃষ্ঠা ১২৮-১৩৬।

৭। কার্ল মার্কস : ইকনমিক এ্যাণ্ড ফিলসফিক ম্যানাসক্রিপটস অফ ১৮৪৪ (প্রগেস পাবলিশার্স, মস্কো, ১৯৭৭), পৃষ্ঠা ৯৬-৯৭।

৮। অলোকরঞ্জন দাশগুপ্ত, ঐ, পৃষ্ঠা ১৭।

Scanned with ACE Scanner

৯। ভালটার বেঞ্জামিন, ইল্যুমিনেশন, (ফনটানা/কলিনস, লণ্ডন, ১৯৭৭) এই গ্রন্থের একাধিক প্রবন্ধে বেঞ্জামিন তাঁর aura এবং hymnic memory-র তত্ত্ব প্রতিষ্ঠা করেছেন। বি: দ্র: নিকোলাই লেসকভ এবং শার্ল বোদলেয়ারের রচনার বিশ্লেষণ।

১০। গালভানো দেলা ভোলপে : ক্রিটিক অফ টেস্ট (নিউ লেফট বুকস, লণ্ডন, ১৯৭৮) এই প্রখ্যাত ইতালিয় সমালোচক একাধিক নিবন্ধে তার multiplicity of meaning-এর তত্ত্ব প্রতিষ্ঠা করেছেন।

১১। মার্টিন হাইডেগার : পোয়েট্রি, ল্যাংওয়েজ, থট (কলোফোন বুকস, লণ্ডন, ১৯৭১) পৃষ্ঠা ৭।

১২। ঐ, পৃষ্ঠা ১২।

১৩। টমাস কার্লহিল : দ্য হিরো এ্যাস পোয়েট (ইংলিশ ক্রিটিকাল এসেজ, নাইনটিথ সেঞ্চুরি, ও ইউ পি, লণ্ডন, ১৯৬৫) পৃষ্ঠা ২১৯।

১৪। শঙ্খ ঘোষ, পূর্বোক্ত, পৃষ্ঠা ৭৮।

১৫। থিয়োডোর এ্যাডর্নো : লিরিক এ্যাণ্ড সোসাইটি (নোটেন ৎসুর লিটেরাটুর, সুরকাম্ফ, ফ্রাঙ্কফুর্ট) পৃষ্ঠা ৮০।

Scanned with ACE Scanner

'শিল্পীর নির্জন করতলে'—জীবনানন্দের কবিতার আঙ্গিক

দেবতোষ বসু

[১৯৫২ সালের নভেম্বর থেকে ১৯৫৩ সালের ফেব্রুয়ারি পর্যন্ত অর্থাৎ চারমাস জীবনানন্দ বড়িষা বিবেকানন্দ কলেজে বর্তমানে ঠাকুরপুকুর ইংরেজির অধ্যাপক হিসেবে কাজ করেন।

জীবনানন্দ বিষয়ে আলোচনা পাঠ করার আগে আমি প্রথমেই এই কলেজের অধ্যক্ষ মহাশয় ড. নরেশচন্দ্র নন্দ—, ইংরেজি এবং অন্যান্য বিভাগের অধ্যাপিকা/অধ্যাপকবৃন্দকে কৃতজ্ঞতা জানাই। কৃতজ্ঞতা এই কারণে যে জীবনানন্দ বিষয়ে কিছু বলার জন্য এর চেয়ে উপযুক্ত জায়গা আর হতে পারে না। কেননা এখানেই ইংরেজি বিভাগে জীবনানন্দ কিছুদিন অধ্যাপনা করেছিলেন। আজ যে এখানে নরেশ গুহ, দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় ও সুধীর চক্রবর্তী উপস্থিত আছেন, তা আমার পক্ষে পরম সৌভাগ্যের বিষয়।]

একটি মাত্র বিশেষণের সাহায্যে কবিপ্রতিভাকে চিহ্নিত ও স্বতন্ত্র করার যে প্রবণতা আছে, সেই প্রবণতার দ্বারা সবচেয়ে বেশী আক্রান্ত হয়েছেন বোধ হয় কবি জীবনানন্দ দাশ। শুরু হয়েছিল রবীন্দ্রনাথকে দিয়ে। যখন জীবনানন্দের একটি কবিতা পড়ে ('মৃত্যুর আগে') মন্তব্য করেছিলেন যে তাঁর কবিতা 'চিত্ররূপময়'। তারপর, সেই মহান উৎস থেকে নির্দেশ পেয়ে অনেকেই জীবনানন্দের কবিতা ও জীবনভাবনাকে শব্দবন্ধে ধরতে চেয়েছেন। তাঁকে 'বিশুদ্ধতম কবি' বলেছেন অন্নদাশঙ্কর রায়, 'মহত্তম' বলে উল্লীত করেছেন নীহাররঞ্জন রায়। কিন্তু সবচেয়ে বেশী গৃহীত ও তাৎপর্যপূর্ণ হয়েছে বুদ্ধদেব বসু-কথিত 'নির্জনতম' বিশেষণটি। নিজেই এ বিষয়ে সচেতন থেকে বুদ্ধদেব লিখেছিলেন—'তাঁর অনন্যতা বিষয়ে অনেক পাঠকই আজকের দিনে সচেতন। আর তিনি যে আমাদের 'নির্জনতম' কবি, অত্যধিক পুনরুক্তিবশত এর ধার ক্ষয়ে গেলেও এর যাথার্থ্যে আমি এখনো সন্দেহ করি না।' পাশাপাশি বুদ্ধদেব বসুর আর একটি উক্তিও মনে পড়ে যার মধ্যে বিশেষণ অপেক্ষা বিশ্লেষণের ভঙ্গীই বড়ো হয়ে উঠেছে—'তাঁর কাব্য বর্ণনাবহুল, তাঁর বর্ণনা চিত্রবহুল এবং তাঁর চিত্র বর্ণবহুল।' আমরা মানতে বাধ্য, রবীন্দ্রনাথের 'চিত্ররূপময়' বিশেষণের থেকে এই উক্তি অনেক বেশী ব্যাপক।

জীবনানন্দের কবিতা বিষয়ে এই সব উক্তির পর অর্ধ-শতক পার হয়ে গেছে। প্রশ্ন জাগে, এখনো কি তাঁর কবিতার বিচারে ঐ বারংবার ব্যবহৃত বিশেষণগুলির নির্দেশেই আমরা চলবো? জীবনানন্দ যে কোনো বড়ো কবির মতোই, দাবি করেন

Scanned with ACE Scanner

যুগরুচির বিচার। এক এক যুগ কবিকে স্বকালের দৃষ্টিতে দেখে—সেটাই স্বাভাবিক ও শিল্পসম্মত। এ প্রসঙ্গে সম্প্রতি বহুলপ্রচলিত একটি সাহিত্যপত্রিকার জীবনানন্দ সংখ্যায় সুনীল গঙ্গোপাধ্যায় লিখেছেন—'তিনি জীবনানন্দের কবিতাকে 'চিত্ররূপময়' বলেছিলেন। বিভিন্ন লেখক-কবিকে উদারভাবে সার্টিফিকেট দেবার জন্য রবীন্দ্রনাথকে অনেক শব্দ বানাতে হয়েছিল, এটাও সেরকম সার্টিফিকেটের ভাষা। জীবনানন্দ নিজেও এই বিশেষণ মেনে নেন নি।' এরপর সুনীল রবীন্দ্রনাথের একটি গদ্যকবিতার অংশবিশেষ তুলে মন্তব্য করেছেন—'এই পঙক্তিগুলিই বরং চিত্ররূপময়। কারুকার্য আছে, ব্যঞ্জনা নেই।' অন্যদিকে বুদ্ধদেব বসু, যিনি জীবনানন্দকে সর্বপ্রথম পরিচিত করান প্রবন্ধ লিখে, রবীন্দ্রনাথের এই মন্তব্য সম্পর্কে বলেছেন—'জীবনানন্দের সমগ্র কাব্য সম্পর্কেই এই আখ্যা প্রযোজ্য'।

জীবনানন্দ বিষয়ে বুদ্ধদেব বসু যেমন রবীন্দ্রনাথকে মেনেছেন, সুনীল গঙ্গোপাধ্যায় তেমনই অনেকটা দূরে সরে গিয়েছেন। আবার, পঞ্চাশের আর এক প্রধান কবি অলোকরঞ্জন দাশগুপ্ত স্পষ্টতই জীবনানন্দের কবিতা-বিষয়ে বুদ্ধদেবের বিপরীত মত পোষণ করেন। তাঁর কথায়, 'নির্জনতম আখ্যা তাঁকে মানায় না। চতুষ্পার্শ্বকে চূড়ান্তভাবে আত্মসাৎ করে নিয়ে তার রূপান্তর ঘটানোর ব্রতকল্প নিয়েই তিনি নেমেছিলেন। তাঁর কাছে ঘটমান সমকাল ছিল শুধু উদ্দীপন-বিভাব নয়, অবলম্বনের প্রত্যক্ষতায় মুখোমুখি শর্ত'। সুতরাং দেখা যাচ্ছে জীবনানন্দের কবিতা বিষয়ে কোনো একটি ধারণা স্থির হয়ে দাঁড়িয়ে নেই। একজন বড়ো কবির পক্ষে এর চেয়ে মহত্তর প্রাপ্তি আর কী হতে পারে? কিন্তু দুর্ভাগ্যের বিষয় অখ্যাতি থেকে খ্যাতির শীর্ষে পৌঁছে যাবার পর জীবনানন্দ বাঙালী পাঠকের কাছে একটি স্থির বিষয়ের রোমান্টিক ভাষ্যকার হিসেবে পরিগণিত হয়েছেন। জীবনানন্দের কবিতা বলতেই আজ সাধারণ পাঠক বোঝে প্রেম, প্রকৃতি এবং বাংলাদেশের রূপকথা। আবেগস্পন্দিত মোহসঞ্চারী ভাষার স্বতোঃসারণ।

আজকের জীবনানন্দ-চর্চা শুরু হবে সেখান থেকেই যেখানে বুদ্ধদেব বসু তাঁর পাঠ-পরিক্রমা শেষ করেছিলেন। জীবনানন্দের মৃত্যুর পর ১৯৫৫ সালে তিনি লিখেছিলেন—'বাংলা কাব্যের ঐতিহাসিক পরিপ্রেক্ষিতে তাঁর আসনটি ঠিক কোথায় সে-বিষয়ে এখনই মনস্থির করা সম্ভব নয়। তার কোনো প্রয়োজনও নেই এই মুহূর্তে : এই কাজের দায়িত্ব আমরা তুলে দিতে পারি আমাদের ঈর্ষাভাজন সেই সব নাবালকদের হাতে, যারা আজ প্রথমবার জীবনানন্দর স্বাদুতাময় আলো-অন্ধকারে অবগাহন করছে। বুদ্ধদেব যাদের নাবালক বলেছিলেন—, আমি তাদেরই একজন হয়ে জীবনানন্দের কবিতার ছন্দ ও আঙ্গিকের আলোচনায় নামতে চেষ্টা করছি আজ। সেই সময় যারা 'নাবালক' ছিল বাংলা সাহিত্যে, তাদের মধ্যে বাইশ বছরের যুবক অলোকরঞ্জন দাশগুপ্ত অন্যতম। বিশেষত এই কারণে যে তাঁর কবিতা প্রায় সেই

সময় থেকেই বুদ্ধদেব বসুর 'কবিতা পত্রিকা'য় প্রকাশিত হতে থাকে। অলোকরঞ্জন কবির প্রতি কবির প্রেমে জীবনানন্দ-চর্চার দায়িত্ব তুলে নিয়েছেন এবং স্বাভাবিকভাবে মূল্যায়ন শুরু করেছেন (নাকি, আস্বাদন) সেখান থেকেই যেখানে বুদ্ধদেব তাঁর কলম থামিয়েছেন।

জীবনানন্দের ছন্দচর্চা বিষয়ে কিছু বক্তব্য পেশ করার আগে তাঁর ছন্দ-ভাবনার পরিচয় দেওয়া আবশ্যক। নজরুল ইসলাম সম্পর্কে একটি প্রবন্ধে তিনি লিখেছেন : 'বলবার কথা না থাকলেও চলে,—কাব্যের সুর এক আশ্চর্য বৈদেহী পবিত্রতায় নিজের ধ্রুবলোকে পৌঁছেছে, ওরকম দাবী নজরুল ইসলামের কবিতা সম্পর্কে করা যায় না। যে কবিতা সমাজ, স্বদেশ ও নরনারী সম্পর্কে অনেক কিছুই যথাশক্তি স্পষ্টবাদিতায় বলতে চেয়েছে নজরুলে সেই কাব্য-সম্পর্কে কথা-নিরপেক্ষ—প্রায় নির্বিকল্প—সুর—বিশুদ্ধতার দাবী অসংগত। কিন্তু যে কাব্যের বিষয়বস্তুই এত বড় দর্শন বা এমনই স্বপ্রধান রূপকথা যে, তার পয়ার, গদ্যছন্দ বা স্বরবৃত্ত সাজ চোখে পড়তে চায় না বড় একটা...।' পাশাপাশি সত্যেন্দ্রনাথ দত্ত সম্পর্কে তাঁর উক্তি স্মরণীয় : '...অনূদিত ও স্বরচিত কবিতায় কোথাও কোথাও আবেগপ্রধান বুদ্ধির পরিচয় দিয়ে বাংলার ছন্দের ঐতিহ্যকে পরিচ্ছন্ন ও প্রবহমান ক'রে সত্যেন্দ্রনাথ স্মরণীয় হয়ে রয়েছেন। আবেগ যদি আরো মহৎ ও গভীর হ'তো, বুদ্ধি যদি উঠে যেত বোধির, vision-এর পর্যায়ে, তাহ'লে ছন্দের দিকে অতটা উচ্ছ্বসিত নজর দেবার প্রয়োজন হ'ত না হয়তো সত্যেন্দ্রনাথের'। এই দুটি উদ্ধৃতি থেকে জীবনানন্দের ছন্দ-ভাবনার যে পরিচয় পাওয়া যায় তা এই যে বিষয়বস্তুর সঙ্গে ছন্দের যোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কবিতা আর কবিতা থাকে না, পদ্য হয়ে যায়। নজরুলের বিষয়প্রাধান্য ছন্দকে গৌণ করে দিয়েছে, সত্যেন্দ্রনাথের ছন্দপ্রাধান্য কবির বোধিকে আঘাত করেছে। চাই বিষয় ও ছন্দের, ভাবনা আর রূপের অচ্ছেদ্য সম্পর্ক। তাই 'কবিতার আত্মা ও শরীর' বিষয়ে আলোচনায় নেমে তিনি লেখেন : 'কবি যখন ভাবাক্রান্ত হন তখন চোখ তাঁর ছবি দেখে, কান শোনে ছন্দ এবং চোখও অনুভব করে যেন ছন্দবিদ্যুৎ ; কোন ছন্দে কবিতাটি রচিত হবে মুহূর্তের ভিতরেই নির্ণীত হয়ে যায় অনেক সময় ; কারণ যে কোনো আবেগ যে কোনো ছন্দে রূপ পরিগ্রহ করতে পারে না, কবি-প্রেরণার তারতম্য অনুসারে ছন্দের জাতি-নির্ণয় হয়।'

'মুহূর্তের ভিতরেই নির্ণীত হয়ে যায়' এই বাক্যাংশ পড়ার পরও যদি জীবনানন্দের কবিতার ছন্দ-আলোচনায় নামি বৈয়াকরণের তাগিদে তা হলে তা ওয়ার্ডসওয়ার্থের কাব্যভাষায় murder to dissect হয়ে যেতে পারে অস্বীকার করা যায় না। কিছুদিন আগে একটি বহুল প্রচারিত পাক্ষিকের জীবনানন্দ সংখ্যায় একজন শ্রদ্ধেয় আলোচক লিখেছেন :

'সুচেতনা, এই পথে/আলো জ্বেলে—এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে ;'

Scanned with ACE Scanner

এখানে unit তিনটি। সম্বোধন 'সুচেতনা'র unit, এরপর 'এই পথে আলো জ্বেলে' unit, শেষ unit 'এ পথেই পৃথিবীর ক্রমমুক্তি হবে'—৪+৮+১৪ = ২৬ আসলে ৮+৮+১০ এই নিয়মিত বিভাগটিকে পূর্বোক্ত unit-এ ভাঙা হয়েছে।' না, ভাঙা হয়নি। একথা বিনীতভাবে বলতে চাই। Unit মানেই সমতা, unit of measure মানে মাত্রা যা পরিমাপের উপকরণ। পঙক্তির মাত্রা পদ, পদের মাত্রা পর্ব, পর্বের মাত্রা কলা (mora) বা দল (syllable). Unit কোনো কবিই ভাঙতে পারেন না। এদিকে কোনো বিদ্রোহীর চরণধ্বনি এখনো শুনিনি। আলোচক ঠিকই বলেছেন কবিতাটি পড়বার সময় স্বাভাবিক উচ্চারণের তাগিদে ৪/৮/১৪ এই বিভাগেই কবিতাটি পড়তে হবে। জীবনানন্দের কৃতিত্ব এখানে নয় যে তিনি ছন্দ ভেঙেছেন, তাঁর কৃতিত্ব এইখানে যে ছন্দের নিয়মের মধ্যে থেকেও তিনি ছন্দকে নিজের সুরে বাজিয়েছেন। মনে রাখা দরকার, স্বাভাবিক উচ্চারণ ও ছন্দোগত উচ্চারণের মধ্যে অল্পাধিক পার্থক্য থাকেই আর এই পার্থক্যটুকুই ছন্দশিল্পের প্রধান উপকরণ।

রবীন্দ্রনাথের সমকালেই বাংলা কবিতায় ২২ ও ২৬ মাত্রার পঙক্তি রচিত হয়েছে। এমনকি ৩৪ মাত্রারও। ১৯৩৬ সালে প্রকাশিত *ধূসর পাণ্ডুলিপির* অন্তর্গত 'মৃত্যুর আগে' (এই কবিতাটিকে রবীন্দ্রনাথ বলেছিলেন চিত্ররূপময়) ও 'শকুন' নামক দুটি কবিতায় আমরা পাই যথাক্রমে ২২ ও ২৬ মাত্রার সমিল প্রবহমান পঙক্তি'

'মৃত্যুর আগে'

আমরা মৃত্যুর আগে কী বুঝিতে চাই আর? জানি না কি আহা—,
সব রাঙা কামনার শিয়রে যে দেয়ালের মতো এসে জাগে
ধূসর মৃত্যুর মুখ—একদিন পৃথিবীতে স্বপ্ন ছিল—সোনা ছিল যাহা
নিরুত্তর শান্তি পায়; যেন কোন মায়াবীর প্রয়োজনে লাগে।

এখানে পর্ববিভাগ খুব নিরূপিত—প্রতি পঙক্তিতেই ৮-৮-৬ এই বিভাগ। কবিতাপাঠের জন্য পদের অসমতা এখানে তেমন জরুরী নয়।

'শকুন'

আরেক আকাশ যেন—সেইখানে শকুনেরা একবার নামে পরস্পর
কঠিন মেঘের থেকে—যেন দূর আলো ছেড়ে ধূম্র ক্লান্ত দিকহস্তিগণ
পড়ে গেছে—পড়ে গেছে পৃথিবীতে এশিয়ার ক্ষেত মাঠ প্রান্তরের পর

এখানে পদবিভাগ ৮-৮-১০, পঙক্তির মাত্রাসংখ্যা ২৬। এখানে স্বাভাবিক পাঠ ও ছন্দোগত পাঠের মধ্যে বিশেষ পার্থক্য অনুভূত হয় না।

যে ছন্দোবন্ধে জীবনানন্দ সবচেয়ে বেশী স্বচ্ছন্দ ও স্বতন্ত্র, সেই মুক্তকের (সমিল) দুটি দৃষ্টান্ত এখানে দেওয়া যেতে পারে *ধূসর পাণ্ডুলিপি* থেকে :

'অবসরের গান'

ফুরোনো ক্ষেতের গন্ধে এইখানে ভরেছে ভাঁড়ার;
পৃথিবীর পথে গিয়ে কাজ নাই— কোনো কৃষকের মতো দরকার নাই / দূরে
মাঠে গিয়ে আর!

Scanned with ACE Scanner

এবং

গ্রীষ্মের সমুদ্র থেকে চোখের ঘুমের গান আসিতেছে ভেসে,
এখানে পালঙ্কে শুয়ে / কাটিবে অনেক দিন / জেগে থেকে ঘুমাবার।
সাধ ভালোবেসে।

এই দীর্ঘ পঙক্তিদুটির প্রথমটিতে পদের মাত্রাসংখ্যায় সমতা নেই। ৩৪টি মাত্রা ১২-১৪-৮ এই তিনপদে বিভক্ত। দ্বিতীয় দৃষ্টান্তে পদের মাত্রাসংখ্যায় সমতা আছে। ৩০টি মাত্রাকে ৮-৮-৮-৬ এই চতুষ্পদে ভাগ করা চলে। প্রথম দৃষ্টান্তে যে পদগত মাত্রাসংখ্যার সমতা নেই তা ব্যাকরণের দিক থেকে স্খলন হলেও শিল্পের দিক থেকে নয়। এখানে স্মরণ করা যেতে পারে কবি ইয়েটস্-এর একটি অভিজ্ঞতাকে। তিনি নিজস্ব কাব্যসমগ্রের (অপ্রকাশিত) ভূমিকায় লিখেছেন :

'If I repeat, the first line of Paradise Lost so as to emphasise its five feet I am among the folk singers — 'Of mán's / first dis / / obé / dience ánd / the fruít / but speak it as I should I cross it with another emphasis, that of passionate prose — 'of *mán's first* dis*obé*dience and the *fruit*' or 'of *mán's first dis*obedience and the *fruit*; the folk song is still there, but a ghostly voice, an unvariable possibility, an unconscious norm.'

দেখা যাচ্ছে passionate prose-এর ধর্ম আনার জন্যে ইয়েটস্ মিলটনের পঙক্তির পাঁচটি শ্বাসাঘাতের জায়গায় চারটি শ্বাসাঘাতকে যথেষ্ট মনে করেছেন। 'disobedience' শব্দের দুটি শ্বাসাঘাতকে একটিতে সঙ্কুচিত করেছেন এবং কখনো শ্বাসাঘাত ফেলেছেন প্রথম দলে কখনো দ্বিতীয় দলে। ইয়েটস-এর প্রসঙ্গ তোলা হলো এই কারণে যে অনেক বড়ো কবির ক্ষেত্রেই ছন্দের চাল-চলন নির্ভর করে সেই কবির অভিপ্রায়ের উপর।

বাংলা ছন্দের ক্ষেত্রেও পদগত আয়তনের বিভিন্নতার মধ্য দিয়ে কবিদের একটি প্রবণতাই ধরা পড়ে এবং সেটা হলো কবিতাকে গদ্যের কাছাকাছি নিয়ে আসার প্রবণতা। যাকে Wordsworth বলেছিলেন 'real language of men in a state of vivid sensation' এবং ইয়েটস্ passionate prose। জীবনানন্দের আলোচিত কাব্যপঙক্তিগুলি যে ছন্দে রচিত, সেই মিশ্রকলাবৃত্ত ছন্দে প্রাণের কথা যেমন মানায়, মুখের কথাও তেমনি অবাধে চলে। এর আতিথেয়তা সর্বজনবিদিত হলেও কানের অলক্ষ্য নির্দেশের বশবর্তী। তাই একথা মানতেই হবে যে পদগত আয়তন এবং মাত্রাসমাবেশের রীতি লঙ্ঘন করতে গিয়ে কবিকে যদি শ্রুতির দাবি উপেক্ষা করতে হয়—, তাহলে সেটা হবে ছন্দের উদারতার উপর অত্যাচার। প্রচলিত মাত্রাসমাবেশগুলি যে গানের তালের সঙ্গে সম্পর্কিত, তা স্বর্গত অমূল্যধন মুখোপাধ্যায় বহু পূর্বেই দেখিয়েছেন। সুতরাং সেই সমাবেশগুলি লঙ্ঘন করা কবির পক্ষে অধিকাংশ ক্ষেত্রেই মারাত্মক হতে পারে—যদিও একমাত্র কবিই পারেন তাদের কিঞ্চিদধিক ওলোট-

Scanned with ACE Scanner

পালোট করতে। পদযতির আয়তন যদি বিভিন্ন হয়, তাহলে ষড়োমাপের পঙক্তিগুলিকে ত্রিপদী বা চৌপদী হিসেবে চালানো সম্ভব নয়। এ বিষয়ে বুদ্ধদেব বসু তাঁর 'সাহিত্যচর্চা' গ্রন্থের 'বাংলা ছন্দ' প্রবন্ধে লিখেছেন—'এখানে আপত্তি উঠতে পারে যে ২২ ও ২৬ মাত্রার পয়ার আসলে লঘু ত্রিপদী ও দীর্ঘ ত্রিপদীর একেলে রকমফের মাত্র। আর এ আপত্তি একেবারে উড়িয়ে দেবার মতোও নয়। তবু একটু তফাৎ আছে। সে তফাৎ এইখানে যে ত্রিপদীতে যতিস্থাপনের যে নিয়ম নির্দিষ্ট ছিল, আধুনিক কবিরা তা লঙ্ঘন করে তাঁদের লম্বা মাপের পয়ারে যতিস্থাপনের বৈচিত্র্য এনেছেন। সেইজন্য এই লম্বা পয়ারকে ছদ্মবেশী ত্রিপদী মনে করাও ঠিক হবে না।' কিন্তু এখানে এই প্রশ্ন উঠতে পারে যে পদযতি যখন বিভিন্ন তখন লম্বা মাপের পঙক্তিকে মুক্তকে সাজিয়ে দিলেই তো হয়? 'লম্বা পয়ারকে ছদ্মবেশী ত্রিপদী' মনে করা ঠিক হবে না সত্য, কিন্তু তাকে ছদ্মবেশী মুক্তক মনে করা কি ভুল? পূর্বে পঠিত 'শকুন' কবিতাংশের তিন পঙক্তিকে এইভাবে ছয় পঙক্তিতে পুনর্বিন্যস্ত করা সম্ভব

আরেক আকাশ যেন—
সেইখানে শকুনেরা একবার নামে পরস্পর
কঠিন মেঘের থেকে ;
যেন দূর আলো ছেড়ে ধূম্র ক্লান্ত দিকহস্তিগণ
প'ড়ে গেছে—প'ড়ে গেছে
পৃথিবীতে এশিয়ার ক্ষেতমাঠ প্রান্তরের পর

এই পুনর্বিন্যাসে শ্রুতির দাবিকে উপেক্ষা করিনি এবং ব্যাকরণের শাসনও মেনেছি। কিন্তু একটা সমস্যা থেকেই যায়। কোনো কবি যখন বিশেষ কোনো ছন্দরূপে নিজের উপলব্ধ আবেগস্পৃষ্ট শব্দসমূহ সাজিয়ে দেন, তখন সেই ছন্দরূপ, অন্তত তাঁর পক্ষে অদ্বিতীয় এবং নির্বিকল্প। ছন্দ-ব্যাকরণের খাতিরে সেই রূপকে ওলোট-পালোট করা নিশ্চয়ই কাব্যশোভন হয় না। বিশ্লেষিত 'শকুন' কবিতাটির কথাই ধরা যাক। এই কবিতার পাঠকমাত্রই জানেন, কবিতাটি অন্ত্যমিল-সম্পন্ন। সুতরাং এর পঙক্তিগুলি মুক্তকে সাজানো মানেই কবিতাটির বিশেষ সম্পদ অপহরণ করা। দ্বিতীয়ত, কবিতাটি চৌদ্দ-পঙক্তি বিশিষ্ট একটি মৌলিক সনেট। অন্ত্যমিলের সংখ্যা লক্ষ করলে একে Spencer পন্থী বলা যেতে পারে, কারণ Spencer-এর সনেটের মতো এখানেও মিলের সংখ্যা ৫। কিন্তু এখানে মিল দেবার পদ্ধতি Spencer থেকে ভিন্ন। 'শকুন' কবিতার অন্ত্যানুপ্রাস-পদ্ধতির সঙ্গে বরং মিল রয়েছে Shelley-র 'Ode to the West Wind' কবিতার তৃতীয় বিভাগের। সুতরাং আলোচ্য কবিতাটিকে মুক্তকে পুনর্সজ্জিত করলে তার বিশিষ্ট গঠনশিল্পই ভেঙে পড়বে। তৃতীয়ত, এই কবিতার গঠনশিল্পের বৈশিষ্ট্য এইখানে যে, সনেটের রূপবন্ধটি এখানে গড়ে উঠেছে চারটি তিন পঙক্তির এবং একটি দু'পঙক্তির স্তবকে। এই গঠনটি

অভিনব এবং অপ্রচলিত—অন্য দৃষ্টান্ত পাই Shelley'র 'Ode to the West Wind' কবিতায়। ফলত, আমাদের আলোচ্য বিশিষ্ট সনেটটিকে অকবি ছাড়া কে চাইবে মুক্তকে সাজাতে?

লম্বা মাপের মিশ্রকলাবৃত্ত পয়ার থেকে এবার লম্বা মাপের মুক্তকের দিকে মনোযোগ ফেরানো যাক। আমাদের ছন্দাচার্য প্রবোধচন্দ্র সেন এ সম্পর্কে লিখেছিলেন 'পরবর্তী কালে কোনো কোনো কবি এই মুক্তক রচনায় বাইশ বা ছাব্বিশ মাত্রার পঙক্তিও চালাতে প্রয়াসী হয়েছেন। অর্থাৎ তাঁরা ৮-৮-৬ বা ৮-৮-১০ মাত্রার ত্রিপদী বন্ধকেও মুক্তক রূপ দিতে চেষ্টিত হয়েছেন। কিন্তু তাঁদের সে প্রয়াস সফল হয়েছে বলা যায় না...।' উক্তিটি অনেকাংশে সত্য। যেমন ধরা যাক এই পঙক্তিটি

বাকি সব মানুষেরা / অন্ধকারে হেমন্তের / অবিরল পাতার মতন

এখানে পদযতির বিভাগ ৮-৮-১০। শ্রুতি সমর্থন করে এই বিভাগ—ভাবযতি ও ছন্দযতি মিলে যায়। কিন্তু এই পঙক্তিটি?

অথবা মাটির দিকে / পৃথিবীর কোনো পুনঃ / প্রবাহের বীজের ভিতরে

এখানেও পদযতির ব্যাকরণ-শাসিত ব্যবস্থা মিলিয়ে দেওয়া যায় ৮-৮-১০ বিভাগে। কিন্তু ভাবযতির সঙ্গে তার অসদ্ভাব ঘুচল কি? আমরা কি 'পুনঃপ্রবাহ' শব্দটিকে 'পুনঃ-প্রবাহ' এইভাবে যতি দিয়ে ভাগ করে পড়ি? পঙক্তিটিকে বরং ৮।১৮ এই মুক্তকবন্ধেই পড়ি এবং মেনে নিই 'পুনঃপ্রবাহ' শব্দের অন্তস্থিত শব্দের যতিলোপের সত্যকে।

একদা বর্তমান আলোচক এই লম্বামাপের মুক্তককে 'প্রমুক্তক' এই পরিভাষায় ব্যবহার করতে চেয়েছিল। প্রবোধচন্দ্র সেন সেই পরিভাষা নাকচ করে দিয়ে লিখেছিলেন—'ছদ্মবেশী ত্রিপদী বা ছদ্মবেশী মুক্তক হয় না। তেমনি 'প্রমুক্তক' বা মহামুক্তকও হয় না। মুক্তক নামের দ্বারা ছন্দের কৃত্রিম বন্ধন থেকে মুক্তিই সূচিত হয়, পঙক্তির দৈর্ঘ্য সূচিত হয় না... এ প্রসঙ্গে কেউ হয়তো স্মরণ করিয়ে দেবেন কবি জীবনানন্দেরই উক্তি 'চোখও অনুভব করে যেন ছন্দবিদ্যুৎ'। আর-এক কবি কিন্তু এর ঠিক উল্টো কথাই বলেছেন—'সামনে চেয়ে এই যা দেখি, চোখে আমার বীণা বাজায়।' একজন চোখে দেখতে পান ছন্দের ধ্বনিরূপ, আর একজন চোখেই শুনতে পান বিশ্বজগতের দৃশ্যরূপ। কবিহৃদয়ে এভাবেই ইন্দ্রিয়ানুভূতির রূপান্তর ঘটে। তাঁদের এসব উক্তি ভাবার্থেই গ্রহণীয়। বাচ্যার্থে নয়। কেউ যদি বলেন জীবনানন্দের এই উক্তিটি বাচ্যার্থেই গ্রহণীয়, তাহলে সবিনয়ে স্মরণ করিয়ে দেব যে, কবি নিজেই কি একটি 'অনুভব' ও একটি 'যেন' শব্দের দ্বারা এই উক্তির বাচ্যার্থকে অস্বীকার করেন নি?' একথা অনস্বীকার্য যে জীবনানন্দের ছন্দচর্চা যা লম্বামাপের পঙক্তিতে বিন্যস্ত, তা প্রবোধচন্দ্রের অনুমোদন পায় নি, কিন্তু কবিরা তো স্বাধীনতাহীনতায় বাঁচতে চান না। তাই দেখি জীবনানন্দ-প্রবর্তিত এই দীর্ঘ মুক্তক পঙক্তি কেমনভাবে উত্তরকালের কবিতাকে আচ্ছন্ন করেছে। প্রসঙ্গত স্মরণীয় বিনয়

Scanned with ACE Scanner

মজুমদারের কবিতা। যাঁরা তাঁর 'অঘ্রাণের অনুভূতিমালা' পড়েছেন, তাঁরা লক্ষ করবেন ঐ কবি ৫৩ পৃষ্ঠাব্যাপী দীর্ঘ এক কবিতা লিখেছেন যার পঙক্তি দৈর্ঘ্য ২৬ ও ৩০ মাত্রা।

জীবনানন্দ একটি প্রবন্ধে লিখেছিলেন : 'আধুনিক কালের প্রাণের কথা একদিক দিয়ে যেমন সংহতি সন্ধান করছে, অন্যদিক দিয়ে তেমনি তথাকথিত আপেক্ষিক কালের প্রতীকের মতো সমাজ ও জীবনের আধুনিক বন্দিদশার সীমা লঙ্ঘন করে অমেয়তার অন্তঃকরণে ছড়িয়ে পড়তে চাচ্ছে। ফলে ছন্দের দোটানার ভিতরে পড়ে কখনো কবিকে গদ্য ও পদ্য ছন্দে প্রায় খবরের কাগজের লীডার লিখতে দেখা যাচ্ছে। কখনো বা ২২ বা ২৬ মাত্রার পয়ারে কিংবা প্রবহমানতার পঙক্তিপরম্পরার ভিতর দিয়ে যেন সে পৌঁছেছে নির্মুক্তি সমুদ্রে।' জীবনানন্দ-পরবর্তী কালে তাঁর ব্যবহৃত লম্বামাপের মুক্তকে কবিরা এতখানি আকৃষ্ট হলেন কেন? সে কি 'অমেয়তার অন্তঃকরণে' ছড়িয়ে পড়ার জন্য, প্রকৃত অনুভবে নাকি ভঙ্গিমায়? কোনো কোনো ক্ষেত্রে প্রকৃত অনুভবে, আত্মসংকট থেকে মুক্তির প্রয়াসে। কিন্তু প্রশ্নটিকে যদি বাকশিল্পের দিক থেকে দেখি তবে আমরা মানতে বাধ্য যে কবিতার হৃৎস্পন্দনকে বাকবিনিময়ের ভাষা ও ভঙ্গীর সঙ্গে মিলিয়ে দেবার জন্যই আধুনিক কবি মনেপ্রাণে 'প্রমুক্তকের' বা মহামুক্তকের টান অনুভব করেছেন। সংহতি এবং ব্যাপ্তির দোটানায় পড়ে, সব কবি নন, অনেক কবি অবশেষে ব্যাপ্তির দিকে ঝুঁকেছেন, সন্দেহ নেই। আর এই ছড়িয়ে দেবার আনন্দে তিনি একটার পর একটা দরজা খুলে দিয়েছেন। আমরা দেখেছি মাত্রাসীমার অর্গল তাঁর জন্যে নয়। ঐ একই স্বাধীনতার আনন্দে মাত্রাগণনার কানুনও তিনি সবসময় লেখনীধার্য মনে করেননি।

কবিতার আঙ্গিক তো শুধু কবিতার ছন্দ নয়। এটা ঠিক যে ছন্দ বাইরের দিক থেকে কবিতাকে আকারে বাঁধে। মহৎ কবিতার ক্ষেত্রে ছন্দ কবিতার অন্তঃশরীরেও প্রবেশ করে। তখন আর ছন্দকে আলাদা করে কবির অনুভূতি থেকে ছাড়িয়ে নেওয়া যায় না। আমি বলতে চেয়েছি জীবনানন্দের ক্ষেত্রেও তাই হয়েছে। কিন্তু হয়নি নজরুল বা সত্যেন্দ্রনাথের ক্ষেত্রে, যেমন জীবনানন্দ বলেছেন। কবিতার আত্মায় বা অন্তঃশরীরে থাকে শব্দ—তার বিশেষ ব্যবহার, তার ধ্বনিরূপ এবং চিত্ররূপ, রূপক ও প্রতীক, থাকে বিবাদী সুরের দ্বন্দ্ব যাকে একমাত্র তাঁর কবি-মনই পারে মেলাতে। ওয়ার্ডসওয়ার্থের ভাষায় 'There is a dark/Invisible workmanship that reconciles / Discondent elements'. ('The Prelude') এই সময়-সীমায় উত্থাপিত বিষয়ে আলোচনা সম্ভব নয়। কিংবা প্রয়োজনীয়ও নয় কারণ এই কাজ অনেক নৈপুণ্যে সম্পাদন করেছেন অলোকরঞ্জন দাশগুপ্ত তাঁর একদশক আগে প্রকাশিত *জীবনানন্দ* গ্রন্থে। তাঁর আলোচনার সূত্র ধরে এগিয়ে যাবার সময় আমি আমার কিছু বক্তব্য রাখতে চাই।

অলোকরঞ্জনের *জীবনানন্দ* গ্রন্থটি প্রকাশিত হয়েছে এক দশক আগে। (প্রসঙ্গত

Scanned with ACE Scanner

তিনি জানিয়েছেন যে তাঁর গ্রন্থরচনার পিছনে স্বয়ং জীবনানন্দের প্রেরণা ছিল। জীবনানন্দের কবিতার সঙ্গীতের দিকটি তিনি ভোলেন নি এবং সেইজন্য বহু কবিতার অনুপুঙ্খ বিশ্লেষণে সমৃদ্ধ হয়েছে গ্রন্থটি ।) গানের পরিভাষা দিয়ে তিনি বিভিন্ন অধ্যায়কে পরিচিত করেছেন—আলাপ, আস্থায়ী, অন্তরা, সঞ্চারী এবং আভোগ। এরকম বিভাজন দেখে কেউ যদি মনে করেন গানের আঙ্গিক দিয়ে জীবনানন্দের কবিতাকে বিচার করেছেন, তাহলে ভুল হবে। জীবনানন্দ সঙ্গীতরচয়িতা ছিলেন না, যেমন ছিলেন রবীন্দ্রনাথ ও নজরুল। সুতরাং তাঁর কবিতার সঙ্গীত বেজে উঠেছে উপমা-উৎপ্রেক্ষায়, পুনরুক্তিতে, ছন্দের ব্যবহারে, শব্দের বিচিত্র সমাবেশে। এ প্রসঙ্গে তিনি বলেছেন—'এই ভাষার অন্যতম শর্ত সংগীতের মুক্তি। বিলম্বিত লয়ে অনুচ্চেয় সুরে যেমন পর্ববিভাগকে বিতত করে দিয়ে অনন্তের পরিসরে শিল্পী এগিয়ে যান, *ধূসর পাণ্ডুলিপিতে* তার সংক্রাম গোপন নয়। এই উক্তিটি তিনি করেছেন *ধূসর পাণ্ডুলিপির* 'বুনো হাঁস' কবিতার নিম্নোদ্ধৃত পঙক্তিগুলির প্রসঙ্গে—

শরের জঙ্গল নদী ছেড়ে দিয়ে বুনো হাঁস উড়ে চলিতেছে ক্রমাগত।
চাঁদ থেকে আরো দূর চাঁদে চাঁদে—কতো হাঁস চাঁদ কতো-কতো।

অলোকরঞ্জন দ্বিধাহীন ভঙ্গীতে বলেছেন, 'এই প্রথম বাংলা কবিতায় সঞ্চারিত হল এক নতুন সুর।' এই 'নতুন সুর' কিন্তু কান্তকোমল নয়। তার মধ্যে আছে শব্দের কর্কশতা। কিন্তু তাঁর কাব্যপঙক্তিতে মসৃণ-কর্কশ, গুরু-চণ্ডালী কাজ এমন এক সিম্ফনী রচনা করেছে যা আমাদের কানকে প্রতিহত করে না, বরং অভ্যর্থনা জানায়। অলোকরঞ্জন জানিয়েছেন পোল মেফানোর কথা যিনি নিজস্ব সুর স্বরবর্ণের মাধুর্যের মাঝখানে নুড়ির ঘর্ষণ বা সমুদ্রপবনের ঝাপটানির শব্দকে ঢুকিয়ে দিয়েছেন। অলোকরঞ্জন দেখিয়েছেন কেমনভাবে জীবনানন্দ তাঁর 'মেলডিমেদুর লিরিকবিন্যাসের মধ্যে' অবলীলাক্রমে মিলিয়ে দিতে পেরেছেন 'বিবাদী সুর' যা ঢেউয়ের হুঁচট, হিঁচড়ায়, ব্রিজার্ডের তাড়া ইত্যাদি শব্দে ও শব্দবন্ধে অন্তর্নিহিত। স্বাভাবিকভাবেই আমাদের মনে পড়ে যায় এলিয়টের বিখ্যাত পর্যবেক্ষণ যে কবিতার সঙ্গীত সুপ্ত থাকে কথ্যভাষার স্পন্দনের মধ্যে। জীবনানন্দ, আমরা জানি, এলিয়টের কবিতা পছন্দ করতেন না। কিন্তু দুজনের আধুনিক কবিমানস কি খুব বিভিন্ন?

(যে কবির দ্বারা জীবনানন্দ বরাবর আপ্লুত হয়েছেন তিনি ইয়েটস। জীবনানন্দের কবিতায় ইয়েটস-এর প্রভাব কেমন ব্যাপক হয়েছিল, তার পরিচয় অলোকরঞ্জন যেভাবে দেখিয়েছেন, অন্য কোথাও তেমন দেখিনি। কিন্তু 'He reproves the Curlew' কবিতার সঙ্গে 'হায় চিল'-এর-,'Three Beggars'-এর সঙ্গে 'ভিখিরী'র-,'The Falling of the Leaves of Ephemera' র সঙ্গে 'অঘ্রাণ প্রান্তরে'র বা সামগ্রিকভাবে *Crossways* গ্রন্থের সঙ্গে *বনলতা সেনের* সাযুজ্যই অলোকরঞ্জনের কাছে বড়ো কথা নয়। 'জীবনানন্দ ইয়েটসীয় উদ্দীপন ব্যবহার করে অন্যতর আলম্বনে নীত হয়ে গিয়েছেন।')

Scanned with ACE Scanner

জীবনানন্দের 'হায় চিল' কবিতাটি যে ইয়েটসের 'He reproves the Curlew' কবিতার তুলনায় আমাদের এই বিধ্বস্ত সময়ের 'আরো কাছে নিয়ে এসেছে' একথা জানিয়ে অলোকরঞ্জন গানের আঙ্গিক দিয়ে কবিতাটির কাব্যরস বিচার করেছেন। তাঁর এই বিচার সম্পূর্ণ মৌলিক বলে তা উদ্ধৃত না করে পারছি না—' 'হায় চিল' কবিতাটির পঞ্চম পঙক্তিতে এক নিশ্বাসে উত্থাপিত হয়েছে একটি প্রশ্ন এবং আত্মপ্রশ্ন। এই যুগ্মতা এক নতুন উপাদান। এর পরেই শুরুর আস্থায়ী শেষের আভোগে ফিরে এসেছে। ধ্রুবপদের এই ব্যবহার একাধারে সহজ এবং রহস্যময়। এই প্রত্যাবর্তের ধাঁচটি এ বইয়ের (বনলতা সেন) অন্যতম আকর্ষণ। প্রাচীন বাংলা কবিতায় এটি ছিল। এবং জীবনানন্দ নিঃসন্দেহে রবীন্দ্রনাথ কিংবা নজরুল-অতুলপ্রসাদ প্রমুখ শব্দশিল্পী ও সুরকারের গীতিকবিতায় এই নকশাটি লক্ষ করে থাকবেন। কিন্তু কবিতার আকৃতিগত প্রয়োজনে এ ধরনের পুনরাবৃত্তি জীবনানন্দে যেভাবে জটিলতর চেহারা নিয়েছে, তার নকশাটি পুরনো বাংলা কবিতা বা সমকালীন বাংলা গান থেকে নিষ্ক্রান্ত হয়নি। এর উৎস ইয়েটস'। জীবনানন্দের পর, বাংলা কবিতায়, অলোকরঞ্জন-কথিত প্রত্যাবর্তের এই ধাঁচ অনেকখানি আত্মস্থ করেছেন শক্তি চট্টোপাধ্যায় যার সাঙ্গীতিক আবেদন উপেক্ষা করা যায় না—

বার বার নষ্ট হয়ে যাই
প্রভু, তুমি আমাকে পবিত্র
করো, যাতে লোকে খাঁচাটাই
কেনে, প্রভু নষ্ট হয়ে যাই
বারবার নষ্ট হয়ে যাই
একবার আমাকে পবিত্র
করে প্রভু, যদি বাঁচাটাই
মুখ্য, প্রভু নষ্ট হয়ে যাই!

স্বীকারোক্তি ও আত্মনিবেদন একটি সুর হয়ে ছড়িয়ে পড়েছে কবিতার মধ্যে। 'সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়'—জীবনানন্দের এই লাইনটি এখানে মনে পড়ে যায় শুধু তফাৎ এইখানে যে জীবনানন্দের উপমাচেতনা প্রত্যক্ষ, শক্তির প্রচ্ছন্ন।

এই প্রত্যাবর্তের ধাঁচের সঙ্গে ছন্দোমুক্তির ঘনিষ্ঠ যোগ আছে। জীবনানন্দের কবিতায় যেখানে পূর্ণচ্ছেদ বসে, সেখানেই বক্তব্যের মীমাংসা হয়ে যায় না। জীবনানন্দের কবিতায় জিওফ্রি লীচ ব্যাখ্যাত 'avoidance of finality'র প্রসঙ্গ তুলেছেন অলোকরঞ্জন এবং বলেছেন যে মিশ্রকলাবৃত্ত ছন্দের বন্ধনের মধ্যে থেকেও জীবনানন্দ আসল বলার কথাটা স্থগিত রাখতে রাখতে অনির্ণেয়তায় অগ্রসর হয়েছেন। উপলব্ধির মধ্যে এই অভিক্ষেপ জাগিয়ে জীবনানন্দ বাংলা কবিতায় প্যারেনথিসিসের নিপুণ ব্যবহার করলেন। 'রিস্টওয়াচ', 'নাবিকী' এবং 'সূর্যপ্রতিম'

Scanned with ACE Scanner

এই তিনটি কবিতার পঙক্তিশেষে আমরা প্রায় একই ধরণের উচ্চারণ লক্ষ করি —'অফুরন্ত রৌদ্রের অনন্ত তিমিরে', 'এই অনন্ত রৌদ্রের অন্ধকার' এবং 'অফুরন্ত রৌদ্রের তিমিরে'। অনন্ত ও অফুরন্ত এই শব্দদুটি বিশ্লেষণ করতে গিয়ে অলোকরঞ্জন মন্তব্য করেছেন—'ঐ কাজটি (অফুরন্ত) যে অনিঃশেষ সম্ভাব্যতা ফুটিয়ে তোলে তার শিল্পগত সৌন্দর্য পাঠককে জয় করে নেয়। পাঠকের মনে শুরু হয়ে যায়, বিরোধাভাসে সমৃদ্ধ এই বোধের প্রতিধ্বনি, অনুভাবনার অনুরণন। আর বিশ্বাস ও অবিশ্বাসের মাঝখানে অস্তিত্বকে নিয়ে অফুরান নিরীক্ষা-পরীক্ষার পালা। প্রতিটি বিয়োজক যতিচিহ্নের ব্যবহারের মাধ্যমে কবি এক-একটি সংযোজন ঘটাচ্ছেন। ঐ সংযোজনগুলি আগের উক্তি-প্রত্যুক্তি ঠিক নয়, বরং অধিকাংশ এই পূর্ববর্তী কাজ বা বাগবন্ধের উপর আর একটু ছায়াসম্পাত'। এই সংযোজন যদি প্যারেনথিসিস হয়, তবে জীবনানন্দের কবিতার আঙ্গিকে তার উপস্থিতি কবিতার জন্য প্রয়োজনীয় ছিল, মানতেই হবে। এখানে আর একটি কথা প্রাসঙ্গিক। প্যারেনথিসিসের প্রভাবেই তাঁর কবিতায় পূর্ণচ্ছেদ পড়ে অনেক দূরে এবং দেরিতে। বলার কথাটা ঘুরতে থাকে যতিহীন, যতক্ষণ না কবির ঈপ্সিত ব্যঞ্জনা তার মধ্যে জেগে ওঠে।

'বলার কথাটা স্থগিত রাখতে রাখতে তিনি অনির্ণেয়তায় অগ্রসর হয়েছেন' — তার একটি পদ্ধতি যদি হয় parenthesis তবে আরেকটি পদ্ধতি, আমার বিবেচনায়, ক্রিয়াপদের ব্যবহার, বিশেষ করে অসমাপিকা ক্রিয়া এবং সংযোজক অব্যয়। 'নারীসবিতা' কবিতা থেকে একটি দৃষ্টান্ত তুলি। জীবনানন্দ যে অল্প কয়েকটি কবিতা দলবৃত্তে লিখেছেন তার মধ্যে এটি অন্যতম :

অনেক নিমেষ এই পৃথিবীর কাঁটা গোলাপ শিশিরকণা মৃতের কথা ভেবে
তবু আরো অনন্তকাল বসে থাকা যেত ; তবু সময় কি তা দেবে।
সময় শুধু বালির ঘড়ি সচল ক'রে বেবিলনের দুপুরবেলার পরে
হৃদয় নিয়ে শিপ্রা নদীর বিকেলবেলা হিরণ সূর্যকরে
খেলা ক'রে না ফুরোতেই কলকাতা রোম বৃহৎ নতুন নামের বিনিপাতে
উড়ে যেতে বলে আমায় তোমার প্রাণের নীল সাগরের সাথে।

এই কবিতাংশের শেষ চার পঙক্তি যেন তিনি এক নিঃশ্বাসে বলে গেলেন। একটি সমাপিকা ক্রিয়া 'বলে'র সঙ্গে জুড়ে দিলেন 'ক'রে-নিয়ে-ক'রে-ফুরোতেই-উড়ে-যেতে' এই ছ'টি অসমাপিকা ক্রিয়া। প্রথম পঙক্তির 'নিমেষ' ও 'অনন্তকালে'র বিরোধাভাসকে মেলালেন 'তবু' অব্যয় দিয়ে। একটা সংশয় যে নেই তা নয়, তাই 'যেন' শব্দটি ব্যবহার করে নিমেষ ও অনন্তকালের বিরোধাভাসকে 'তবু' অব্যয় দিয়ে আবার জুড়ে দিলেন 'সময়ের' প্রতিরোধের সঙ্গে। তাঁর আর একটি অসাধারণ কবিতা 'তিমিরহননের গানে'ও এই আঙ্গিক লক্ষ করি। নাতিদীর্ঘ এই কবিতায় জীবনানন্দ 'তবু' অব্যয়টি ব্যবহার করেছেন ৬ বার। এই কবিতায় তাঁর ভাবনা নয়টি পঙক্তিতে

Scanned with ACE Scanner

অবিরাম ঘুরতে থাকে দুটি মাত্র সমাপিকা ক্রিয়ায় আশ্রিত ১০টি অসমাপিকা ক্রিয়ার মধ্যে। আঙ্গিকের এই ধাঁচটি বেশী চোখে পড়ে *সাতটি তারার তিমির* ও *বেলা অবেলা কালবেলায়*।

জীবনানন্দ এমন একজন কবি যাঁর সম্পর্কে নিশ্চিতভাবে শেষ কথাটি কখনোই বলা যাবে না। তাঁর কবিতার মধ্যে যে মায়াবী রহস্যস্পর্শ রয়েছে, তাকে আমরা বাঁধা ধরা বিশেষণের মধ্যে বাঁধতে পারবো না কোনোদিন। যেমন হয়তো পারবো বিষ্ণু দে বা সুধীন্দ্রনাথ দত্তের কবিতাকে। এমন এক সুর আছে তাঁর কবিতায় যা কবিতার আঙ্গিকের সঙ্গে লগ্ন থেকেও কবিতাকে ছাড়িয়ে চলে যাচ্ছে। কবিতার এই অতিশায়ী আবেদনকেই কবিতার সঙ্গীত বলে। জীবনানন্দের কবিমনের গতি শঙ্খরেখায়, সরলরেখায় নয়। তাই তাঁর বলার পদ্ধতির মধ্য দিয়ে তাঁর আর্কেটাইপ ও মননমুদ্রা ঘুরতে থাকে আমাদের মনের মধ্যে।

[শ্রীদেবতোষ বসু লেখাটি পরিমার্জন করতে চেয়েছিলেন। কিন্তু তাঁর আকস্মিক প্রয়াণে তা সম্ভব না হওয়ায়, আলোচনা সভায় তিনি যেভাবে পড়েছিলেন, সে ভাবেই ছাপা হল।]

Scanned with ACE Scanner

জীবনানন্দ ও গ্রাম-শহরের দ্বান্দ্বিকতা : প্রসঙ্গ—*রূপসী বাংলা*

শাশ্বত ভট্টাচার্য

প্রকাশের পর থেকেই *রূপসী বাংলা* (১৯৫৭) অত্যন্ত জনপ্রিয় বই। আজ প্রায় বিয়াল্লিশ বছর ধরে সেই সব কবিতা আমরা পড়ে আসছি, তবে খুব যে নানাভাবে তা বোধ হয় নয়। সম্ভবত জনপ্রিয়তার সঙ্গে ঐকমত্যের কোনো সমানুপাতিক সম্পর্ক আছে। *রূপসী বাংলা* বিষয়ে এই বিয়াল্লিশ বছরে নানা তথ্য প্রকাশিত হয়েছে, যা কখনো কখনো পূর্ব-সিদ্ধান্ত কিছু কিছু বদলে দিয়েছে; তবে তাতে এ বিষয়ে আমাদের ধারণার মস্ত কোনো পালাবদল ঘটে নি। এ নিয়ে অবশ্য ঐকমত্যের, খুব মোটা দাগে বললে, দুটি ধারা আছে। অবশ্যই প্রধান ধারা—এক সবিস্ময় মুগ্ধতা, যা কখনো কখনো অবশ্য 'গ্রাম বাংলার আলুলায়িত' রূপেই। তবে কোনো বই যদি এটুকুও করে, নতুন করে চেনায় চারপাশের জগতের কোনো এক অংশকে, তাকে ভালোবাসায়,—তাহলে সেটাও তার এক ধরণের সার্থকতাই ধরতে হবে। কিন্তু চেনায় কীভাবে? বলা যায় মূলত এই প্রশ্নটাই দ্বিতীয় ধারার কেন্দ্রে রয়েছে। এই ধারা তুলনায় আয়তনে ক্ষীণ, কিন্তু বেশি মুনশিয়ানার সঙ্গে প্রথম ধারার প্রায় উল্টো কথা বলে : *রূপসী বাংলার* কবিতায় গ্রাম-বাংলার লোকসমাজের গায়ে বাস্তবের বিভিন্ন সমস্যার ছোঁওয়া মাত্র লাগে না, সমস্ত রকম দাহ ও আঁচ এড়িয়ে জেগে থাকে কেবল গ্রামীণ নৈসর্গিক সৌন্দর্য; এক রোমান্টিকতার আবরণে ঢাকা পড়ে যায় গ্রাম জীবনের সত্য রূপ; ফলে এই সব এলিয়ে পড়া ও এক মাত্রিক কবিতা চেতিয়ে তোলার বদলে মানুষকে নির্জীব করে দেয়, এক সংকীর্ণ জগতে বদ্ধ করে ফেলে; আর এই কবিকে মনে হয় যেন এক পলায়নবাদী কবি। এছাড়াও কেউ কেউ অবশ্য এই সব কবিতার গাঢ় বিষণ্ণতায় রক্তক্ষরণও দেখেছেন।

রূপসী বাংলার কবিতা লেখা হচ্ছে ১৯৩৪ মার্চে।[১] যদিও আমাদের হাতে এসে পৌঁছবে এর প্রায় তেইশ বছর পরে। ইতিমধ্যেই কিন্তু বাঙালি পাঠক জীবনানন্দের পরবর্তীকালের কবিতা পড়ে ফেলবেন। আমি এখানে কিছু বিক্ষিপ্ত উদাহরণই তুলছি :

> বাংলার পাড়াগাঁয়ে শীতের জ্যোৎস্নায় আমি কতবার দেখলাম
> কত বালিকাকে নিয়ে গেল বাঘ—জঙ্গলের অন্ধকারে;

['আজকের এক মুহূর্ত', রচনাকাল—অক্টোবর ১৯৩৭, প্রকাশ—*কবিতা*, আশ্বিন ১৩৪৫ বঙ্গাব্দ (১৯৩৮), *মহাপৃথিবী*, ১৯৪৪];

Scanned with ACE Scanner

নীলিমাকে যতদূর শান্ত নির্মল মনে হয়
হয়তো বা সে রকম নেই তার মহানুভবতা।

['পরিচায়ক', র.-নভেম্বর ১৯৩৮-মে ১৯৩৯, প্র.— *আনন্দবাজার পত্রিকা*, শারদীয় ১৩৪৮ ব. (১৯৪১) *মহাপৃথিবী*] ;

সময় কীটের মতো কুরে খায় আমাদের দেশ

['বিভিন্ন কোরাস', র.-ডিসেম্বর ১৯৪০-মে ১৯৪১, প্র.-*নিরুক্ত*, আশ্বিন ১৩৪৯ ব. (১৯৪২), *মহাপৃথিবী*] ;

সমস্ত গাছের দীর্ঘ ছায়া
বাংলার প্রান্তরে পড়েছে ;
এ দিকের দিনমান—এ যুগের মতো
শেষ হয়ে গেছে,
... ...
কোথাও শান্তির কথা নেই তার, উদ্দীপ্তিও নেই ;
... ...
কেবল খড়ের স্তূপ প'ড়ে আছে দুই-তিন মাইল,
তবু তা সোনার মতো নয় ;
কেবল কাস্তের শব্দ পৃথিবীর কামানকে ভুলে
করুণ, নিরীহ, নিরাশ্রয়।
আর কোনো প্রতিশ্রুতি নেই।

['ক্ষেতে প্রান্তরে', র.-অগাস্ট ১৯৪১—মার্চ ১৯৪২, প্র.-*নিরুক্ত*, আষাঢ় ১৩৪৯ ব. (১৯৪২), *সাতটি তারার তিমির*, ১৯৪৮] ;

সর্বদা উৎকণ্ঠা এক জেগে আছে সকল ঘনায়মান পার্বণের মাঝে
মৃত্যুর উদ্‌বেগ ছেপে—আরো বেশি কূট ;
... ...
কখনও ধানের ক্ষেতে—কখনও নদীর ভুয়ো জলে
নিরন্ন বছর নামে—
বর্গাদার—মহাজন—প্রজার মহলে
হুলুস্থুল পড়ে যায় :
এখানের ভাগচাষ—শহরের হুণ্ডি—ঠিকাদার
ভূশণ্ডির মাঠ—ঘাঁটি—বারভূঞাদের ভূত-ব্যবচ্ছেদাগার—শব—
হাতুড়ে ডাক্তার—
ফিসফিস ষড়যন্ত্র—রাস্তার কানাচ—
এই সব সূর্যের চেয়েও বেশি বালুকার আঁচ ;
এরা সব হুলুস্থুল করে যায়।

['নিরীহ ক্লান্ত ও মর্মান্বেষীদের গান', র.—অগাস্ট ১৯৪১—মার্চ ১৯৪২, প্র.—*দেশ*, ১৭ বৈশাখ ১৩৫০ ব. (১৯৪৩)] :

Scanned with ACE Scanner

মানুষের ভোরে ছুঁয়ে অধিকার হারানো সোনাল
জলে আছে জল হয়ে হয়;
আমাদের হৃদয়ের সাথে
সে সব বস্তুর আন্তরিক পরিচয়
নেই;

['সোনালি সিংহের গল্প', সাতটি তারার *তিমির*]

সুতরাং রূপসী বাংলার কবিতা পড়বার আগেই এরকম লাইনের সঙ্গে জীবনানন্দের পাঠক তখন পরিচিত। তাহলে কীভাবে মেলাতেন তাঁরা এই সব কবিতার সঙ্গে রূপসী বাংলার কবিতাকে? কীভাবে পড়ব আজকে আমরা রূপসী বাংলার কবিতার পাশাপাশি এই সব কবিতা?

নিশ্চয়ই নির্মমন ভাবালুতায় এই বিরোধকে জোর করে মিলিয়ে নিয়ে কোনো সরল-সমতল আখ্যানে রূপান্তরিত করব না। বিকল্পে কি এই বিরোধকে স্বীকৃতি দিয়েই নিজেদের মনোমত 'বাছাই জীবনানন্দ' তৈরি করে নেব? এ রকম উদাহরণ যে একেবারে নেই তাও নয়। তবে শেষ পর্যন্ত সেটা কতটা স্বাস্থ্যকর হয়, সে বিষয়ে সন্দেহ করি।

এদের সহজ নির্বিরোধ সহাবস্থানে সঙ্গত অস্বস্তি থেকেই আসলে কেউ কেউ আমাদের উদ্ধৃত কবিতার বিপরীত কোটিতে দাঁড় করাতে চেয়েছেন *রূপসী বাংলার* কবিতাকে। যে ইতিহাস-চেতনা ও সময়-চেতনার কথা জীবনানন্দ বারবার বলেন, যা তাঁর রচনার পরিণতিতে দিক-নির্দেশের কাজ করে, তা তখনো অনেকটাই অনায়ত্ত। আর এটা তো স্পষ্টই, যে ইতিহাস-বোধ থেকে তিনি দেখতে পান 'বাংলার লক্ষ গ্রাম নিরাশায় আলোহীনতায় ডুবে নিস্তব্ধ নিস্তেল' ; লেখেন 'গোধূলি সন্ধির নৃত্য', 'নিরঙ্কুশ', 'উত্তরপ্রবেশ', পাশপাশি 'এই সব দিনরাত্রি', 'ইতিহাসযান', 'অন্ধকার থেকে' ; বাংলার বাঁচা-মরার সঙ্গে সমস্ত কবলিত পৃথিবীর অন্তঃসম্পর্ক আবিষ্কার করেন ;— তা তাঁর প্রথম দিকের কবিতায় অনুপস্থিত।

ঝরাপালকেও ইতিহাস আছে। কিন্তু তা, পরবর্তীকালে জীবন-যাপনের বিচিত্র অনুপুঙ্খে যেভাবে ইতিহাসকে তিনি দেখতে চাইছিলেন, তার থেকে ঢের আলাদা। এক কি *মহাপৃথিবীর* কবিতার সঙ্গে *বেলা-অবেলা-কালবেলার* কবিতার ইতিহাস-চেতনাও?

২৬.১২.১৯৪৫ তারিখে বরিশাল থেকে প্রভাকর সেনকে একটি চিঠিতে কবিতা রচনা সম্পর্কে জীবনানন্দ লিখছেন :

> ... ভাবপ্রতিভাজাত ... অন্তঃপ্রেরণাও সব নয় ; তাকে সংস্কারমুক্ত
> শুদ্ধ তর্কের ইঙ্গিত শুনতে হবে ; এ জিনিস ইতিহাস-
> চেতনায় সুগঠিত হওয়া চাই।...'

এই শুদ্ধ তর্কের ইঙ্গিত শোনার কোনো পূর্ণচ্ছেদ হয় না। ইতিহাস-চেতনাও কোনো স্থির বিন্দু নয়। তাকে অর্জন করতে হয়। জীবনের মতোই সেও পরিবর্তনক্ষম,

Scanned with ACE Scanner

পরিবর্তনশীল ; যা বদলে দেয় কবিতার অস্থি, তার শরীর। আমরা নিশ্চয়ই ভুলে যাব না কবিতা পত্রিকায় 'অন্ধকার' প্রকাশের সময় জীবনানন্দের পাদটীকা ব্যবহারের ঘটনা। আলাদা করে জানিয়েছিলেন :

> 'অন্ধকার' কবিতাটি প্রায় সতেরো বছর আগে লেখা
> হয়েছিল, ... সতেরো বছর আগের ঠিক সেই মনঃস্বভাব
> এখন নেই আর আমার, এরকম কবিতা আর আমার
> পক্ষে লেখা সম্ভব নয়।[২]

জীবনানন্দেরই কোনো কোনো কবিতার নজিরও তোলা যায়, যেখানে এই মনঃস্বভাবের বদল—পুরনো বিশ্বাসের থেকে সরে আসার কথা সরাসরিই জানানো হয়েছে।

এ কারণেই নিঃসন্দেহে জীবনানন্দের আলোচনায় পর্ব ভাগ জরুরি ; যা লেখকের স্বরবদল ও ভাবনার বিবর্তনকে অনেক স্পষ্টভাবে ধরিয়ে দেয়। কিন্তু পর্বান্তরের সীমানাকে সুনিশ্চিতভাবে চিহ্নিত করব কীভাবে? সত্যিই তো আর তারা জল-অচল রেখা দিয়ে একে অন্যের থেকে পৃথক হয়ে থাকে না। জীবনানন্দের লেখালেখির প্রথম কয়েক বছরের পর্ব চিহ্নিত করা থেকে এ রকম একটা সমীকরণ করে ফেলা সম্ভব যে, *ঝরাপালক* এবং *ধূসর পাণ্ডুলিপির*ও কিছু কবিতায়, যেমন 'বাস্তবের রক্ততট', 'লক্ষ কোটি মুমূর্ষুর কারাগার' থেকে কবি পরিত্রাণ চান 'অতন্দ্র দূর কল্পলোকে', 'স্বপ্নে', কিংবা মৃত্যুকে জীবনের পরিণাম জেনে জীবনের জ্বর-ব্যথা উপেক্ষা ক'রে, তেমনি মুক্তি পান *রূপসী বাংলার* কবিতার গ্রাম-বাংলায়। যা ছিল নিছক কল্পলোক, তা সত্যিকারের ভূগোলে ঠাঁই পেল।

কিন্তু গ্রাম পতনের প্রক্রিয়া তো আমাদের দেশে আরো আগেই শুরু হয়ে গিয়েছিল। তাহলে কি গ্রাম-জীবনের নিশ্চিন্ততার অসাড়তাকে জীবনানন্দ খেয়াল করছেন না? ধ্বস্ত সময়ের হাত থেকে স্বপ্নের জগতের মতোই রেহাই পেয়ে যায় গ্রাম বাংলা? সময় সেখানে কোনো আঁচড় কাটে না? একই সুতোয় গ্রাম ও শহরের ভাগ্য যে বাঁধা তা তাহলে একেবারেই নজর এড়িয়ে গেল জীবনানন্দের?

২

গ্রাম ও শহর বলতে আমরা শুধু জনপদই বুঝি না। সমাজ-জীবনের লম্বা ইতিহাসে এই সব শব্দকে ঘিরে অন্যান্য অর্থেরও বলয় তৈরি হয়েছে। তাই শুধু সমাজবদ্ধ মানুষের বাসস্থানের দু-রকমের একক বললে সে সবের অনেক সামাজিক-সাংস্কৃতিক তাৎপর্য আবছা হয়ে যায়। যে সব তাৎপর্যে ও অর্থ-অনুষঙ্গে গ্রাম ও শহর যেন দুটি বিপরীতার্থক শব্দ হয়ে ওঠে। ফলে যেমন তৈরি হয় তাদের নতুন রূপকল্প, তেমনি কখনো বা তারা নিজেরাই বদলে যায় রূপকে।

গ্রাম শব্দের সঙ্গে যেমন জুড়ে যায় স্বাভাবিক জীবনপ্রণালী, অপাপবিদ্ধতা, সারল্য, শান্তি, নারীত্ব, কোমলতা, স্থাণুত্ব, অজ্ঞতা, সীমাবদ্ধতা ইত্যাদি অনুষঙ্গ, যেন

Scanned with ACE Scanner

ঠিক এর বিপরীতেই শহরকে ঘিরে বন্ধুরতা, প্রতিযোগিতা, তীব্রতা, অশান্তি, উচ্চাশা, জটিলতা, কুটিলতা, রূঢ়তা, জ্ঞান, আলোক, গতি, পৌরুষ, কেজো সাফল্য ইত্যাদি অনুষঙ্গ গড়ে ওঠে।* এর পেছনে কাজ করে থাকতে পারে এ রকম একটা ভাবনা যে, গ্রামই আমাদের ভাঁড়ার, বিবিধ প্রাকৃতিক রসদে ভরা—যা থেকে প্রাপ্তি ঘটে, যার অন্যতম প্রাপ্তি শহর ; যে শহরের বৈভবের জন্যে মূল্য গুনতে হয় গ্রামকেই।

এই সব তাৎপর্য গড়ে ওঠার বিস্তার প্রায় গোটা দুনিয়া জুড়েই। প্রসঙ্গ ভেদে এসব অনুষঙ্গের ঝোঁকের যেমন বদল ঘটে, তেমনি অঞ্চলভেদেও অনুপুঙ্খের কম বেশি তফাৎ হয়ে যায়। এর সাহিত্যিক নির্মাণের উদাহরণ হাজির করা খুব আয়াসসাধ্য নয়। এ বিষয়ে আরো বিশদ বিশ্লেষণ সম্ভব, তবে আপাতত এই টুকুতেই আমাদের কাজ চলে যাবে। শুধু এখানে লক্ষ করার এই সব অনুষঙ্গ যেন এক গুচ্ছ বিপরীত যুগ্মপদের সমাহার। তাই গ্রাম ও শহরের মধ্যবর্তী আরো কিছু ধরণের জনপদ থাকলেও গ্রাম বা শহর বলা মাত্রই এদের এই মানস অস্তিত্বের কারণেই পরস্পরের নিরিখে অন্যের উপস্থিতিও একভাবে সামনে চলে আসে। কখনো কখনো আসে প্রায় এমনভাবে যেন একের সমস্যার সমাধান মিলবে অন্যতে। দ্বিতীয়ত, এই অনুষঙ্গগুলির কোনোটিই 'প্রাকৃতিক' নয়, সামাজিক নির্মাণ ; অতএব পুরোপুরি ইতিহাস-সাপেক্ষ। সেজন্যেই এইসব অনুষঙ্গ গড়ে ওঠা ও বদলের সম্ভাবনাও ইতিহাস-ভেদে ভিন্ন।

আমাদের আজকের গ্রাম-শহর সম্পর্কের বনিয়াদ গড়ে উঠেছিল আঠারো শতকের শেষ দিক থেকে। 'চিরস্থায়ী বন্দোবস্ত' (১৭৯৩) আমাদের আধুনিকতার প্রকল্পের যেমন ভিত তৈরি করেছিল, অর্থনৈতিক অবস্থাকে একটা বিশেষ আকার এনে দিয়েছিল, তেমনি সামাজিক অন্তর্বিন্যাসেরও একটা নির্দিষ্ট আদল গড়ে তুলেছিল ; গ্রাম-শহরের রাজনৈতিক সম্পর্ক ও গুরুত্বও যার অন্তর্গত ছিল। বঙ্কিমচন্দ্র যখন লেখেন 'চিরস্থায়ী বন্দোবস্তের উপর আধুনিক বঙ্গসমাজ নির্ম্মিত হইয়াছে', তখনও সেই নির্মাণের অভিঘাত তত স্পষ্ট নয়, যতটা বিশ শতকের গোড়ায়। পরিস্থিতি বদলের সঙ্গে সঙ্গে এর অমঙ্গলের রূপই যেন বেশি করে ধরা পড়তে থাকে। ১৯৪৬-৪৭ সময়ে লোকসমাজের প্রপিতামহের দল 'চিরস্থায়ী বন্দোবস্তকে চড়কের গাছে তুলে' কতটা 'ঘুমুতে' পেরেছিল এ প্রশ্ন সঙ্গত হলেও, সন্তানদের হাল ছিল আরো মর্মান্তিক। কোনো জোড়াতালি দিয়েই পরিস্থিতিকে আর সামলানো যাচ্ছিল না।

'চিরস্থায়ী বন্দোবস্তে' যখন গ্রাম ও শহরের স্বার্থের এক ধরণের পরিপন্থী সম্পর্ক তৈরি হচ্ছিল, তখন আমাদের সমাজেও এদের সাংস্কৃতিক সম্পর্কের নব নির্মাণের একটা যোগ এসেছিল। কিন্তু এর সঙ্গে আমাদের সমাজ বিকাশের ধারা ও অর্থনৈতিক শ্রেণী-বিন্যাসের প্রশ্নও জড়িত। এই সময়েই বাংলার নতুন মধ্যশ্রেণী ভদ্রলোক তৈরি হচ্ছে যাদের সঙ্গে সাধারণভাবে 'চিরস্থায়ী বন্দোবস্তের' প্রত্যক্ষ ও পরোক্ষ অনুপন্থী

Scanned with ACE Scanner

স্বার্থ জড়িয়ে ছিল। উৎপাদন ব্যবস্থার সঙ্গে সরাসরি যোগ না থাকলেও থাকবন্দী সমাজ-কাঠামোর চূড়োয় থাকা এইসব মানুষদের ঘিরেই সামাজিক মর্যাদা ও ক্ষমতা জড়ো হচ্ছিল ; যতটা অবশ্য উপনিবেশের বাসিন্দার জোটে। এরাই নেতৃত্ব দিচ্ছিল জাতীয়তাবাদী আন্দোলনেও। কলকাতা তখন শুধু উপনিবেশ শাসকের প্রশাসনিক রাজধানীই নয়। বাংলার সাংস্কৃতিক রাজধানীও হয়ে উঠছে। এবং তখন শিক্ষা ও সামাজিক ক্ষমতায় এই মধ্যশ্রেণী ভদ্রলোকই সাংস্কৃতিক সাহিত্যিক সংলাপের 'তুমি-আমি'। ফলে তা অনেক দূর পর্যন্ত এক অন্তঃশ্রেণী সংলাপ হয়ে পড়ছিল। যে শ্রেণীর গড়ে ওঠার আখ্যানে গ্রাম ভেঙে শহর তৈরি হওয়ার ইতিহাস খুব কিছু অলক্ষ্য নয়।

সামাজিক অবস্থানের বাইরে গিয়েও যে কোনো কথাই তৈরি হয়নি, তা নিশ্চয়ই নয়। সে সবের ঐতিহাসিক গুরুত্বও অপরিসীম। কিন্তু তা গ্রাম-শহর সম্পর্কের এই বিস্তৃত ও গভীর যৌথস্মৃতি টলিয়ে দেবার বিচারে খুবই দুর্বল। আজকে চিন্তার যে জমিতে দাঁড়িয়ে এই সম্পর্ককে আমরা পড়তে চাইছি-, অনেক দিন ধরে অনেক পলি এসে জমেছে তাতে, অনেকবার পাড় ভেঙেছে। নানান পরস্পর বিরোধী ঝোঁকের মধ্যে দিয়েই তো কথা তৈরি হয়ে চলে। আজকের এই সব কথা তৈরি হওয়ার জন্যে বিদ্যাসাগর, বঙ্কিমচন্দ্র, দ্বারকানাথ বিদ্যাভূষণ, চন্দ্রনাথ বসু, রবীন্দ্রনাথ থেকে শুরু করে সৈয়দ ওয়ালীউল্লাহ, শরৎচন্দ্র, তারাশঙ্কর, বিভূতিভূষণ, সতীনাথ ভাদুড়ী, মানিক বন্দ্যোপাধ্যায়, প্রেমেন্দ্র মিত্র হয়ে মহাশ্বেতা দেবী, আখতারুজ্জামান ইলিয়াস, দেবেশ রায়, হাসান আজিজুল হক পর্যন্ত আমাদের অপেক্ষা করতে হয়েছে। আমি কেবল সাহিত্যিক নির্মাণের নজিরে কয়েকজন লেখকের নাম করলাম। কিন্তু বলাই বাহুল্য এই ধরণের স্মৃতির নব নির্মাণে সমাজশক্তির আরো অনেক সাধনা ও সংগ্রাম থাকে। এখন প্রশ্ন জীবনানন্দকে আমরা এই প্রেক্ষাপটে কীভাবে পাই। যা আপাতত আমরা বর্তমান প্রসঙ্গ *রূপসী বাংলা* থেকে বুঝতে চাইছি।

৩

রূপসী বাংলার পাঠ নিয়েই জটিলতা আছে। কবি নিজে এই বই ছেপে যান নি। 'লেখাগুলিকে ... পুস্তকাকারে গ্রথিত করা যেত হয় তো দূরের কোনো এক সময়ে কিন্তু ১৯৪৫-৪৬-এ পৌঁছে সে জিনিস করা আর সম্ভব নয় তাঁর পক্ষে, ... আর সময়ও অনেকটা এগিয়ে গিয়েছে ঐ লেখাগুলির সময়ের থেকে'[৩]—এ রকম একটা কথা তিনি প্রভাকর সেনকে চিঠিতে লিখেছিলেন বলে জানা যায়। বই কেন আগে ছাপান নি, আর ছাপালেই ঠিক কী হত তার রূপ—এই আন্দাজী আলোচনায় আমরা আপাতত যাব না। শুধু এই টুকু খেয়াল করব যে, কবিতাগুলিকে আলাদাভাবেও তিনি কখনো ছাপান নি-এবং প্রকাশ করা প্রসঙ্গেও তাদের এক সঙ্গে গ্রথিত করে প্রকাশ করার কথাই বলেন। এ থেকে আমরা কবিতাগুলিকে পরস্পরের সঙ্গে মিলিয়ে

Scanned with ACE Scanner

পড়ার একটা ইঙ্গিত পেতে পারি। সে ক্ষেত্রে প্রতিটি কবিতার পাঠ তৈরিতেই অন্য কবিতার পাঠ-কেও জায়গা দিতে হয়; সবটা মিলেই একটা পাঠ। কবিতাগুলি সম্পূর্ণ, আবার একটা বড় কবিতামালার অংশও। এবং আমরা যেহেতু এই কবিতাগুলির ভাবনা-বিশ্বকে বুঝতে চাই, তাই প্রাপ্ত সমস্ত কবিতাকেই আমাদের পাঠোর অন্তর্গত করব, তারা 'একই ভাবাবেগে আক্রান্ত' হোক বা না হোক। কবিতার পাঠ নির্ণয় প্রসঙ্গে এখানে আর একটা কথাও বলা দরকার। ১৯৮৪-তে দেবেশ রায়ের সম্পাদনায় পাণ্ডুলিপি সংস্করণ বেরোনোর আগে পর্যন্ত *রূপসী বাংলার* একমাত্র সিগনেট সংস্করণই পাঠকের হাতে ছিল, যার অনেক গলদ পাণ্ডুলিপি সংস্করণ বেরোবার পরে আমাদের এখন জানা। আমরা পাণ্ডুলিপি সংস্করণই অনুসরণ করব, বিকল্প পাঠের ক্ষেত্রে বিকল্পের কথা খেয়ালে রেখেই চূড়ান্ত পাঠক-স্বাধীনতা মেনে নেওয়া ছাড়া উপায় নেই। শুধু যে চারটি কবিতার পাণ্ডুলিপি পাওয়া যায় নি, সেই কবিতাগুলির ক্ষেত্রেই সিগনেট সংস্করণ পাঠ ব্যবহার করব, এই সংস্করণ সম্পর্কে পূর্ব অভিজ্ঞতার জন্যে একটু অস্বস্তি নিয়েই।

যে কোনো পাঠকেরই এটা নজরে পড়বে, প্রধানত সনেট আকারে লেখা এই সমস্ত কবিতাতেই উপচে পড়ছে জীবনের প্রতি এক তীব্র সংরাগ। এক আশ্চর্য মায়ায় যেন ছেয়ে থাকে গোটা নিসর্গই। বর্ণনার অনুপুঙ্খে অবশ্যই তা দক্ষিণ-পূর্ব বঙ্গ (কয়েকটি কবিতা অবশ্য মালয়ালি সমুদ্র নিয়ে হওয়া সম্ভব)। কিন্তু আমরা তাকে শুধু ভৌগোলিক মানচিত্রে ধরতে চাইছি না, আমরা বুঝতে চাই এর ঐতিহাসিক-সাংস্কৃতিক মানচিত্র, যেখানে কবিতার কথক মরে গেলেও তার কোনো ক্ষোভ থাকবে না, আবারো ফিরে আসতে চাইবে। এর পাশাপাশি এই সব কবিতার আর একটি সামান্য লক্ষণ—এক বিষণ্ণ সুর, যা আজ বহুশ্রুতই। দু'একটি কবিতাকে শুধু এর ব্যতিক্রম বলা যেতে পারে। বস্তুত এই সংরাগ ও বিষণ্ণতার সম্পর্কের ওপরেই দাঁড়িয়ে রয়েছে এই সব কবিতার ভাবাবেগ।

আর এই সম্পর্ককে বোঝার একটা চাবিকাঠি হতে পারে *রূপসী বাংলার* বিভিন্ন কবিতায় বক্তব্যের ঝোঁকের বৈপরীত্যকে লক্ষ করা; যে বৈপরীত্যে কখনো কখনো একে অন্যকে প্রায় নাকচ করে দেয়। আমি এলোমেলো ভাবেই কিছু উদাহরণ এখানে সাজিয়ে দিচ্ছি :

১। বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ
খুঁজিতে যাই না আর :

২। শ্মশানের দেশে তুমি আসিয়াছ— ...
... ...
... তুমি ঢেলে দাও নিজেরে নিঃশেষে
এই দহে—এই চূর্ণ মঠে মঠে—এই জীর্ণ বটে বাঁধ বাসা

৩। উঠানে কে রূপবতী খেলা করে—ছড়ায়ে দিতেছে বুঝি ধান
শালিখেরে;

৪। ...বধূও। বউও তো। উঠানে নাই—প'ড়ে আছে একখানা ঢেঁকি
ধান কে কুটিবে বল—কতদিন সে তো আর কোটে নাক' ধান

৫। ...প্রসন্ন প্রাণের স্রোত—অশ্রু নাই—প্রশ্ন নাই—কিন্তু
ঝিলমিল ডানা নিয়ে উড়ে যায় আকাশের থেকে দূর আকাশের পিছু

৬। ...নীল নাভিশ্বাস
ফেনায়ে তুলিছে শুধু পৃথিবীতে পিরামিড যুগ থেকে আজো বারোমাস

... ...

... তবু জানি আমাদের স্বপ্ন হতে অশ্রু ক্লান্তি রক্তের কণিকা
ঝরে শুধু—

৭। ... তবু জানি কোনোদিন পৃথিবীর ভিড়ে
হারাব না তারে আমি—সে যে আছে আমার এ বাংলার তীরে।

৮। 'কি বা হায়, আসে যায়' বলি আমি, 'তারে যদি কোনোদিন না পাই আবার?'
দাড়কাক। নিমপেচা। তবু হাঁকে : 'পাবে নাক' কোনোদিন—
পাবে নাক কোনোদিন—
পাবে নাকে কোনোদিন আর'

৯। রাঙা রোদ, শালি ধান, ঘাস, কাশ, মরালেরা বারবার রাখিতেছে ঢেকে
আমাদের রুক্ষ প্রশ্ন, ক্লান্ত ক্ষুধা, স্ফুট মৃত্যু—

১০। ধান কাটা হয়ে গেলে মাঠে মাঠে কত বার কুড়ালাম খড়,
বাঁধিলাম ঘর এই শ্যামা আর খঞ্জনার দেশ ভালোবেসে
ভাসানের। মাথুরের। গান শুনে কত বার ঘর আর খড় গেল ভেসে,
মাথুরের পালা বেঁধে কত বার ফাঁকা হ'ল খড় আর ঘর।

১১। ... আসিয়াছে শান্ত অনুগত
বাংলার নীল সন্ধ্যা—কেশবতী কন্যা যেন এসেছে আকাশে
আমার চোখের পরে আমার মুখের পরে চুল তার ভাসে
পৃথিবীর কোনো পথ এ কন্যারে দেখে নিকো—

১২। ...ভাঙা ঘাটে
রূপসীরা আজ আর আসে নাক', পাটা শুধু পচে অবিরল
সেইখানে কলমীর দামে বেঁধে প্রেতিনীর মতন কেবল
কাঁদিবে সে সারারাত—দেখিবে কখন কারা এসে আমকাঠে
সাজায়ে রেখেছে চিতা :

... ...

চারিদিকে বাংলার ধানী শাড়ী—শাদা শাখা—বাংলার ঘাস
আকন্দ বাসকলতা ঘেরা এক নীল মঠ আপনার মনে
ভাঙিতেছে ধীরে ধীরে—

১৩। 2 পৃথিবীর সব ঘুঘু ডাকিতেছে হিজলের বনে
। পৃথিবীর সব শান্তি। রূপ। লেগে আছে ঘাসে
4 পৃথিবীর সব প্রেম আমাদের দুজনার মনে

Scanned with ACE Scanner

3 আকাশ ছড়ায়ে আছে রূপ। শান্তি। হয়ে আকাশে আকাশে।

১৪। ডাইনীর মত হাত তুলে তুলে ভাঁট আশশ্যাওড়ার বন
বাতাসে কি কথা কয় বুঝি নাক'—বুঝি নাক' টিল কেন কাঁদে
পৃথিবীর কোনো পথে দেখি নাই আমি হায় এমন বিজন
শাদা পথ—সোঁদা পথ বাঁশের ঘোমটা মুখে বিধবার ছাঁদে
চ'লে গেছে—শ্মশানের পাশে কোন্। পারে বুঝি।—সন্ধ্যা আসে সহসা কখন
সজিনার ডালে পেঁচা কাঁদে নিম-নিম-নিম কার্ত্তিকের চাঁদে।

১৫। ... কোনোদিন রূপহীন প্রবাসের পথে
বাংলার মুখ ভুলে খাঁচার ভিতরে নষ্ট শুকের মতন
কাটাই নি দিন, মাস বেহুলার। লহনার। খুল্লনার মধুর জগতে
তাদের পায়ের ধুলো মাখা পথে আমি যে বিকায়ে দিছি মন
বাঙালী নারীর কাছে—চালধোয়া স্নিগ্ধ হাত, ধানমাখা চুল
হাতে তার শাড়ীটির কস্তা পাড়;—ডাঁশা আম, কামরাঙা, কুল।

১৬। খুঁজে তারে মর মিছে—পাড়াগাঁর পথে তারে পাবে নাক' আর
... ...
কোথায় সে নিয়ে গেছে সঙ্গে ক'রে সেই নদী, ক্ষেত, মাঠ, ঘাস
সেই দিন, সেই রাত্রি, সেই সব ম্লান চুল, ভিজে শাদা হাত
সেই সব নোনাগাছ, করমচা, শামুক, শুগলি, তালশাস
সেই সব ভিজে ধুলো, বেলকুঁড়ি ছাওয়া পথ—ধোঁয়াভরা ভাত
কোথায় গিয়েছে সব?

১৭। সেখানে সবুজ ডাঙা ভ'রে আছে মধুকূপী ঘাসে অবিরল
সেখানে গাছের নাম কাঁঠাল, অশ্বত্থ, বট, জারুল হিজল
... ...
সেখানে হলুদ শাড়ী লেগে থাকে রূপসীর শরীরের পর
শঙ্খমালা নাম তার : এ বিশাল পৃথিবীর কোনো নদী ঘাসে
তারে আর খুঁজে তুমি পাবে নাক'—বিশালাক্ষি দিয়েছিল বর
তাই সে জন্মেছে নীল বাংলার ঘাস আর ধানের ভিতর।

১৮। আজ তারা কই সব? ওখানে হিজল গাছ ছিল এক—পুকুরের জলে
বহুদিন মুখ দেখে গেছে তার;—তারপর কি যে তার মনে হ'ল তবে
কখন সে ঝরে গেল, কখন ফুরাল, আহা—চলে গেল কবে যে নীরবে
তাও আর জানি নাক';— ...
... ...
...—অনেক কুকুর আজ পথে ঘাটে নড়াচড়া করে
তবুও আঁধারে ঢের মৃত কুকুরের মুখ—মৃত বিড়ালের ছায়া ভাসে
কোথায় গিয়েছে তারা? অই দূর আকাশের নীল লাল তারার ভিতরে
অথবা মাটির বুকে মাটি হয়ে আছে শুধু—ঘাস হয়ে আছে শুধু ঘাসে?
সুধালাম...উত্তর দিল না কেউ। নাই ক' কিছু। উদাসীন অসীম আকাশে।

Scanned with ACE Scanner

খেয়াল করে পড়লে এরকম বিপরীত উদাহরণের সারণী আরো লম্বা করা যেতে পারে। কিন্তু আমাদের তৈরি করা সারণী থেকেই এটা অন্তত বেরিয়ে আসে যে *রূপসী বাংলা* খুব কিছু নিটোল, মোলায়েম, একমাত্রিক ও নিছক স্বপ্নে-পাওয়া কবিতা নয়। বরং সেখানে বিপরীত ধারণার এক সংঘাতই দেখি আমরা।

এই উদাহরণের কিছু কবিতা থেকেও *রূপসী বাংলার* কবিতা বিষয়ে শুরুতেই উল্লেখ করা অভিযোগের সমর্থন পাওয়া যাবে, যে অভিযোগে বলা হয় *রূপসী বাংলা* রূপ আর রূপহীনতা, শান্তি আর শ্রান্তির সঙ্গে গ্রাম-বাংলা আর বহিঃপৃথিবীর এক সরল সমীকরণ তৈরি করে। এ প্রসঙ্গেই আমরা সিগনেট সংস্করণ থেকে বাদ পড়া কবিতার উল্লেখ করতে পারি, যেখানে সরাসরি শহরের কথা আছে। সেখানে শহরের অনুষঙ্গে শুধুই আসে কেরানির ক্লিন্ন জীবন, প্রেমহীনতা, ধোঁয়া-ধুলো আর ভিড় আর ক্লান্তি, আর হাড়ের মরুভূমি। একমাত্র সেখান থেকে বেরুতে পারলেই দেখা যায় :

ধানসিড়ি নদীটির বিকেলবেলার মৌন জলে
বেতের ফলের মত যেই চোখ, যেই রূপ
ধরা দেয় পৃথিবীর নীরব আঁচলে

কিন্তু কীভাবে পড়ব তাহলে বাকি কবিতাগুলোকে? কোনো একটিকে প্রধান ধারা ধ'রে নিয়ে অন্য সব কবিতাকে ব্যতিক্রম বলে দিলে কি এইসব কবিতার সত্য থেকে দূরে সরে যাওয়া হয় না? এ রকম কোনো ঝোঁকের কারণেই সম্ভবত এই সব কবিতা পড়ার সময় গোটা বই জুড়েই যে সংঘাতের, বিরোধের চিহ্ন ছড়িয়ে রয়েছে তা আর নজরেই পড়ে না।

রূপসী বাংলার কবির শান্তির আশ্বাস খোঁজাটুকু সত্যিই। কিন্তু সত্যিই কি আশ্বাস জোটে? জোটে না বলেই বারবার অতীত বাংলায় যেতে হয়। বাংলার যে অপরূপ রূপে কবি বিভোর তা প্রধানত আজকের বাংলার নয়। যেন সময়ের উজানে গিয়েই তাকে পেতে চাওয়া। কিন্তু সময়ের উজানে যাওয়া যায় না বলেই শ্মশান, চিতা আর মৃত্যুর পৌনঃপুনিক উল্লেখে ছেয়ে থাকে রূপসী বাংলার বর্ণনা। অতীতেই মুখ গুঁজে থাকতে পারলে ঐ বর্ণনা অত হাহাকারে ভরে থাকত না। একটা সময় যেন ছিল, যখন :

...এ জলসিড়ি শুকায়নি, মজেনি আকাশ
বল্লাল সেনের ঘোড়া—ঘোড়ার কেশর ঘেরা ঘুঙুর জিনের
শব্দ হ'ত এই পথে—আরো আগে রাজপুত্র কতদিন রাশ
টেনে টেনে এই পথে—কি যেন খুঁজেছে, আহা, হয়েছে উদাস

আর এসব লাইন লেখার সময়ে

আজ আর খোঁজাখুঁজি নাই কিছু—নাটাফলে মিটিতেছে আশ—

কিন্তু ঠিক কোন সে সময় যাকে এই 'আজকের' উল্টো দিকে খাড়া করা হচ্ছে? শুধু অতীত বললেই তো আর সবটুকু বোঝায় না। ঠিক কোন অতীতের কথা তুলছেন কবি? কিছু ঐতিহাসিক চরিত্রের নাম ইতস্তত পেলেও খুব নির্দিষ্ট ভাবে ঐ কালকে

Scanned with ACE Scanner

কবিতা থেকে চিহ্নিত করা যায় না। বরং মাঝে মধ্যেই দেখি, চলতি ইতিহাসের সময়ের ধারণাকেই ডিঙিয়ে যান তিনি। আমাদের মতে সময়ের এই অনির্দিষ্টতাই ঐ অতীতকে বোঝার সূত্র। যেখানে ভিড় করে আসে রূপকথার চরিত্র, মঙ্গলকাব্যের চরিত্র ; যে অতীত থেকে ভেসে আসে ভাসান, কীর্তন, পাঁচালি। যেন এই ধ্বস্ত সময়ের মোকাবিলায় একরকম মরিয়া আকুতিতেই বাংলার সাংস্কৃতিক ঐতিহ্যকে পুনর্জীবিত করতে চান কবি।

... দহে বিলে চঞ্চল আঙুল
বুলায়ে বুলায়ে ফেরে এইখানে জাম লিচু কাঁটালের বন
ধনপতি, শ্রীমন্তের, বেহুলার, লহনার ছুঁয়েছে চরণ
মেঠো পথে মিশে আছে কাক আর কোকিলের শরীরের ধূল

কবেকার কোকিলের জান কি তা? যখন মুকুন্দরাম হায়
লিখিতেছিলেন বসে দু পহরে সাধের সে অন্নদামঙ্গল
... ...
অথবা বেহুলা একা যখন চলেছে ভেঙে গাঙুরের জল

কিংবা

আজ সারাদিন এই বাদলের কোলাহলে মেঘের ছায়ায়
চাঁদ সদাগর : তার মধুকর ডিঙাটির কথা মনে আসে
... ...
গাঙশালিখের ঝাঁক মনে হয় যেন সেই কালীদহে ভাসে
এইসব পাখীগুলো কিছুতেই আজিকার নয় যেন—নয়

এ নদীও ধলেশ্বরী নয় যেন—এ আকাশ নয় আজিকার
ফণীমনসার বনে মনসা রয়েছে নাকি?—আছে ; মনে হয়,
এ নদী মা কালীদহ নয়? আহা, ঐ ঘাটে এলানো খোঁপার
সনকার মুখ আমি দেখি না কি?

এতবার 'নয়' বলার জন্যেই বোঝা যায় 'আজিকার' সময় 'আজিকার'-ই। এই 'সত্য' কবিকে 'বিষণ্ণ মলিন (ও) ক্লান্ত' করে। 'তোমার এ স্বপ্ন সত্য মনসা বলিয়া গেল নিজে' বলেই স্বপ্নকে সত্য বলে পেতে চাওয়ার পাশাপাশি স্বপ্নের 'অ-সত্যতা' আরো বেশি করে ধরা পড়ে। সে সব দিনের সঙ্গে আজকের আন্তরিক বিচ্ছেদ ঘটে গেছে।

এই ছেদ ঘটেছে আরো এক স্তরে। ইন্দ্রের সভায় বেহুলার মর্মান্তিক নাচের দৃশ্যে বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার পায় 'কেঁদেছিল' বলেই বেহুলার যন্ত্রণা যেন সঞ্চারিত হতে পেরেছিল তার প্রতিবেশে। সেই প্রতিবেশ থেকেই যেন ছিঁড়ে গেছে বাংলার গ্রাম জীবন। ঘুঙুরের পক্ষে অত্যন্ত স্বাভাবিক 'বেজেছিল' শব্দে কোনোভাবেই ছন্দ ও স্বর-বিন্যাসের হানি হতো না, কিন্তু মুছে যেত ঐ সহমর্মিতার ছাপটুকু। রূপসী বাংলার নদী-ঘাট-গাছ-পাখি-ফুল-ফল-আকাশ-বাতাস সবকিছুর

Scanned with ACE Scanner

মধ্যেই যেন স্বাভাবিক সহযোগের সম্পর্ক ছিল। এই সব কবিতায় প্রায় গোটা জগতেই যে মানুষের ভাব আরোপ করা হয় তার একটা তাৎপর্য হয়তো পাওয়া যায় এই সহজ সহযোগেই। যাতে রূপকথা আর আটপৌরে জীবনের কাহিনী পরস্পরে মিশে যেত।

তাই নানা অর্থেই আজকের 'ব্যবহৃত জীবনের ধুলো-কাঁটা' থেকে সেই অতীত অনেক দূরের। সেই দিন, সেই রাত্রি, সেই সব ম্লান চুল, ভিজে শাদা হাত, ভিজে ধুলো, বেল কুঁড়ি ছাওয়া পথ, নক্ষত্রের অস্পষ্ট কথা চিরদিনের মতোই হারিয়ে গেছে। শঙ্খমালা, চন্দ্রমালা, মানিকমালার কাঁকনও কি আর বাজবে কোনোদিন? গ্রাম-বাংলার জীবন, নিসর্গ আজ দেউলে, রিক্ত। নিভে গেছে সোনার রোদ। মিলিয়ে গেছে ধোঁয়া ভরা ভাত। ভেঙে গেছে দরদালান, পুকুরের ঘাট, তার অর্থনীতি। শুধু প্রান্তরের পার থেকে গরম বাতাস ক্ষুধিত চিলের মতো চৈত্রের অন্ধকারে শ্বাস ফেলে যায়।

সময় তাহলে রূপসী বাংলার গায়েও আঁচড় কাটে! আর তা যদি হয়, তাহলে জীবনের জ্বর জ্বালা থেকে পরিত্রাণের কোনো পরিপূর্ণ আশ্রয় স্থল সে হতে পারে না। এই সব কবিতার জন্যে কবির মনোনীত নাম আজ আমাদের জানা—'বাংলার ত্রস্ত নীলিমা'। যেখানে ত্রাসের কথা আসে সেখানে নিশ্চিন্ত আশ্রয় জুটবে কী ভাবে? *রূপসী বাংলা*-তেই গ্রাম বাংলার আপাত-শান্তির ধারণা টলে যাওয়ার কথা ভাবতে কি সত্যিই অনিবার্য ছিল এই নাম অবিষ্কার।

আমরা অবশ্য শুধু টলে যাওয়ার কথাই বলছি ; তার বেশি নয়। তবে একবার টলে গেলে মনস্থির করে নেওয়া সহজ নয়। এই দ্বন্দ্বের কোনো সহজ নিষ্পত্তিও এখন কবির পক্ষে অসম্ভব—যা এই সমস্ত কবিতাতেই চারিয়ে যায়। সেজন্যেই এই গোটা কবিতামালা জুড়েই একটা ভারী ও বিষণ্ণ সুর লেগে থাকে, এমনকী আপাত-আশ্বাস পাওয়ার কবিতাতেও। একটি কবিতা ব্যতিক্রম—'দেশবন্ধু স্মরণে'। বল্লাল সেন, কি রায়গুণাকর নয় ; রাজসভার দাবি নেই ; কেবল দেশবন্ধুর সঙ্গে চলে আসতে পারে চণ্ডীদাস, রামপ্রসাদের শ্যামা, শঙ্খমালা, চন্দ্রমালারা। খেয়াল করবার —এই 'আশা'-র সঙ্গে জড়িয়ে আছেন এক রাজনৈতিক ব্যক্তিত্ব। কিন্তু সব মিলিয়ে *রূপসী বাংলায়* এই সুর একেবারেই প্রান্তিক হয়ে থাকে।

এটা সত্যিই বিস্ময়ের কী করে 'রূপসী' বিশেষণেই আমরা এমন সরল ভাবে মজে থাকলাম, যে শ্মশানে চিতায় সে রূপ পুড়ে যাওয়ার যন্ত্রণাও উপেক্ষা করতে পারলাম। খেয়াল করলাম না, গ্রাম-বাংলার যে আলুলায়িত রূপের কথা ভেবে আবেশে আমাদের চোখ বুজে আসে, *রূপসী বাংলায়* সে রূপের বিনষ্টির কাহিনীও বলা হয়। না কি সে পঠনে কোথাও কোনো সুপ্ত ইচ্ছাপূরণের তাগিদই কাজ করেছে? বিস্ময়ের অবশ্য এও যে, সবচেয়ে তীক্ষ্ণ কবিতাগুলোই, যেখানে গ্রামের হতমান রূপের কারণে হাহাকার ছড়িয়ে পড়ছে, আমাদের নজর এড়িয়ে গেল,—এমনকী গ্রামজীবনের মিথ্যে রূপের বর্ণনা দেওয়ার অভিযোগ আনার সময়েও!

Scanned with ACE Scanner

এই কবিতাগুলোর জন্যেই *রূপসী বাংলাকে* জীবনানন্দের একেবারে প্রথম পর্বের কবিতার সঙ্গে হুবহু মিলিয়ে দেওয়া যায় না। আসলে এই সময়টায় চলছিল একটা বোঝাপড়ার পালা। ঠিক *ঝরাপালকের* সময়ের ভাবনা-বিশ্বের বাসিন্দা তিনি নন আর। মার্চ-এপ্রিল ১৯৩৪ সময়েই লেখা 'নিরালোক' কবিতা শুরু হয় এইভাবে :

একবার নক্ষত্রের দিকে চাই—একবার প্রান্তরের দিকে
আমি অনিমিখে।
ধানের ক্ষেতের গন্ধ মুছে গেছে কবে
জীবনের থেকে যেন ; প্রান্তরের মতন নীরবে
বিচ্ছিন্ন ঘড়ের বোঝা বুকে নিয়ে ঘুম পায় তার ;[১]

এর প্রায় এক বছর আগে ১৯৩৩ মার্চে লেখা 'নিরুপম যাত্রা' গল্পে কলকাতার মেস ছেড়ে কেবলই গ্রামের জীবনে ফিরে যেতে চায় প্রভাত। কলকাতায় বসে গ্রামের যে জীবনকে সে পেতে চায়, গল্পের মধ্যেই গ্রাম-জীবনের সেই নিটোল পরিপূর্ণ ধারণাকে ভেঙে দেওয়া হয় ; আর প্রভাত কলকাতার মেসে মরে গেলেও গ্রামে ফিরে যেতে পারে না। *রূপসী বাংলার* কবিতা রচনার দু বছর পরে ১৯৩৬-এ লেখা হচ্ছে 'শহর' কবিতা। সেখানে ভাবনার আদল আর একটু স্পষ্ট। গ্রাম-শহরকে সরল বিপরীত বিন্যাসে ঠিক ভাবছেন না তখন আর :

হৃদয়, অনেক বড়ো বড়ো শহর দেখেছ তুমি ;
সেই সব শহরের ইটপাথর,
কথা, কাজ, আশা, নিরাশার ভয়াবহ হৃত চক্ষু
আমার মনের বিশ্বাদের ভিতর পুড়ে ছাই হয়ে গেছে।
কিন্তু তবুও শহরের বিপুল মেঘের কিনারে সূর্য উঠতে দেখেছি ;[২]

'গ্রাম ও শহরের গল্প' নামেই জীবনানন্দ একটি গল্প লেখেন ১৯৩৬ এই। এই গল্পের প্রধান চরিত্র সোমেনকে তার প্রাক্তন প্রেমিকা শচী তার সঙ্গে গ্রামে পালিয়ে যাবার কথা বললে সোমেন বলে :

তোমার এখন একটু বেড়িয়ে আসবার সাধ—মানুষ যে-লোভে
তাজমহল দেখতে যায়, ঠিক তেম্নি একটা ফরমাসমতো ট্রিপে
খানিকটা সময়োপযোগী ভাবপ্রবণ হ'য়ে ; ... পরদিন ভোরেই
তুমি এক সাঁতারে বারো-চোদ্দো বছরের ওপারে চ'লে যাবে ;[৩]

শচীকে বোঝায় :

সে-পাড়াগাঁর জীবন তুমি কোনোদিন ফিরে পাবে না—
অন্তত তেমন ক'রে কিছুতেই না ;—আমিও তাই
গাঁয়ের পথে আর ফিরে যাই না, ভাবতেও চাই না,
পাড়াগাঁ কেমন— ... আমরা সেখানে নেই—আমরা
আর সে-সব নই—কী হবে সে-সব নিয়ে।[৪]

ঠিক এর পরেই আমি *রূপসী বাংলার* সিগনেট সংস্করণ থেকে বাদ যাওয়া একটি কবিতা থেকে কয়েকটি লাইন উদ্ধৃতি দিতে চাই :

Scanned with ACE Scanner

অনন্ত জীবন যদি পাই আমি—...
... দেখিব সবুজ ঘাস
ফুটে ওঠে—দেখিব হলুদ ঘাস ঝরে যায়—
... ...
অনন্ত জীবন যদি পাই আমি—তাহ'লে অসীমকাল একা
পৃথিবীর পথে যদি ফিরি আমি—ট্রাম বাস ধুলো
দেখিব অনেক আমি—দেখিব অনেকগুলো
বস্তি, হাট—এঁদো গলি, ভাঙা কলকী হাঁড়ি
মারামারি, গালাগালি, ট্যারা চোখ, পচা চিংড়ি—কত কি দেখিব নাহি লেখা
তবুও তোমার সাথে অনন্তকালেও আর হবে নাক' দেখা।

সোমেন 'গ্রামলোলুপতা'কে 'উপহাসাস্পদ' ক'রে তোলে। সে বোঝে 'কলকাতার হৃৎপিণ্ডের থেকেও কলতানি বের করা না শুধু' প্রয়োজন 'যা কিছু রস সম্ভব— ... (তা) গ্রহণ করা'।[১৮] ভাবনার এই বিবর্তনের প্রক্রিয়া কিন্তু অনেকটাই এগিয়ে গিয়েছিলো রূপসী বাংলা রচনার সময়েই। বদল চলছিল বলেই এই পর্যায়ে গ্রাম-শহর সম্পর্কে জীবনানন্দের ধারণায় কোনো স্থির প্রত্যয় দেখিনি। কিন্তু গ্রামের যে আদিকল্পরূপ আঁকাড়া ভাবে বাস্তবের বিবিধ সমস্যা থেকে মুক্তির আশ্বাস দেয়, তা তখন জীবনানন্দের ভাবনায় ছিড়ে-ফেঁড়ে যেতে শুরু করে দিয়েছে। তবে আশ্বাস না জুটলেও, তা চেয়েছিলেন ঠিকই। বিশেষত অতীতের গ্রাম-বাংলা যেভাবে কবির মানসভূমি হয়ে ওঠে, তা থেকে এটা তো বলাই যায়, তিনি চিত্ত থেকে ঐ আদিকল্প একেবারে ঝেড়ে ফেলেননি। কিন্তু এই মানসভূমিকে নিছক অলস ও উৎকেন্দ্রিক মনের অলীক ও বাহারি কল্পনা বলে পাঠের এক্তিয়ার থেকে দূরে সরিয়ে রেখে দিলে পাঠকের পক্ষে লোকসানই ঘটবে। বরং এ থেকে কবির চেতনায় ভালো সমাজের যে আদল কাজ করেছে, তাকে বোঝার চেষ্টা করা যেতে পারে ; ঠিক কোন কোন বৈশিষ্ট্যের কথা বলছেন কবি, কীসের বিপরীতেই বা বলছেন। এসব কবিতার 'মোটামুটি সত্যে' পৌঁছনোর জন্যেও এই হদিশটুকু আমাদের পাওয়া দরকার—কোন সেই সমাজ, যার জন্যে কবিতায় এত বিষাদ জমা হয়।

আর এই বিষাদেই কি গ্রাম-শহর সম্পর্কের ঐ বিরাট ও প্রাচীন স্মৃতি ভেঙে যেতে থাকে না? রচনা মুহূর্তে অন্তত কবির ক্ষতে গ্রাম-বাংলা কোনো অলৌকিক আরাম দিতে পারে না। একটা বিশ্বাস থেকে তৈরি হওয়া আকাঙ্ক্ষা আর আকাঙ্ক্ষার পূরণ না হওয়ায় সেই বিশ্বাসের ভাঙন যখন একই সঙ্গে কাজ করতে থাকে, তখন এই বোঝাপড়ার কোনো মসৃণ চেহারা না হওয়াই বোধ হয় স্বাভাবিক। এই বোঝাপড়ারই পরিণতি আমরা দেখব জীবনানন্দের পরবর্তী কালের কবিতায় ; যেখানে গ্রাম-শহর সম্পর্কের নতুন বিন্যাস তৈরি হবে। রূপসী বাংলা এক অর্থে এই দুই আদিকল্পের এক সাধারণ স্মৃতির সঙ্গে জীবনানন্দের ব্যক্তিগত মোকাবিলার

কবিতা। যা বড় অর্থে আমাদের সাহিত্যে-সংস্কৃতিতে গ্রাম-শহর সম্পর্কের নব-নির্মাণের অংশ হয়ে উঠতে পেরেছিল বলেই আরো বেশি গুরুত্বপূর্ণ।

'গ্রাম ও শহরের গল্পের' সূত্রেই শঙ্খ ঘোষ একটি লেখায় বলেছিলেন, জীবনানন্দের 'সব গদ্য রচনার'ই 'ভিতরকার সংঘর্ষ তৈরি করছে গ্রাম-শহরের বিরোধ।'[১১] জীবনানন্দের কবিতা পড়াতেও, 'গ্রাম-শহরের বিরোধ'-ই সেখানে সব সংঘর্ষ তৈরি করে না দিলেও, এক চাবি-শব্দযুগ্ম হিসেবে কাজ করতে পারে। সেখানে অবশ্যই তাকে মিলিয়ে নিতে হবে অন্যান্য লেখার সঙ্গেও।

সূত্র :

১। সিগনেট সংস্করণে অবশ্য এখনো রচনাকাল ১৯৩২ ছাপা হয়।

২। জীবনানন্দ শতবার্ষিক আলোচনা ও প্রদর্শনী স্মারক-সংকলন, বাংলা বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, ১৯৯৯, পৃ. - ৩৩।

৩। 'কবিতা', চৈত্র ১৩৫৬ ব.।

৪। *রূপসী বাংলা*-র কবিতা রচনার দশ বছর আগে রবীন্দ্রনাথ এই ধরনের এক সাংস্কৃতিক প্রতিনাস তৈরি করেছিলেন, 'City and Village', *The English Writings of Rabindranath Tagore*, Vol. III, Ed. by Sisir kumar Das. Sahitya Akademi. 1996.

৫। ভূমেন্দ্র গুহ, 'রূপসী বাংলা', *বিভাব*, জীবনানন্দ দাশ জন্মশতবর্ষ স্মরণ সংখ্যা, পৃ. ৬৫৯

৬। 'নিরালোক', *জীবনানন্দ দাশের কাব্যসংগ্রহ* সম্পা. দেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়, ভারবি, ১৯৯৩, পৃ. ২০৯

৭। 'শহর' *'জীবনানন্দ দাশের কাব্য সংগ্রহ'* পৃ. ২১৪

৮। 'গ্রাম ও শহরের গল্প', *জীবনানন্দ দাশের গল্প*, সম্পা.-সুকুমার ঘোষ, সুবিনয় মুস্তাফী, দাশগুপ্ত এণ্ড কোং, ১৯৭২, পৃ. ৬৪

৯। ঐ, পৃ. ৬২।

১০। ঐ, পৃ. ৬৩।

১১। শঙ্খ ঘোষ, 'জীবনানন্দ, গদ্য প্রতিমা'-, *জার্নাল*, দে'জ., ১৩৯২ ব., (১৯৮৫), পৃ. ১৯৫

প্রবন্ধটি লেখার সময়ে প্রয়োজনীয় বই দিয়ে সাহায্য করেছেন শ্রীঅম্লান দাশগুপ্ত ও শ্রীসুকান্ত চৌধুরী। আমার অসুস্থতার সময়ে সে সব বই বাড়িতে পৌঁছে দিয়েছেন শ্রীসুমন্ত মুখোপাধ্যায়। প্রাসঙ্গিক নানা বিষয়ে আলোচনা করেছি শ্রীঅমৃতা সেন, শ্রীজয় মুখার্জী, শ্রীমানবেন্দ্র বন্দ্যোপাধ্যায়, শ্রীরবি চক্রবর্তী, শ্রীশঙ্খ ঘোষ, শ্রীশিবাজী বন্দ্যোপাধ্যায় ও শ্রীসৌরীন ভট্টাচার্যের সঙ্গে। এঁদের সকলকে আমার কৃতজ্ঞতা জানাই।

Scanned with ACE Scanner

কবি জীবনানন্দ আর তাঁর সাম্প্রতিক এক পাঠক

প্রণতি চক্রবর্তী

অদ্ভুত আঁধার এক এসেছে এ পৃথিবীতে আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে দ্যাখে তারা;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই— প্রীতি নেই— করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ ছাড়া।

যাদের গভীর আস্থা আছে আজো মানুষের প্রতি
এখুনো যাদের কাছে স্বাভাবিক ব'লে মনে হয়
মহৎ সত্য বা রীতি, কিংবা শিল্প অথবা সাধনা
শকুন ও শেয়ালের খাদ্য আজ তাদের হৃদয়।
—অদ্ভুত আঁধার এক, বেলা অবেলা কালবেলা

আমাদের যদি জানা না থাকে এই কবিতা কার লেখা, আর কখনই-বা লেখা সে কথাও যদি অজানা থাকে, তবে মনে হবে নাকি এ আমাদেরই সমসময়ের এক অব্যর্থ দৃশ্যায়ন। সহস্রাব্দের শেষ প্রান্তে পৌঁছে এই রকম এক ভাবনাই কি জ্ঞাতে-অজ্ঞাতে আমাদের পীড়িত করছে না?

কবি শঙ্খ ঘোষ এক জায়গায় লিখেছেন, 'জীবনানন্দের মৃত্যুদিনই হয়ে ওঠে তাঁর দ্বিতীয় জন্মদিন। কেননা তাঁর মৃত্যুর পর পঁচিশ বছর জুড়ে বাংলা কবিতার দিকে তাকালে দেখতে পাই, কীভাবে এক অপ্রখর অথচ অনিবার্য নিয়ন্ত্রণ নিয়ে তিনি জেগে ওঠেন আমাদের পটভূমিতে'। এই 'পঁচিশ বছর' শব্দটাকে আমরা অনায়াসে পাল্টে দিতে পারি পঞ্চাশ অথবা তারো বেশি সংখ্যায়।

এই শতবর্ষের উদযাপনে কবি জীবনানন্দকে আবার আরো ভালোভাবে চিনিয়ে দেবার কোনো সামর্থ্যই আমার নেই। কারণ তাঁর সাহিত্য-সৃজনকে নানাদিক থেকে নানারকমভাবে বারবার ঘুরেফিরে দেখা হয়েছে, নানা বিদগ্ধ মনের দর্পণে তা বহু রকমভাবে বিচ্ছুরিত হয়ে আমাদের সামনে ছড়িয়ে আছে। আমি শুধু এক বিহ্বল পাঠক হিসেবে জীবনানন্দের কবিতা পাঠের ব্যক্তিগত অনুভবকেই তুলে ধরার চেষ্টা করতে পারি।

কবির ভাষাতেই বলি, যে কথা তিনি বলেছেন তাঁর 'কবিতার কথা' বইতে — "হতে পারে কবিতা জীবনের নানারকম সমস্যার উদঘাটন: ...কিন্তু সেই উদঘাটন

Scanned with ACE Scanner

—পুরোনোর ভিতরে সেই নতুন কিম্বা সেই সজীব নতুন যদি আমার কল্পনাকে তৃপ্ত করতে পারে, আমার সৌন্দর্যবোধকে আনন্দ দিতে পারে, তাহলে তার কবিতাগত মূল্য পাওয়া গেল"। আমার ক্ষেত্রেও ঠিক সেইরকমটাই ঘটেছে।

জীবনানন্দ যখন মারা যান তখন আমি প্রায় অক্ষরজ্ঞানহীন এক বালিকা মাত্র। তাঁর কবিতার সঙ্গে আমার পরিচয় কলেজের প্রথম বছরে। এক সহপাঠিনীর মাধ্যমে 'বনলতা সেন' বইটি আমার হাতে আসে এবং প্রায় সঙ্গে সঙ্গেই এক ধাক্কায় ভিন্নতর এক পৃথিবীর, আরো ভিন্নতর এক অনুভূতির দোরগোড়ায় দাঁড় করিয়ে দেয় আমাকে। সময়টা তখন সত্তরের দশকের শুরু। উত্তাল এক সময় তখন কলকাতাকে আলোড়িত করছে যার আঁচ এসে পড়ছে বাংলার প্রত্যন্ত অংশেও—খবরের কাগজগুলো রক্তাক্ত সংবাদ নিয়ে আমাদের সামনে হাজির হচ্ছে প্রতিদিন প্রতিনিয়ত। স্থানীয় একটি কলেজে নকশালপন্থী ছাত্ররা ভেঙে দিয়েছে ল্যাবোরেটরি — প্রতিবাদ জানিয়েছে প্রচলিত পদ্ধতির বিরুদ্ধে। কিন্তু আমাদের গার্লস কলেজের বিশেষত হস্টেলের মেয়েদের তখন চোখ বেঁধে মুখ ঘুরিয়ে রাখা হয়েছে ব্ল্যাকবোর্ডের দিকে। ওদিকে লখিন্দরের বাসরঘর ক্রমে স্পষ্ট চেহারা নিতে থাকে — সময়গ্রন্থির ফাঁকফোকর দিয়ে মহানাগের মতো জীবন এসে দাঁড়ায় আমাদের সামনে। ভেতরে ভেতরে উত্তেজিত হই, উত্তপ্ত হই। আবছাভাবে অনুভব করতে থাকি আমাদের সময়টা 'রক্তকরবী'-র যন্ত্রসভ্যতারই অভ্রান্ত পথ ধরে কখন পৌঁছে গেছে পণ্যশাসিত জীবনের বৃত্তে। এরই সংকেতে শিউরে উঠেছিলেন জীবনানন্দ। তাঁর সেই আর্তনাদ যেন ছুঁয়ে যাচ্ছে আমাকেও 'বনলতা সেন' পড়তে পড়তে।

একদিকে অদ্ভুত রোমান্টিক উচ্চারণ—

'আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দুদণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।
চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা,
মুখ তার শ্রাবস্তির কারুকার্য; অতিদূর সমুদ্রের পর
হাল ভেঙে যে নাবিক হারায়েছে দিশা
সবুজ ঘাসের দেশ যখন সে চোখে দেখে দারুচিনি-দ্বীপের ভিতর,
তেমনি দেখেছি তারে অন্ধকারে......'

সেই বিদিশা, সেই শ্রাবস্তি দূর সময়ের হাতছানি, কিন্তু কত অন্যরকম! এওতো অনেক বেশি আমার জটিল সময়ের কণ্ঠস্বর — তবু একে যেন ঠিকমত ছুঁতেও পারছি না।

পাতা ওল্টাতে ওল্টাতে একসময় পৌঁছে যাই 'শিকার' কবিতাটার ভেতরে। সেখানে ভোরের সকালে—

'আকাশের রঙ ঘাসফড়িঙের দেহের মতো কোমল নীল:/ চারিদিকে পেয়ারা ও নোনার গাছ টিয়ার পালকের মতো সবুজ।'

আর 'সকালের আলোয় টলমল শিশিরে চারিদিকের বন ও আকাশ/ মসৃণের সবুজ নীল ডানার মতো ঝিলমিল করছে।'

আর সেখানে জ্বলে ' মোরগ ফুলের মতো লাল আগুন...'।

রঙ দিয়ে গড়ে তোলা এই জগৎ আমার মানস জগতে যে অভিঘাত সৃষ্টি করল তার একদিকে ছিল বিস্ময়ের ঘোর আর অন্যদিকে এক গভীর বেদনার বোধ। আসলে ইমপ্রেশনিস্ট শিল্পীদের মতো রঙের নানান ব্যবহারকে কাজে লাগিয়ে জীবনানন্দ ক্রমশই আমাদের নিয়ে আসছিলেন নতুন এক কবিতার জগতে— যেখানে রঙ দিয়ে দিয়ে গড়ে তোলা যায় ইতিহাসের মুখ থুবড়ে পড়া চেহারাটাকে, মানুষের মনের গভীরে চারিয়ে দেওয়া যায় সুগভীর এক বেদনার বোধকে। মনে পড়ে গিয়েছিল কবি 'বনলতা সেন'-এর কবিতাগুলো লিখেছিলেন ১৯২৫ থেকে ১৯৩৯ সালের মধ্যে, অর্থাৎ দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রস্তুতিপর্ব থেকে সূচনার কালখণ্ডে। এর মধ্যে ঘটে গেছে কয়েকটা বড় ঘটনা— বিশ্বজোড়া আর্থিক মন্দা, ইতালিতে ক্ষমতায় এসেছেন ফ্যাসিস্ট মুসোলিনি, জার্মানিতে নাৎসি হিটলার; ফ্যাসিস্ট ফ্রাঙ্কোর হাতে স্পেনের রণাঙ্গনে প্রাণ দিতে হয়েছে চিরতরুণ কবি লরকাকে, প্রাণ দিতে হয়েছে র‍্যালফ ফক্স, কডওয়েলদের। যার প্রভাব এসে পৌঁছচ্ছে আমাদের উপনিবেশ শাসিত ভারতবর্ষেও। ক্ষতবিক্ষত সেই সময়কে ধরতে গিয়ে জীবনানন্দ নিজেই যেন হয়ে যান ক্ষতবিক্ষত। চোখের সামনে ভেসে ওঠে 'শিকার'-এর ঐ অমোঘ ছত্রগুলো—

'সারারাত চিতাবাঘিনীর হাত থেকে নিজেকে বাঁচিয়ে বাঁচিয়ে
নক্ষত্রহীন, মেহগনির মতো অন্ধকারে সুন্দরীর বন থেকে
অর্জুনের বনে ঘুরে ঘুরে
সুন্দর বাদামী হরিণ এই ভোরের জন্য অপেক্ষা করছিল।

এসেছে সে ভোরের আলোয় নেমে;...'
'এই নীল আকাশের নিচে সূর্যের সোনার বর্শার মতো জেগে উঠে
সাহসে সাধে সৌন্দর্যে হরিণীর পর হরিণীকে চমক লাগিয়ে দেবার জন্য।
একটা অদ্ভুত শব্দ।

নদীর জল মটকাফুলের মতো লাল।
আগুন জ্বলল আবার— উষ্ণ লাল হরিণের মাংস তৈরি হয়ে এল।
নক্ষত্রের নিচে ঘাসের বিছানায় বসে অনেক পুরানো শিশিরভেজা গল্প;
সিগারেটের ধোঁয়া;
টেরিকাটা কয়েকটা মানুষের মাথা;
এলোমেলো কয়েকটা বন্দুক— হিম— নিঃস্পন্দ নিরপরাধ ঘুম।'

এ কাদের ঘুম? কেনই-বা নিরপরাধ ঘুম? এ কাদের স্বপ্নের সাধের শিশিরভেজা

গন্ধ? এতো আমারই চারপাশের কারো নোনা শরীরের গন্ধ বয়ে আনছে।

যুগের পণ্যতার বোধ কিন্তু এখানেই থমকে থেমে থাকেনি, একের পর এক কবিতার মধ্যে ফুটে উঠেছে সময়ের যন্ত্রণার এই ছবি। 'সুদর্শনা' কবিতায় উচ্চারিত হয়—

'তোমার মতন এক মহিলার কাছে
যুগের সঞ্চিত পণ্যে লীন হতে গিয়ে...'।

আর অতি বিখ্যাত 'সুচেতনা' কবিতাটির প্রথম স্তবকেই পাওয়া যায়— এই পৃথিবীর রণ রক্ত সফলতা/ সত্য; তবু শেষ সত্য নয়।' পণ্যতার প্রতি কবির অক্ষমা জড়িয়ে আছে এই কবিতাটির শরীরের অস্থিতে মজ্জায় মাংসে— 'কেবলি জাহাজ এসে আমাদের বন্দরের রোদে/ দেখেছি ফসল নিয়ে উপনীত হয়;/ সেই শস্য অগণন মানুষের শব;/ শব থেকে উৎসারিত স্বর্ণের বিস্ময়/ আমাদের পিতা বুদ্ধ কনফুশিয়সের মতো আমাদেরো প্রাণ/ মূক করে রাখে; তবু চারিদিকে রক্তক্লান্ত কাজের আহ্বান।' বিহ্বলতার মধ্যেই পড়ে ফেলি 'ধূসর পাণ্ডুলিপি', 'মহাপৃথিবী'। শুনতে পাই সমসময়ের ঘটনার অভিঘাতে আলোড়িত জীবনানন্দের সমগ্র সত্তার আর্তনাদ। প্রেমহীন সমাজের চেহারাটা কবির মতো আমাকেও মূক করে রাখে। কিন্তু তারই পাশে আবার ধরতে পারি প্রেমের প্রতি কবির সুগভীর আস্থা—

জীবন হয়েছে এক প্রার্থনার গানের মতন
তুমি আছ বলে প্রেম,—গানের ছন্দের মত মন
আলো আর অন্ধকারে দুলে ওঠে আছ বলে!

—প্রেম, ধূসর পাণ্ডুলিপি,

একি কেবল এক মানুষীর প্রতি মানুষের প্রেম—এতো আরো গভীর এক উচ্চারণ। শপথের মতো তিনি বলেন আমার সত্তার গভীরে আলোড়ন ওঠে।

আমি শেষ হব শুধু, ওগো প্রেম, তুমি শেষ হলে!
তুমি যদি বেঁচে থাক,—জেগে রব আমি এই পৃথিবীর 'পর
যদিও বুকের 'পরে রবে মৃত্যু,—মৃত্যুর কবর!

—প্রেম, ধূসর পাণ্ডুলিপি,

সমসময়ের ঘটনার অভিঘাতে আলোড়িত জীবনানন্দের সমগ্র সত্তা আর্তনাদ করে ওঠে— তাঁর লেখায় ফুটে ওঠে সময়ের যন্ত্রণার কথা, তাঁর নিজের যন্ত্রণার কথা।

এ ভাবে বুঝতে পারা আর না পারার মাঝখানে চলতে চলতে পৌঁছে গেছি বিশ্ববিদ্যালয়ের প্রাঙ্গণে—কলকাতা-যাদবপুর-আমার সামনে উন্মুক্ত হচ্ছে আরো বড় এক আকাশ। তখন সত্তরের দশকের মাঝামাঝি, কদিন আগের মুক্তির অন্বেষায় উত্তাল, অধীর সময় তখন অনেকটাই চুপচাপ, স্তিমিত হয়ে এসেছে। জোর করে থামিয়ে দেওয়া হয়েছে কিছু তাজা তরুণ কণ্ঠের প্রতিবাদকে। যাদবপুরের চারপাশে তার চিহ্ন ছড়িয়ে। এরমধ্যে পঠন-পাঠন যেন আবার নতুন করে শুরু হচ্ছে। কবিতা

Scanned with ACE Scanner

পড়ছি-পড়তে শিখছি, হাতে আসছে 'ছন্দের বারান্দা'। সময়ের চিহ্ন বহন করেও কিভাবে কবিতা গড়িয়ে যায় অন্য সময়ের মধ্যে, একটু একটু করে অনুভব করছি। জীবনানন্দ তো এই সময়কে দেখেন নি। তখনো কি এইভাবে প্রতিদিন কারো ছেলে, ভাই, বন্ধুকে হারানোর কান্না গুমরে উঠছিলো বাংলার ঘর। তখনো কি জরুরী অবস্থা এভাবে কথা বলার সব আকাঙ্ক্ষাকে শাসনের তর্জনীতে থামিয়ে দিয়ে মানুষকে না-মানুষের জায়গায় পৌঁছে দিচ্ছিল। তবে কিভাবে উচ্চারিত হলো 'কোথাও হরিণ আজ হতেছে শিকার ;/বনের ভিতরে আজ শিকারীরা আসিয়াছে,/আমিও তাদের ঘ্রাণ পাই যেন।' তাহলে এই হলো 'কবির' লেখা, জীবনকে এড়িয়ে গিয়ে নয় নিজেকে অল্প একটু দূরে সরিয়ে নিয়ে অথচ এরই সঙ্গে তীব্রভাবে লগ্ন থেকে যেন বহু দূর দেশ আর বহুকালের সুড়ঙ্গ পথে সমস্ত অতীত ও ভবিষ্যৎকে আজকের দিনের মধ্যে মিশিয়ে নিয়ে ধরতে পারেন জীবনানন্দ সমসাময়িক পৃথিবীকে।

সময় পেরিয়ে যায় সত্তর থেকে চলে আসি শতাব্দীর শেষ প্রান্তে। কাল পরিবর্তিত হয়েছে, আচারবিধি পরিবর্তিত হয়েছে, জীবনানন্দের অনুভূত বনের রং, আকার, সীমারেখা, শিকারীদের পোষাক, চালচলন কথাবার্তা সবই ভীষণ ভাবে বদলে গেছে ঠিকই, কিন্তু আজও কি আমাদের কেউ না কেউ কোথাও না কোথাও শিকার হয়ে যাচ্ছে না? কবিতাও পাল্টে যাচ্ছে কিন্তু কবি জীবনানন্দ যেন আমার কাছে আরও সজীব আরো কাছের মানুষ হয়ে উঠছেন। তাঁর কবিতা সামনে নিয়ে বসে আছি। ফিরে পড়তে গিয়ে অনুভব করছি যথার্থ বোধের উচ্চারণও সময়ের সঙ্গে সঙ্গে নিজেকে নবীনায়িত করে তুলতে জানে। অভূতপূর্ব তাঁর নৈশব্দের ব্যবহার —দুটি শব্দের মাঝখানের যতি চিহ্ন, দুটি ছত্রের ব্যবধান না লেখা কোন কথায় অবিরত পূর্ণ হয়ে উঠতে থাকে।

আজ মানুষ আরও ছিন্নমূল—বাইরের বাসভূমি থেকে নয়, নিজেরই ভেতরকার মানবিক বাসভূমি থেকে। নিজেকে ছাড়া আর কোন কিছুই আমরা বড় করে দেখি না, সব পাওয়া এই জীবনেই পেতে হবে তার লোভ তাড়িয়ে নিয়ে বেড়াচ্ছে, অদ্ভুত আঁধার আর নৈরাজ্য আমাদের ঘিরে। পরবর্তী প্রজন্মকে দিতে পারিনি কোন সুস্থতা, রেখে যেতে পারছি না কোন উত্তরাধিকার প্রত্যেক দিন একদল মানুষ হত্যা করছে আর এক দলকে—কেন মারছে, কি পাচ্ছে তার বিনিময়ে কেউ জানে না। পথে ঘাটে লাঞ্ছিত হচ্ছে বিবেক, সৌজন্য, এ যেন এক নারকীয় খেলায় মেতে উঠেছে গোটা মানব সমাজ। সবচেয়ে দুঃখজনক এর বিরুদ্ধে আমাদের কোনো প্রতিবাদ, প্রতিরোধও নেই তেমনভাবে, সব মেনে নিতে নিতে নিজের কাছে নিজেই ছোট হয়ে যাচ্ছি—কোন পরিত্রাণ কি নেই? তখনই জীবনানন্দের কবিতা আমার কাছে হয়ে উঠছে পরম আশ্রয়ের মতো। যন্ত্রণায় ক্ষতবিক্ষত, রক্তাক্ত হয়েছিলেন তিনিও। তবু এর হাত থেকে তিনি তো পরিত্রাণ চাননি। আমাদের হাত ধরে তিনি নিয়ে যান ইন্দ্রিয়ময়, সমস্ত শরীর নিয়ে বেঁচে থাকার এক তীব্র জটিল বাস্তব অভিজ্ঞতায়।

মানুষের দুর্ভাগ্যজড়িত জীবনের নিষ্ঠুরতম ছবিটা তাঁর অজানা ছিল না—

অনেকেরই উর্ধ্বশ্বাসে যেতে হয়, তবু
নিলেমের ঘরবাড়ি আসবাব—অথবা যা নিলেমের নয়
সে সব জিনিষ
বহুকে বঞ্চিত করে দুজন কি একজন কিনে নিতে পারে।
পৃথিবীতে সুদ খাটে ; সকলের জন্য নয়
অনির্বচনীয় হুণ্ডি একজন-দুজনের হাতে।
পৃথিবীর এইসব উঁচু লোকেদের দাবি এসে
সবই নেয়, নারীকেও নিয়ে যায়।

—১৯৪৬-৪৭, বেলা অবেলা কালবেলা

পণ্যজীবী সমাজের এমন মর্মন্তুদ চিত্র কি আজকের প্রতিচ্ছবি নয়! কিন্তু তিনি তো ক্লান্ত হন নি। চোখে কোন মায়াঞ্জন লাগিয়ে নয়, চোখে দেখা জীবনের গভীরে অন্য কোন জীবনকে কল্পনা করে নয়, এ জীবনকে এ জীবনের মতো করেই দেখে তার সব "নষ্ট শসা, পঁচা চালকুমড়োর ছাঁচে গড়া" মানুষকে ভলোমন্দে ক্লেদ সৌন্দর্যে সামগ্রিক ভাবে স্বীকার করে গ্রহণ করতে শেখান তিনি। কারণ—

যেখানেই যাও চলে, হয় নাকো জীবনের কোন রূপান্তর,
এক ক্ষুধা, এক স্বপ্ন, এক ব্যথা বিচ্ছেদের কাহিনী ধূসর
ম্লান চুলে দেখা দেবে যেখানেই বাঁধো গিয়ে আকাঙ্ক্ষার ঘর
বলিল অশ্বত্থ সেই ন'ড়ে ন'ড়ে অন্ধকারে মাথার উপর।

—বলিল অশথ সেই, মহাপৃথিবী

কোন বানিয়ে তোলা সান্ত্বনার বাণী উচ্চারণ নয়, ইহজীবনের বাইরে কোনো আত্মিক বা আধ্যাত্মিক সত্তায় নির্ভর করে নয়— প্রকাতরে হয়ত বা সকাতরে কিন্তু অকৃত্রিম ভাবে তিনি জানান 'মানুষের অন্তিম ব্যর্থতার' বিপক্ষে তাঁর কোনো বিশেষ যুক্তি নেই, 'দীনাত্মা হৃদয়ে সেই কথা মনে রেখে' খণ্ডকালীন মানুষ সমস্ত অতীত আর ভবিষ্যতকে আজকের সঙ্গে মিশিয়ে নিয়ে স্পষ্ট ভাবে গড়ে নিতে চায় বর্তমান, এই তার করণীয়।

আসলে জীবনকে এরকম জেনে নিরুপায় ভাবে যখন তাকে আমরা সংযুক্ত করে নিতে চাই প্রতিবেশী মানুষের সঙ্গে, ইতিহাসের প্রবাহের সঙ্গে অথবা সমগ্র নক্ষত্রলোকের সঙ্গে—দেখতে চাই কিন্তু অনেক সময়েই খুঁজে পাই না সেই সম্পর্কের জোর। এই খুঁজে ফেরা, তার ব্যর্থতা, কখনও বা ক্ষণিক উদ্দীপনে যেন তাকে জেনে ফেলার ছুঁয়ে ফেলার উন্মাদনা, কিছু পরে আবারও হতাশায় ধ্বসে বিপুল বেদনা নিয়ে চলতে থাকা আমাদের উত্থানপতন ভরা গোটা সময়টার কথা বলেন জীবনানন্দ। আর বলেন আবেগবর্জিত এমন এক ভাষায় যা প্রচলিত অর্থে কাব্যিক নয়, অলঙ্কারহীন গদ্যের মতো, প্রত্যেক দিনের ব্যবহৃত শব্দে সজ্জিত কিন্তু বলিষ্ঠ অমোঘ

Scanned with ACE Scanner

মন্ত্রের মতো। মানুষের জীবনের ধর্মই আশা নিরাশায় আন্দোলিত হওয়া, শুধু সুন্দর নয় অসুন্দরও জীবনের অপরিহার্য অঙ্গ। সভ্যতার ইতিহাসে রণরক্ত সফলতার রক্তপিচ্ছিল পথকে অস্বীকার করা যায় না। এমনই অস্থিরতা, অতৃপ্তি, অশান্তি নিয়ে যে আমরা উদ্বিগ্ন হতে থাকি তা তিনি দেখেছেন খোলা চোখ ও মন নিয়ে। আবার এরই পাশাপাশি আনন্দ, তৃপ্তি, আশা ও স্থিরতাকে বহমান থাকতে দেখছেন—বরং বলা ভাল বহমান যে আছে তাকে উপলব্ধি করেছেন। এই জন্যে জীবনানন্দ আমাকে এমন তীব্রভাবে আকর্ষণ করেন। কোন বাণী বা আপ্তবাক্য উচ্চারণে মানুষকে বিমূঢ় করার অভিপ্রায় নয় তাঁর উচ্চারণে আছে উপলব্ধি এবং বোধ যা এসেছে অত্যন্ত স্বাভাবিক এক জীবন অভিজ্ঞতার প্রক্রিয়াজাত হয়ে। তাই স্বাভাবিকতার স্বভাবসৌন্দর্যই তাঁর কবিতার ভূষণ এবং আমার মতো পাঠকের প্রাণের এত কাছাকাছি। নিজের যে উপলব্ধিকে শব্দে গেঁথে আমি বলতে পারি না তাই যেন অব্যর্থ ব্যঞ্জনায় স্বতঃপ্রকাশিত হয়ে ওঠে তাঁর কবিতার মধ্যে। আমরাও তো অনুভব করি "এই শতকের/বিজ্ঞান তো সংকলিত জিনিষের ভীড় শুধু" তবু—

মানুষের মৃত্যু হলে তবুও মানব
থেকে যায়, অতীতের থেকে উঠে আজকের মানুষের কাছে
আরো ভালো—আরো স্থির দিকনির্ণয়ের মত চেতনার
পরিমাপে নিয়ন্ত্রিত কাজ
কত দূর অগ্রসর হয়ে গেল জেনে নিতে আসে।
—মানুষের মৃত্যু হলে, বেলা অবেলা কালবেলা।

মানুষের বিশ্বাসের ঘর আজ শূন্য, বুদ্ধি দিয়ে সে জেনে গেছে মৃত্যু অনিবার্য—সবচেয়ে রূঢ় সত্য মানুষের ভেতরে জীবগতভাবেই উপ্ত আছে বিনাশের বীজ, তার ধর্মই ক্ষয়িত হওয়া—এই হলো আধুনিক বা সাম্প্রতিক বিপন্নতা। একে মোকাবিলা করার পথই আমরা পেয়ে যাই জীবনানন্দের কবিতার জগতে।

আমাদেরও 'অন্তর্গত রক্তের ভিতর' সব ভ্রষ্টতাকে, নষ্টতাকে, ছাপিয়ে ধীরে ধীরে গড়ে ওঠে এক বোধ—শেষ পথ ভালবাসা, কোন ব্যক্তিগত আশ্রয় লাভের জন্য নয়, নিজেকে মহনীয় করার সান্ত্বনায় পৌঁছবার জন্য নয় ভালবাসতে হবে, এছাড়া অন্য কোনো উপায় নেই বলে। এভাবেই সঙ্কট থেকে বেরিয়ে আসার পথ দেখিয়ে দেন জীবনানন্দ। পরিবেশের গ্লানিকে সম্পূর্ণ চিনিয়ে দিয়ে তার থেকে আমাদের উত্তীর্ণ করে নিয়ে যান তিনি।

ইতিহাস অর্ধসতো কামাচ্ছন্ন এখনো কালের কিনারায় ;
তবুও মানুষ এই জীবনকে ভালোবাসে ; মানুষের মন
জানে জীবনের মানে : সকলের ভালো ক'রে জীবনযাপন
কিন্তু সেই শুভরাষ্ট্র ঢের দূরে আজ।
চারিদিকে বিকলাঙ্গ অন্ধ ভিড়—অলীক প্রয়াণ।

Scanned with ACE Scanner

মন্বন্তর শেষ হ'লে পুনরায় নব মন্বন্তর ;
যুদ্ধ শেষ হয়ে গেলে নতুন যুদ্ধের নান্দীরোল ;
মানুষের লালসার শেষ নেই ;
উত্তেজনা ছাড়া কোনো দিন ঋতু ক্ষণ
অবৈধ সংগম ছাড়া সুখ
অপরের মুখ ম্লান ঘরে দেওয়া ছাড়া প্রিয় সাধ নেই।
—এইসব দিনরাত্রি, বেলা অবেলা কালবেলা

কত অনায়াসে মানুষের অন্ধকার পাশবতাকে প্রকাশ করেন তিনি। কিন্তু এখানেই শেষ নয় একে ছাপিয়ে এক পরম অস্তিবাদের কথা বিশ্বাসের কথাও জানিয়ে দেন

মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।
মাটি পৃথিবীর টানে মানব জন্মের ঘরে কখন এসেছি।
না এলেই ভালো হত অনুভব করে ;
এসে যে গভীরতর লাভ হল সে সব বুঝেছি
শিশির শরীর ছুঁয়ে সমুজ্জ্বল ভোরে ;
দেখেছি যা হল হবে মানুষের যা হবার নয়—
শাশ্বত রাত্রির বুকে সকলি অনন্ত সূর্যোদয় —সুচেতনা, বনলতা সেন।

সবচেয়ে বড় কথা এর মধ্যে কোন ঘোষণার আড়ম্বর নেই, কারণ এতো উচ্চকিত করে ঘাড় ধরে শিখিয়ে দেবার শ্লোগান নয়—এই বলা স্বগতোক্তির মতো নিজের কাছেই উচ্চারিত, নিজেকে পরিশুদ্ধ করে তোলার অভিপ্রায়।

জীবনানন্দের এই দেখা ধীরে ধীরে আমাদের ভেতরে এক সামাজিক দায়বদ্ধতাকে এনে দেয়। অনুভব করতে হয় এ আমার এ তোমার পাপ, একে ঘৃণা করলে চলবে না একে এড়িয়ে যাওয়া সম্ভব নয়, শেষ রাস্তা এর মার্জনায় নিজেকে নিশ্চুপে তৈরি করে তোলা—ক্ষমায়, লজ্জায়, সহমর্মিতায়। এই দায়বদ্ধতা আমারই জন্য আমার সন্ততিরই জন্য। আবহমান কাল ধরে সমস্ত ক্ষয়ক্ষতির অন্তরালে এই বোধই প্রবাহিত হয়ে আসছে আমাদের সুচেতনায় আশ্রয় পাবে বলে—

ইতিহাস খুঁড়লেই রাশি রাশি দুঃখের খনি
ভেদ ক'রে শোনা যায় শুশ্রূষার মতো শত-শত
শতজলঝর্ণার ধ্বনি। —হে হৃদয়, বেলা অবেলা কালবেলা

এভাবে জীবনানন্দের কাব্য দেহও আমার কাছে হয়ে ওঠে শতজলঝর্ণা। এর সাহচর্যেই "আমাদের বহিরাশ্রয়িতা মানবসত্তার স্পর্শে আরো "ঋত—অন্তর্দীপ্ত হয়।" —উত্তরসাময়িকী, বেলা অবেলা কালবেলা

তথ্য

১. জীবনানন্দ: উত্তরাধিকার; জার্নাল, পৃ. ১৮৬, শঙ্খ ঘোষ।

Scanned with ACE Scanner

OUR CONTRIBUTORS

PROFESSOR KAJAL SENGUPTA is a retired member of the Departments of English, Presidency College and Calcutta University. She is currently associated with the Asiatic Society, Calcutta.

SMT. SUSMITA ROY teachers in the Department of English, Vivekananda College, Thakurpukur, Calcutta.

SMT. SHREEPARNA GHOSAL teaches in the Department of English, Vidyasagar College for Women, Calcutta.

PROFESSOR MALINI BHATTACHARYA teaches in the Department of English and is Director, School of Women's Studies, Jadavpur University.

PROFESSOR SUDESHNA CHAKRABORTY teaches in the Department of English, Calcutta University.

PROFESSOR MALABIKA SARKAR teaches in the Department of English and is President, Centre for Studies in Romantic Literature.

PROFESSOR DIPENDU CHAKRABORTY teaches in the Department of English, Calcutta University.

SMT. SATI CHATTERJEE is a retired member of the Department of English, Jadavpur University.

SMT. SUKANYA SANYAL teaches in the Department of English, Vivekananda College, Thakurpukur, Calcutta.

DR. PRANATI DUTTA GUPTA teaches in the Department of English, Vivekananda College, Thakurpukur, Calcutta.

PROFESSOR SOBHA CHATTOPADHYAY teaches in the Department of English, Jadavpur University.

Scanned with ACE Scanner

Sri Subrata Haldar teaches in the Department of English, Vivekananda College, Thakurpukur, Calcutta.

Sri Rohit Roy teaches in the Department of English and Other European Languages, Visva-Bharati University, Santiniketan.

Smt. Nandini Bhattacharya teaches in the Department of English, Hooghly Mohsin College, Chinsurah.

Dr. Tapati Gupta teaches in the Department of English, Calcutta University.

Professor Visvanath Chatterjee is a retired member of the Department of English, Jadavpur University and currently Associate Editor, Bulletin of the Ramakrishna Institute of Culture, Golpark.

Dr. Alokeranjan Das Gupta is a poet and essayist, and a retired member of the Departments of Comparative Literature and Bengali, Jadavpur University. He is currently associated with Heidelberg University, Germany.

শ্রীদেবীপ্রসাদ বন্দ্যোপাধ্যায় : কবি, প্রাবন্ধিক ও অধ্যাপক (অবসরপ্রাপ্ত)

ডঃ শুভরঞ্জন দাশগুপ্ত : গবেষক, 'মানবী বিদ্যাচর্চা বিভাগ', যাদবপুর বিশ্ববিদ্যালয় ও ভূতপূর্ব গবেষক, হাইডেলবার্গ বিশ্ববিদ্যালয়।

ডঃ দেবতোষ বসু : কবি সমালোচক, অনুবাদক ও শিক্ষক (অবসরপ্রাপ্ত)

শ্রীশাশ্বত ভট্টাচার্য : অধ্যাপক, বাংলা বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির, বেলুড়মঠ।

ডঃ প্রণতি চক্রবর্তী : অধ্যাপিকা, বাংলা বিভাগ, বিবেকানন্দ কলেজ, ঠাকুরপুকুর, কলকাতা।

VIVEKANANDA COLLEGE
Day Library
Thakurpukur, Kol-63

Scanned with ACE Scanner

ERRATA

Folio Heading *Mind-Scope : A Legacy* to be read as "Mindscape - A Legacy"

Folio Heading *Political Memories in the Lyrical Ballado* to be read as "Political Memories in the 'Lyrical Ballads' "

Folio Heading *Soul in Crisis : Dorian and the Mariner* to be read as "Souls in Crisis : Dorian and the Mariner"

Folio Heading *The Idiot in Wordsworth Hardy* to be read as "The Idiot in Wordsworth and Hardy"

Folio Heading *A Farewell to Arems : The Romantic Legacy* to be read as "A Farewell to Arms : The Romantic Legacy"

Folio Heading 'A Chiaroscuro of Nature' to be read as " 'The Chiaroscuro of Nature' "

Scanned with ACE Scanner

Scanned with ACE Scanner